A) SO_3 B) $AlCl_3$ C) NH_3 D) BF_3
- ২.১১ অ্যালকেন প্রস্তুতি
127. অ্যালকেনের কার্বন শিকলের কার্বন পরমাণুতে কোন ধরনের সংকরায়ন দেখা যায়?
A) sp B) sp^3 C) sp^2 D) sp^3d
128. নিচের কোনটি সোডালাইমের সংকেত?
A) $(NaOH+CaO)$ B) Na_2CO_3+CaO
C) $NaOH$ D) কোনটিই নয়
129. কোনটি সত্য নয়?
A) ডিকার্বক্সিলেশন প্রক্রিয়ায় অ্যালকেন তৈরি হয়
B) অ্যালকেন প্যারাফিন ধর্ম প্রদর্শন করে
C) উর্টজ বিক্রিয়ায় গুঁড় ইথার প্রভাবক হিসেবে ব্যবহার হয়
D) ক্রিমেনসেন বিজারণে অ্যালকিন তৈরি হয়
130. ক্রিমেনসেন বিজারণ প্রক্রিয়ার প্রভাবক কোনটি?
A) $Zn.Hg+গাড় HCl$ B) Ni
C) গুঁড় $AlCl_3$ D) $KMnO_4$
131. কোনটি অ্যালকেনের বৈশিষ্ট্য নয়?
A) বর্ণহীন B) গন্ধহীন
C) আসক্তিহীন D) জ্বালানী
132. কয়লা থেকে মিথেন উৎপাদনে তাপমাত্রা কত?
A) 1100^0 B) 1300^0 C) 2300^0 D) 700^0
- ২.১১.১ অ্যালকিন প্রস্তুতি
133. নিচের কোনটি অ্যালকিনের নিশ্চিতকরণ পরীক্ষা?
A) Br_2 দ্রবণ B) টলেন বিকারক
C) PCl_5 দ্রবণ D) নেসলার দ্রবণ
134. অ্যালকিনের ক্ষেত্রে কোনটি সত্য নয়?
A) সাধারণ সংকেত C_nH_{2n}
B) ইলেক্ট্রোফিলিক সংযোজন বিক্রিয়া দেয়
C) অ্যালকিনে অবস্থান সমানুতা সম্ভব
D) জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে না
135. জৈব যৌগকে কতটি পদ্ধতিতে নামকরণ করা হয়?
A) 2 B) 3 C) 4 D) 5

136. $C_nH_{2n}O_{11}COOH$ কোনটির সাধারণ সংকেত?
A) অ্যালকোহল B) ইথার
C) কার্বক্সিলিক এসিড D) কিটোন
137. অ্যালকিনাইল মূলকের সাধারণ সংকেত?
A) C_nH_{2n} B) C_nH_{2n-2}
C) C_nH_{2n-1} D) C_nH_{2n+1}
138. ডাইমিথাইল মিথেন এর সংকেত কোনটি?
A) CH_3CH_3 B) CH_3-CH_3
C) $CH_3CH_2CH_3$ D) $(CH_3)_3CH$
139. বেনজিন এর ওজোনীকরণে Zn গুঁড়া ব্যবহার না করলে উৎপাদ কী হবে?
A) গ্লাইঅক্সাল B) অ্যালকোহল
C) এসিড D) অ্যালডিহাইড
140. জৈব যৌগের গলনাঙ্ক সাধারণত কত তাপমাত্রার নিচে হয়?
A) 150^0 B) 250^0 C) 350^0 D) 450^0
141. মিথানল অণুতে সমযোজী বন্ধন কয়টি?
A) 4 B) 5 C) 7 D) 8
142. ইথিলিন ক্লোরাইড — ইথিলিন, বিক্রিয়াটি কোন ধরনের?
A) অপসারণ B) বিয়োজন
C) সংশ্লেষণ D) পলিমারকরণ
143. বেনজিন → সাইক্লোহেক্সেন, বিক্রিয়াটিতে প্রভাবক কোনটি?
A) Ni B) Zn C) Cu D) Fe
- ২.১১.২ অ্যালকাইন প্রস্তুতি
144. কপার অ্যালকানাইডের লাল অধঃক্ষেপ দ্বারা নিচের কোনটি শনাক্ত করা যায়?
A) অ্যালডিহাইড B) অ্যাসিটিলিন
C) ইথিন D) অ্যালকোহল
145. নিচের কোনটি অম্লধর্মী?
A) অ্যালকিন-২ B) অ্যালকাইন-১
C) অ্যালকাইন-২ D) বেনজিন
- ২.১১.৩ অ্যালকাইল ও অ্যারাইল হ্যালাইড
146. সোয়ার্টস বিক্রিয়ায় বিকারক নয় কোনটি?
A) AgF B) Hg_2F_2 C) HgF D) AsF_3
147. অ্যালকেনের হ্যালোজেন প্রতিস্থাপন কোনটি সঠিক?
A) UV B) 25^0C
C) প্রখর সূর্যালোক D) 225^0C
148. হ্যালোজেনো অ্যালকেনের ব্যবহার নয় কোনটি?
A) ড্রাইওয়াশ B) চেতনানাশক
C) অগ্নিনির্বাপক D) ভ্যাক্সিন
- Home Practice Answer :**
1C 2B 3A 4D 5A 6A 7B 8A 9C 10B 11A 12D 13C 14A
15A 16D 17B 18D 19B 20B 21D 22C 23C 24B 25C
26C 27A 28D 29D 30D 31A 32D 33A 34B 35C 36C
37C 38C 39A 40C 41B 42C 43A 44D 45A 46C 47C
48A 49C 50B 51C 52D 53A 54B 55B 56D 57C 58A
59D 60A 61A 62A 63B 64B 65C 66C 67B 68B 69B
70B 71A 72A 73A 74A 75A 76C 77D 78B 79D 80D
81B 81C 82B 83C 85C 86D 87D 88D 89C 90C 91D
92B 93C 94D 95B 96C 97A 98C 99A 100A 101B 102D
103B 104B 105A 106C 107A 108B 109C 110D 111B
112D 113A 114C 115B 116C 117B 118C 119C 120D
121A 122B 123B 124C 125C 126C 127B 128A 129D
130A 131A 132B 133A 134D 135B 136C 137C 138D
139C 140C 142C 143A 143A 144B 145B 146C 147A
148D

Home Exam-21

- প্রাণশক্তি মতবাদ কে প্রদান করেন ?
A) উইলার B) বার্জেলিয়াস
C) শীলে D) লুইস
- জৈব রসায়নের জনক কে ?
A) লুইস B) পলিং
C) উইলার D) বার্জেলিয়াস
- নিচের কোন বিন্যাসের মাধ্যমে প্রথম জৈব যৌগ তৈরি হয়েছিল ?
A) প্রতিস্থাপন B) পূর্ণবিন্যাস
C) সংযোগ D) অপসারণ
- বর্তমান জৈব যৌগের সংখ্যা কয়টি ?
A) 80 হাজার B) এক লাখ
C) 80 লাখ D) 8 লাখ
- নিচের কোনটি জৈব যৌগের প্রাচুর্যতার কারণ নয় ?
A) ক্যাটেনেশন B) সমাগুতা
C) পলিমারকরণ D) গলনাঙ্ক বেশি
- কার্বনের তড়িৎ ঋণাত্মকতার মান কত ?
A) 2.1 B) 2.5
C) 2.4 D) 3.5
- নিচের কোনটি ফুলারিনস নয় ?
A) C₇₅ B) C₃₂
C) C₅₀ D) C₆₀
- কার্বনের পারমাণবিক ব্যাসার্ধ কত ?
A) 0.077nm B) 0.077pm
C) 0.077Å D) 0.077μm
- প্রথম উৎপাদিত জৈব যৌগ কোনটি ?
A) Pb(CNO)₂ B) NH₄CNO
C) (NH₂)₂CO D) NH₄COONH₂
- ইথিন এ s এর বৈশিষ্ট্য কত ?
A) 25% B) 66.67%
C) 33.33% D) 75%
- নিচের কোনটি মিথ্যা ?
A) জৈব যৌগ পোলার দ্রাবকে অদ্রবণীয়
B) জৈব যৌগ পোলার দ্রাবকে দ্রবণীয়
C) দহনের পর অবশেষ থাকে
D) বিক্রিয়া কৌশল জটিল
- নিচের কোনটি কম সক্রিয় ?
A) সালফোনিক এসিড B) হ্যালাইড
C) এসিড অ্যামাইড D) নাইট্রাইল
- থায়োফিন এ নিচের কোন মূলকটি বিদ্যমান ?
A) -O- B) S
C) N D) -NH
- সমযোজী বন্ধন ব্যাখ্যার জন্য কয়টি তত্ত্ব রয়েছে ?
A) 3 B) 4
C) 2 D) 1
- সমযোজী বন্ধনের ইলেকট্রনীয় মতবাদ কে দেন ?
A) পলিং B) উইলার
C) বার্জেলিয়াস D) লুইস
- ইথেন অণুতে সমযোজী বন্ধন কতটি ?
A) 5 B) 6
C) 7 D) 8
- নিচের কোনটি ভিন্ন ?
A) এনানসিওমর্ফ B) এন্টিপড
C) এন্টিমার D) রেসেম অ্যাটস
- অরবিটাল সংকরণ বা হাইব্রিডাইজেশন মতবাদ কে প্রদান করেন ?
A) বার্জেলিয়াস B) পলিং
C) লুইস D) উইলার
- SP³ সংকরণে C-H বন্ধন দূরত্ব কত ?
A) .106 nm B) .110 nm
C) .109 nm D) .105 nm
- ইথিনের আকৃতি কেমন ?
A) চতুস্তলকীয় B) ত্রিভুজাকার
C) সমতলীয় ট্রাইগোনাল D) সরলরেখিক
- মধ্যম তৈলের শতকরা পরিমাণ কত ?
A) 5% B) 57.5%
C) 10% D) 7.5%
- C_nH_{2n-2} কোনটির সাধারণ সংকেত নয় ?
A) অ্যালকাইন B) সাইক্লোঅ্যালকেন
C) সাইক্লোঅ্যালকিন D) ডাই-ইন
- চর্বির এসিড কোনটি ?
A) প্রোপায়োনিক এসিড B) বিউটারিক এসিড
C) অ্যাসিটিক এসিড D) ফরমিক এসিড
- আইসোনাইট্রাইল মূলক কোনটি ?
A) -CONH₂ B) -COH
C) -CN D) -N=C
- জৈব যৌগের নামকরণের অংশ নয় কোনটি ?
A) উপপদ B) শব্দমূল
C) পরপদ D) পূর্বপদ
- নিচের কোন গ্যাস সহজে জ্বলে ?
A) ইথেন B) ফরমিক এসিড
C) বিউটেন D) প্রোপেন
- ক্যাটেনার উৎপত্তি কোন শব্দ থেকে ?
A) গ্রীক B) ল্যাটিন
C) স্প্যানিশ D) ইটালিয়
- অ্যানথ্রাসিন এর ক্ষেত্রে হাকেল সংখ্যা কত ?
A) 12 B) 10
C) 14 D) 6
- নিচের কোনটি অ্যারোমেটিক নয় ?
A) থায়োফিন B) পিরিডিন
C) সাইক্লোপ্রোপিন D) সাইক্লোপ্রোপিনাইল ক্যাটায়ন
- কত তাপমাত্রায় মেটা নাইট্রেট তৈরি হয় ?
A) 60°C B) 100°C
C) 95°C D) 110°C
- সালফোনেশনের ক্ষেত্রে ইলেকট্রোফাইল কোনটি ?
A) HSO₄⁻ B) H₂O
C) পোলার SO₃ D) H₂SO₄
- বেনজিনের ওজোনীকরণে কি তৈরি হয় ?
A) গ্লাইঅক্সাল B) গ্যামাক্সিন
C) ফিনাইল ক্লোরাইড D) অ্যাসিটোন
- বেনজিন C-C বন্ধন দূরত্ব কত ?
A) 0.154 nm B) 0.139 nm
C) 0.139 nm D) 0.110 nm

34. যাকি বল নিচের কোনটি ?
 A) C_{32} B) C_{50}
 C) C_{60} D) C_{70}
35. বেনজিনের ক্ষুটনাঙ্ক কত ?
 A) $78.4^{\circ}C$ B) $80^{\circ}C$
 C) $80.4^{\circ}C$ D) $81^{\circ}C$
36. হ্যালোজেনেশন এর ক্ষেত্রে বিকারক কোনটি ?
 A) $AlCl_3$ B) Cl_2
 C) $FeBr_3$ D) HNO_3
37. নাইট্রেশনের ক্ষেত্রে ইলেকট্রোফাইল কোনটি ?
 A) HNO_3 B) H_2SO_4
 C) NO_2^- D) HNO_3^-
38. ওজোন সংযোজনে প্রভাবক কোনটি ?
 A) Ni B) CCl_4
 C) O_3 D) Br_2
39. বেনজিন কোন বিক্রিয়া দেয় ?
 A) অপসারণ
 B) ফ্রি রেডিকেল
 C) ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন
 D) নিউক্লিওফিলিক প্রতিস্থাপন
40. নিচের কোনটি অ্যালিসাইক্লিক নয় ?
 A) সাইক্লোপেন B) সাইক্লোবিউটেন
 C) সাইক্লোহেক্সেন D) ইপোক্সিইথেন
41. সোডালাইমের সংকেত কী ?
 A) Na_2CO_3 B) $NaOH(CaO)$
 C) $CaCO_3$ D) $Ca(OH)_2$
42. নিচের কোনটি ভারী তৈলের উপাদান ?
 A) অ্যানথ্রাসিন B) ফিনানথ্রিন
 C) ফেনল D) কুইনোলিন
43. নিচের কোনটি ক্ষার জাতীয় নয় ?
 A) অ্যানিলিন B) ফেনল
 C) পিরিডিন D) থায়োফিন
44. 10 কার্বন বিশিষ্ট চেইনের কতটি বিন্যাস সম্ভব ?
 A) 10 B) 65
 C) 75 D) 9
45. গ্লুকোজের সমাগু (আলোক) কয়টি ?
 A) 4 B) 16
 C) 24 D) 32
46. নিচের কোন সমাগু প্রোটিন সংশ্লেষণে ব্যবহৃত হয় ?
 A) I-অ্যালানিন B) D-অ্যালানিন
 C) I-গ্লুকোজ D) D-গ্লুকোজ
47. d গ্লুকোজ আলোক রশ্মিকে কত কোণে ঘুরায় ?
 A) $+2.24^{\circ}$ B) -2.24°
 C) $+52.3^{\circ}$ D) -52.3°
48. মাংসপেশীতে পাওয়া যায় কোনটি ?
 A) d-গ্লুকোজ B) d-ল্যাকটিক এসিড
 C) I-গ্লুকোজ D) I-ল্যাকটিক এসিড
49. ট্রান্স সমাগুর ক্ষেত্রে কোনটি সত্য ?
 A) গলনাঙ্ক বেশী B) অভ্যন্তরীণ শক্তি বেশী
 C) দহনতাপ বেশী D) দ্রাব্যতা বেশী
50. কত তাপমাত্রায় ম্যালয়েিক অ্যানহাইড্রাইড গঠিত হয় ?
 A) $135^{\circ}C$ B) $287^{\circ}C$
 C) $160^{\circ}C$ D) $184^{\circ}C$
51. অ্যাসিটোন এর ক্ষুটনাঙ্ক কত ?
 A) $48.8^{\circ}C$ B) $56^{\circ}C$
 C) $78.3^{\circ}C$ D) $-25^{\circ}C$
52. ডাইমিথাইল কার্বিনল এর সংকেত ?
 A) $CH_3CH_2CH_2OH$ B) CH_3CH_2OH
 C) $(CH_3)_2CHOH$ D) $(CH_3)_3COH$
53. দ্বিবন্ধন ও ত্রিবন্ধন যুক্ত মূলকে কোন বিক্রিয়া ঘটে ?
 A) প্রতিস্থাপন B) অপসারণ
 C) সংযোজন D) বিজারণ
54. আমাদের চোখের রেটিনার বিদ্যমান রেটিন্যাল কত কার্বন বিশিষ্ট ?
 A) 12 B) 15
 C) 10 D) 5
55. ফিউমারিক এসিডের গলনাঙ্ক কত ?
 A) $160^{\circ}C$ B) $135^{\circ}C$
 C) $287^{\circ}C$ D) $120^{\circ}C$
56. ইথানল ও ডাইমিথাইল ইথার এ কোন সমাগুতা দেখা যায় ?
 A) মেটামারিজম B) টটোমারিজম
 C) কার্যকরীমূলক D) চেইন
57. এসিড অ্যামাইড এর কার্যকরী মূলক কোনটি ?
 A) $-COOH$ B) $-COX$
 C) $-CONH_2$ D) $-NH_2$
58. ভারী তৈলের আপেক্ষিক গুরুত্ব কত ?
 A) 0.97 B) 1.003
 C) 1.03 D) 1.005
59. অ্যারোমেটিক যৌগের প্রধান উৎস কী ?
 A) পিচ B) মধ্যম তৈল
 C) কোক কার্বন D) পেট্রোলিয়াম
60. 99% বিশুদ্ধ বেনজিন পাওয়া যায় কোন তাপমাত্রায় ?
 A) $70^{\circ}-110^{\circ}C$ B) $108^{\circ}-110^{\circ}C$
 C) $110^{\circ}-140^{\circ}C$ D) $80^{\circ}-82^{\circ}C$
61. বেনজিন সংযোজন বিক্রিয়া কোন মেকানিজমে ঘটে ?
 A) প্রতিস্থাপন B) ফ্রি রেডিক্যাল
 C) ইলেকট্রোফিলিক D) নিউক্লিওফিলিক
62. নিচের কোন যৌগে নিউক্লিওফিলিক প্রতিস্থাপন ঘটে ?
 A) $R-CHO$ B) $R-COOH$
 C) $R-OH$ D) $R-X$
63. অজৈব যৌগ নামকরণ করেন কে ?
 A) পলিং B) লুইস
 C) বার্জেলিয়াস D) উহলার
64. নিচের কোনটি সমগোত্রক এর ক্ষেত্রে সঠিক নয় ?
 A) সাধারণ সংকেত B) সাধারণ প্রস্তুত পদ্ধতি
 C) ধর্মে বৈসাদৃশ্য D) নির্দিষ্ট কার্যকরীমূলক
65. গতিশীল কার্যকরী মূলক সমাগুতা কোনটি ?
 A) মেটামারিজম B) চেইন
 C) কার্যকরী মূলক D) টটোমারিজম
66. জ্যামিতিক সমাগুতার শর্ত কোনটি ?
 A) সরল জৈব যৌগ B) প্রতিস্থাপিত অ্যালকিন
 C) অপ্রতিস্থাপিত অ্যালকিন D) হাকেল নিয়ম সমর্থন
67. কোন তাপমাত্রা পর্যন্ত ভারী তৈল পাওয়া যায় ?
 A) 170° B) $171^{\circ}-230^{\circ}$
 C) $231^{\circ}-270^{\circ}$ D) $271^{\circ}-400^{\circ}C$
68. ফিউরানের সংঘরণশীল ইলেকট্রন-
 A) 2 B) 4
 C) 6 D) 10

69. বেনজিনের ওজোনীকরণে কোনটি পাওয়া যায় ?
 A) গ্যামাক্সিন B) গ্রাইঅক্সাল
 C) বেনজ্যামাইড D) বেনজিন হেক্সাক্লোরাইড
70. ফেনল থেকে বেনজিন তৈরিতে কোন প্রভাবক ব্যবহৃত হয় ?
 A) Ni B) Zn
 C) H₂ D) Pt
71. কোন তাপমাত্রায় নাইট্রেশন হয় ?
 A) 100°C B) 60°C
 C) 160°C D) 90°C
72. মিথানলের স্ফুটনাঙ্ক কত ?
 A) 121°C B) 56°C
 C) 65°C D) 801°C
73. কার্বনের বন্ধন শক্তির মান কত ?
 A) 327 KJ/mol B) 247 KJ/mol
 C) 163 KJ/mol D) 347 KJ/mol
74. ডাইস্টেরিওমারায়ের কোন ধর্মে পার্থক্য থাকে না ?
 A) গলনাঙ্ক B) স্ফুটনাঙ্ক
 C) প্রতিসরাঙ্ক D) ঘনত্ব
75. কত তাপমাত্রায় অ্যাসিটিলিন থেকে বেনজিন তৈরি হয় ?
 A) 250°F B) 350°C
 C) 450°C D) 550°F
76. অ্যালিফেটিক শব্দের অর্থ কী ?
 A) উদ্ভিদজাত B) চর্বিজাত
 C) অ্যালকোহলজাত D) প্রোটিনজাত
77. নিচের কোনটি হেটারো যৌগ নয় ?
 A) N B) O
 C) S D) C
78. গাঠনিক সমাণুতা কতভাবে বিভক্ত ?
 A) 3 B) 4
 C) 5 D) 6
79. সিস সমাণুর ক্ষেত্রে কোনটি কম ?
 A) গলনাঙ্ক B) স্ফুটনাঙ্ক
 C) দ্রাব্যতা D) ঘনত্ব
80. হাইপারকনজুগেশনের ধারণা পদান করেন কে ?
 A) শীরে B) পলিং
 C) মুলিকেন D) লিনাস
81. কত তাপমাত্রায় বেনজিনের কঠিন কেলাস পাওয়া যায় ?
 A) 5°C B) 5.4°F
 C) 5.4°C D) 6.5°F
82. নিচের কোনটি নিরপেক্ষ নয় ?
 A) বেনজিন B) টলুইন
 C) জাইলিন D) অ্যানিলিন
83. পলিনিউক্লিয়ার অ্যারোমেটিক হাইড্রোকার্বন নিম্নের কোনটি ?
 A) বেনজিন B) টলুইন
 C) জাইলিন D) অ্যানথ্রাসিন
84. ২-অক্সাপেন্টান ও ৩-অক্সাপেন্টান এ কোন সমাণুতা দেখা যায় ?
 A) কার্যকরী মূলক B) টটোমারিজম
 C) শিকল D) মেটামারিজম
85. কত তাপমাত্রায় ডায়াজোনিয়াম লবণ গঠিত হয় ?
 A) 0°-10°C B) 0°-5°C
 C) -5°-5°C D) 1°-2°C
86. থায়োফিনের গলনাঙ্ক কত ?
 A) 80°C B) 80.4°C
 C) 82°C D) 85°C
87. ওফনলের জলীয় দ্রবণ কী নামে পরিচিত ?
 A) কার্বলিক এসিড B) কার্বলিক এসিড
 C) ইথানয়িক এসিড D) অ্যালকক্সি যৌগ
88. এস্টার মূলক কোনটি ?
 A) -COOH B) -COOR
 C) -CN D) -COX
89. টলুইনের কয়টি সমাণু সম্ভব ?
 A) 2 B) 3
 C) 1 D) 4
90. ফিডল ক্রাফট অ্যালকাইনেশনে প্রভাবক হিসেবে কোনটি ব্যবহার করা যায় না ?
 A) AlCl₃ (অনার্ধ) B) FeCl₃
 C) BF₃ D) SiCl₄
91. নিচের কোনটি অম্লধর্মীতা প্রদর্শন করে ?
 A) ইথেন B) ইথিন
 C) অ্যালকাইন-১ D) অ্যালকিন--১
92. পিরিডিন এর সংকেত কী ?
 A) C₄H₄N B) C₅H₅N
 C) C₄H₄S D) C₄H₅N
93. সবচেয়ে স্থিতিশীল ও সরল অ্যারোমেটিক যৌগ কোনটি ?
 A) ফেনল B) টলুইন
 C) জাইলিন D) বেনজিন
94. জৈব যৌগের বৈশিষ্ট্য নয় কোনটি ?
 A) সমযোজী B) অনুঘাতী
 C) অদ্রবণীয় (পানিতে) D) দহনযোগ্য
95. অক্সালিক এসিডের গলনাঙ্ক কত ?
 A) 80°C B) 100°C
 C) 101°C D) 65°C
96. নিচের কোন যৌগে একটি হাইড্রক্সিল ও একটি কার্বোক্সিল মূলক আছে ?
 A) অক্সালিক এসিড B) ল্যাকটিক এসিড
 C) টারটারিক এসিড D) ইথানোয়িক এসিড
97. একটি কার্বনে কোন হাইড্রোজেন না থাকলে বলা হয়-
 A) n- B) iso-
 C) neo- D) tert-
98. অ্যারোমেটিক হাইড্রক্সি যৌগ কোন ধর্মের ?
 A) ক্ষারীয় B) নিরপেক্ষ
 C) প্রশম D) অম্লীয়
99. অ্যাসাইলেশন কয় ধাপে সম্পন্ন হয় ?
 A) 2 B) 3
 C) 4 D) 1
100. বেনজিন কোন বিক্রিয়া দেয় না ?
 A) সংযোজন B) প্রতিস্থাপন
 C) বিজারণ D) ডাইফিনাইল গঠন

জৈব রসায়ন (২.১-২.১১.৩)

২.০.১ জৈব যৌগ ও প্রাণ শক্তির মতবাদ	1,2,3,6,3
২.০.২ জৈব যৌগ গঠনে কার্বন মৌলের বিশিষ্টতা	4,5,6,7,8,9,27,34
২.০.৩ জৈব যৌগ ও অজৈব যৌগের পার্থক্য	11
২.১ জৈব যৌগের শ্রেণী বিভাগ	13,29,40,92
২.১.২ সমযোজী বন্ধনের ইলেকট্রনীয় তত্ত্ব	14,15,16,18
২.১.৮ ইথেন, ইথিন ও ইথাইন অণুর গঠন বন্ধন কোণ	10,19,20
২.২ সমগোত্রীয় শ্রেণী	64
২.৩ কার্যকরীমূলক	57
২.৪ কার্যকরীমূলকের ভিত্তিতে জৈব যৌগের শ্রেণী চিহ্নিত করণ	24
২.৫ জৈব যৌগের নাম করণ	12,22,25,97
২.৬ জৈব যৌগের সমাপূতা	56,65
২.৬.১ জ্যামিতিক সমাপূতা	51,52,79,84
২.৬.২ জ্যামিতিক সমাপূতার ব্যাখ্যা	49,50,54,55,66
২.৬.৩ আলোক সক্রিয় সমাপূতা	45,46,47,48,89
২.৬.৪ আলোক সক্রিয় সমাপূতার ব্যাখ্যা	74
২.৭ জৈব যৌগের সংকেত থেকে গাঠনিক সমাপূ সংখ্যা নির্ণয়	44
২.৮ অ্যারোমেটিক হাইড্রোকার্বন	21,33,42,43,58,59,60,67,86,93,98,100
২.৮.২ বেনজিন প্রস্থিতি	30,32,41,75,81
২.৮.৪ অ্যারোমেটিক হাইড্রোকার্বনের বিক্রিয়া	69,70,71,75
২.৮.৫ অ্যারোমেটিসিটি	28,35,68,82,83
২.৯ অ্যালিফেটিক ও অ্যারোমেটিক যৌগের পার্থক্য	76,94
২.১০.১ সংযোজন বিক্রিয়া	31,36,38,53,73,90,99
২.১০.২ প্রতিস্থাপন বিক্রিয়া	37,39,62
২.১১ অ্যালকেন প্রস্থিতি	26
২.১১.২ প্রতিস্থাপন বিক্রিয়া	91

Home Exam Answer :

1B 2C 3B 4C 5D 6B 7A 8A 9C 10C 11C 12D 13A 14C 15D 16C 17D 18B 19B 20C 21D 22B 23A 24D 25D
 26A 27B 28C 29C 30B 31C 32A 33C 34C 35C 36B 37C 38B 39C 40D 41B 42D 43B 44C 45B 46A 47C 48B
 49A 50C 51B 52C 53C 54B 55C 56C 57C 58C 59D 60D 61B 62D 63C 64C 65D 66B 67D 68C 69B 70B 71B
 72C 73D 74C 75C 76B 77D 78D 79A 80C 81C 82D 83D 84D 85B 86A 87B 88B 89B 90D 91C 92B 93D 94B
 95C 96B 97C 98D 99B 100C

We Rise By Lifting Others

বিডিনিয়োগ.কম

চাল যদি পেতে চাও
TEXT BOOK
হাতে নাও।

CHEMISTRY সহায়ক নোট 22

TOPIC

জৈব রসায়ন (২.১১.৪-২.২২)

Concept & Creation : Dr. Jony

মেডিকেল
ভার্সিটি
সম্মিলিত জাতীয় প্রতিষ্ঠান

বিজ্ঞানদর্শন.কম

মূল বই ভিত্তিক

Exclusive
Program

২০১৯ সালের মেডিকেল ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুকদের

চাল পেতে সবচেয়ে কার্যকরী পদক্ষেপ

মেডিকেল ভর্তি পরীক্ষায় বিগত বছরগুলোতে প্রতিটি প্রশ্নই এইচ.এস.সির মূল বই (Text Book) থেকে হয়েছে। তাই ভর্তি পরীক্ষায় প্রত্যাশিত সাফল্য পেতে হলে একজন শিক্ষার্থীকে অবশ্যই জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞানের মূল বই ভালভাবে বুঝে পড়তে হবে। এর পাশাপাশি ইংরেজী ও সাধারণ জ্ঞান নিয়মিত অনুশীলন করতে হবে।

এই প্রেক্ষাপটে মেডিকোর পরিকল্পনা

শুরু থেকেই প্রতিটি বিষয়ের মূল বইকে প্রাধান্য দিয়ে মেডিকেল ভর্তি পরীক্ষার জন্য শিক্ষার্থীদেরকে সঠিকভাবে তিন ধাপে প্রস্তুত করা হবে।

১

মেডিকোর ক্লাস (মূল বই ভিত্তিক)

[বই দাগানো, টপিক বিস্তারিত বুঝিয়ে পড়ানো, মনে রাখার ভিন্নধর্মী টেকনিক বলে দেয়া, মৌখিক পরীক্ষা]

২

শিক্ষার্থী বাসায় পড়বে

[লেকচার অনুযায়ী মূল বই ভাল করে পড়তে হবে। এরপর সহায়ক নোট থেকে অন্যান্য লেখকের অতিরিক্ত তথ্য পড়তে হবে। একটি অধ্যায়ের প্রতিটি টপিক শেষ করে সহায়ক নোটের হোম প্র্যাকটিস অংশ থেকে প্রশ্নের সমাধান করবে। এরপর সহায়ক নোট থেকে বিভিন্ন লেখকের বইয়ের অনুশীলনীর প্রশ্ন সমাধান করবে। কমপ্লিট হয়ে গেলে ৩০ মিনিট সময় নিয়ে ঐ লেকচারের উপর ১০০ নাম্বারের হোম এক্সাম দিতে হবে। সবশেষে মেডিকোর বই থেকে সাধারণ জ্ঞান ও ইংরেজী অংশ পড়বে।

৩

মেডিকোর প্রতিটি পরীক্ষায় অংশগ্রহণ

মেডিকোর 'সহায়ক নোট' এর উদ্দেশ্য

ক্লাস টিচারের লেকচারের পর এই 'সহায়ক নোট' বিভিন্নভাবে শিক্ষার্থীর প্রস্তুতি সুদৃঢ় করবে।

- ✓ এই নোটে বিভিন্ন অধ্যায়ের গুরুত্বপূর্ণ অংশ উল্লেখ করা হয়েছে যা দেখে ভালভাবে রিভিশন দেয়া সম্ভব।
- ✓ যেহেতু বিভিন্ন বিষয়ের একাধিক লেখকের সবগুলো বই পড়া কঠিন ও সময় সাপেক্ষ, তাই এই নোটে অধ্যায়ভিত্তিক অন্যান্য লেখকের অতিরিক্ত তথ্য সমন্বয় করা হয়েছে।
- ✓ বিভিন্ন বইয়ের তথ্যের মধ্যে ভিন্নতা থাকলে সেগুলো ছক করে দেয়া আছে, যাতে মনে রাখা সহজ হয়।
- ✓ একটি অধ্যায় ভালভাবে পড়া শেষ করে বাসায় অনুশীলনের জন্য নমুনা প্রশ্ন [Home Practice & Home Exam] রয়েছে।

□

মূল বইয়ের পাশাপাশি প্রতিটি বিষয়ের অধ্যায়ভিত্তিক 'সহায়ক নোট' একজন শিক্ষার্থীর চাল পাওয়া আরও সহজতর করবে।

☑ যেভাবে পড়বে >

ভর্তি পরীক্ষায় অবশ্যই এই অধ্যায় থেকে প্রশ্ন থাকবে। মেডিকোর লেকচার অনুযায়ী হাজারী স্যারের বই ভাল করে পড়বে। এরপর সম্ভব হলে সহায়ক নোট থেকে অন্যান্য বইয়ের অতিরিক্ত তথ্য পড়তে পার।

☑ গুরুত্বপূর্ণ টপিক >

◇ হাজারী স্যারের বই থেকে :

গ্রেড-১ : এক আণবিক ও দ্বি আণবিক প্রতিস্থাপন বিক্রিয়ার বৈশিষ্ট্য ও তুলনা(২.১০.২), বেনজিন বলয় সক্রিয়কারী ও নিষ্ক্রিয়কারী মূলক(২.১০.৫), অ্যালকোহলের শ্রেণীবিভাগ-উদাহরণ(২.১১.৪), মিথানল প্রস্তুতি-ইথানল প্রস্তুতি-জেনে নাও(২.১১.৪), লুকাস বিকারকসহ পরীক্ষা(২.১১.৪), অ্যামিনের ক্ষেত্রে Kb এর মান(২.১১.৬), অ্যালডিহাইড-কিটোনের ব্যবহার(২.১১.৭), অ্যালডিহাইড-কিটোনের পার্থক্যকরণ পরীক্ষা(২.১১.৭), ফ্যাটি এসিডের নাম ও সংকেত(২.১১.৮), ফল ও ফুলের এস্টারের নাম(২.১১.৮)

গ্রেড-২ : প্রতিস্থাপন ও অপসারণ বিক্রিয়ার তুলনা(২.১০.৩), সোয়ার্টস বিক্রিয়া-স্যাণ্ডমেরার বিক্রিয়া(২.১১.৩), খ্রিগনার্ড বিকারক থেকে অ্যালকোহল প্রস্তুতি(২.১১.৪), বোল্ড লাইন(২.১১.৬), অবশিষ্ট সবগুলো শনাক্তকারী পরীক্ষা(পৃঃ ১৭৭-২৫৪)

গ্রেড-৩ : টলুইন ও ফেনলের বিক্রিয়া (২.১০.৫), অ্যালকেনের সাধারণ প্রস্তুতি(২.১১.১), অ্যাসিটিলিন প্রস্তুতি(২.১১.২), অ্যালকাইনের শনাক্তকারী বিক্রিয়া(২.১১.২), অ্যামাইডের সবকিছু(২.১১.১০)

◇ সঞ্জিত স্যারের বই থেকে :

গ্রেড-১ : ইনডাকটিভ, ইলেকট্রোমারিক, মেসোমারিক প্রভাবের বৈশিষ্ট্য(২.১০.১), SN1-SN2 বিক্রিয়ার বৈশিষ্ট্য(২.১১.২)

গ্রেড-২ : জৈব বিক্রিয়ার শ্রেণীবিভাগ-সংগা(২.১০.৪), মনে রাখবে(সবগুলো বস্তু), ডিডিটি(২.১২.৫), ক্যানিজারো বিক্রিয়া(২.১২.৮), কার্বিক্সিলিক এসিডের সাধারণ প্রস্তুতি(২.১২.১০), অ্যারোমেটিক মনোক্যার্বিক্সিলিক এসিড তৈরি(২.১২.১০)

◇ কবির স্যারের বই থেকে :

গ্রেড-১ : সারণি ২.২, সারণি ২.৫, সারণি ২.৭, সারণি ২.৮, সারণি ২.৯, অ্যালিফেটিক ও অ্যারোমেটিক যৌগের পার্থক্য
গ্রেড-২ : আলোক সমাপ্ততার শর্ত(২.৬.২)

Class Note

○ অ্যালকোহল :

সমানুতা : (অবচেতন কাজ) ১. অবস্থান ২. চেইন ৩. কার্যকরী মূলক সমানুতা

প্রস্তুতি : কার্বনিল যৌগ হতে :

অ্যালডিহাইড $\xrightarrow{\text{বিজারণ}}$ 1^0 অ্যালকোহল।

কিটোন $\xrightarrow{\text{বিজারণ}}$ 2^0 অ্যালকোহল।

• গ্রিগনার্ড বিকারক হতে : (RMgX) :

RMgX + ফরম্যালডিহাইড $\rightarrow 1^0$ অ্যালকোহল

RMgX + ফরম্যালডিহাইড বাদে অন্য সব অ্যালডিহাইড $\rightarrow 2^0$

RMgX + কিটোন $\rightarrow 3^0$

○ অ্যামিন :

প্রস্তুতি :

1. হফম্যান ক্ষুদ্রাংশকরণ বিক্রিয়া : প্রাইমারি অ্যামিন উৎপন্ন হয়।

2. বিজারণ : নাইট্রাইল $\rightarrow 1^0$ অ্যামিন ; আইসোনাইট্রাইল $\rightarrow 2^0$ অ্যামিন

○ অ্যালডিহাইড ও কিটোন :

প্রস্তুতি :

১. অ্যালকোহলের জারণ থেকে :

1^0 অ্যালকোহল \rightarrow অ্যালডিহাইড

2^0 অ্যালকোহল \rightarrow কিটোন

২. রোজেনমুন্ড বিজারণ :

আংশিক বিজারণ \rightarrow অ্যালডিহাইড ; পূর্ণ বিজারণ \rightarrow অ্যালকোহল ; প্রস্তুত করা যায় না \rightarrow ফরম্যালডিহাইড ও কিটোন

প-প্রভাবক \rightarrow প্যালাডিয়াম (Pd) ব-প্রভাবক বিষ \rightarrow বোরিয়াম সালফেট ($BaSO_4$)

○ গুরুত্বপূর্ণ তথ্য :

• অ্যালকোহল $\xrightarrow[\text{জারণ}]{[O]}$ অ্যালডিহাইড $\xrightarrow[\text{জারণ}]{[O]}$ কার্বক্সিলিক

• কার্বক্সিলিক $\xrightarrow[\text{বিজারণ}]{[H]}$ অ্যালডিহাইড $\xrightarrow[\text{বিজারণ}]{[H]}$ অ্যালকোহল

ফ্রিডেল ক্রাফট অ্যালকাইলেশন \rightarrow প্রভাবক : অনর্দ্র/শুষ্ক $AlCl_3$

ফ্রিডেল ক্রাফট অ্যাসাইলেশন

বেনজিনের দ্বি-প্রতিস্থাপিত যৌগের সমাগু সম্ভব-৩টি

রেকটিফাইড স্পিরিট	95.6% ইথানল + 4.4% পানি
ক্রফ স্পিরিট	57.1% ইথানল + 42.9% পানি
উড স্পিরিট	98% মিথানল + 1-2% অ্যাসিটোন

শনাক্তকারী বিক্রিয়াসমূহ :

অ্যালকোহল :

1. ধাতব Na সহ পরীক্ষা : H_2 উৎপন্ন হয়।

2. PCl_5 সহ পরীক্ষা : HCl গ্যাস উৎপন্ন হয়। NH_4Cl এর সাদা ধোয়ার সৃষ্টি হবে।

3. মিথানল শনাক্তকরণ : মিথাইল স্যালিসাইলেটের আয়োডোফরম মত গন্ধ।

4. ইথানল শনাক্তকরণ : হ্যালোফরম/আয়োডোফরম পরীক্ষা : হলুদ বর্ণ।

$1^0/2^0/3^0$ অ্যালকোহলের পার্থক্য :

• লুকাস বিকারক পরীক্ষা :

$3^0 \rightarrow$ সাথে সাথেই বিক্রিয়া করে, 'সাদা অধঃক্ষেপ' সৃষ্টি। $2^0 \rightarrow 5-10$ মিনিটে অধঃক্ষেপ দেয়। $1^0 \rightarrow$ কক্ষতাপমাত্রায় বিক্রিয়া করে না।

• গাঢ় HCl ও অনর্দ্র $ZnCl_2$ এর দ্রবণকে লুকাস বিকারক বলা হয়।

⊙ অ্যালকোহল ও ইথারের মধ্যে পার্থক্যকারী বিক্রিয়া :

অ্যালকোহল : PCl_5 এর সাথে বিক্রিয়ায় HCl উৎপন্ন করে। ইথার : PCl_5 এর সাথে বিক্রিয়ায় HCl উৎপন্ন করে না।

⊙ অ্যামিন :

1. কার্বিল অ্যামিন পরীক্ষা : প্রাইমারি অ্যামিন শনাক্তকরণ।

উন্ন গন্ধযুক্ত আইসো সায়ানাইড বা কার্বিল অ্যামিন উৎপন্ন হয়।

2. ক্রোরোফরম শনাক্তকরণ।

$1^0/2^0/3^0$ অ্যামিন শনাক্তকরণ :

নাইট্রোস এসিডের (HNO_2) সাথে বিক্রিয়ায়-

$3^0 \rightarrow$ বুদ্ধবুদ্ধসহ N_2 গ্যাস ও অ্যালকোহল। $2^0 \rightarrow$ হলুদ বর্ণের তৈলাক্ত নাইট্রোসো অ্যামিন

$1^0 \rightarrow$ ট্রাই মিথাইল অ্যামোনিয়াম নাইট্রোট লবণ উৎপন্ন হয়।

⊙ অ্যালডিহাইড ও কিটোন শনাক্তকরণ

কার্বিল মূলক শনাক্তকরণ :

2:4 ডাইনাইট্রোফিনাইল হাইড্রাজিন (2 : 4-DNA) : হলুদ, কমলা বর্ণের অধঃক্ষেপ সৃষ্টি।

অ্যালডিহাইড ও কিটোনের পার্থক্যকরণ :

1. টলেন বিকারক : চকচকে সিলভার দর্পণ সৃষ্টি হয়। (ট-ব : টলেন বিকারক নিজে বর্ণহীন)

2. ফেলিং দ্রবণ : Cu_2O এর লালচে অধঃক্ষেপ। (ফে-নী : ফেলিং দ্রবণ নিজে গাঢ় নীল বর্ণের)

• উভয় বিক্রিয়া-অ্যালডিহাইড দেয়, কিটোন দেয় না।

⊙ কার্বক্সিলিক এসিড শনাক্তকরণ :

1. লিটমাস পরীক্ষা : অ-নী-লা (অম্ল নীল লিটমাসকে লাল করে।)

2. $NaHCO_3$ পরীক্ষা : বুদ্ধবুদ্ধসহ CO_2 উৎপন্ন হয় এবং চূনের পানিকে ঘোলা করে।)

⊙ এস্টার শনাক্তকরণ : ফেরিক হাইড্রাসিড পরীক্ষা : 'লালচে-বাদামি' বর্ণের দ্রবণ উৎপন্ন হয়।

⊙ অ্যামাইডের শনাক্তকরণ : 'পঁচা মাছের' গন্ধযুক্ত অ্যামিন/কাঁকালো NH_3 উৎপন্ন।

শনাক্তকরণ	ফলাফল	পরীক্ষা
১. হ্যালোজেন (X)	অধঃক্ষেপ	NH_4OH দ্রবণে দ্রবণীয়তা
Cl	সাদা	সহজে দ্রবণীয়
Br	হালকা হলুদ	অল্প দ্রবণীয়
I	হলুদ	অদ্রবণীয়
২. অ্যালকোহল (OH)	বুদ্ধবুদ্ধ আকারে H_2 গ্যাস বের হবে	সোডিয়াম (Na) ধাতুসহ পরীক্ষা
	পাকা ফলের সুগন্ধ	অ্যাস্টার পরীক্ষা
	NH_4Cl এর সাদা ধোয়া	অ্যাসিটাইল ক্রোরাইড পরীক্ষা
	গোলাপ/লাল বর্ণ সৃষ্টি হবে	ফেরিক অ্যামোনিয়াম নাইট্রোট পরীক্ষা
৩. অ্যালডিহাইড ও কিটোন	অ্যালডিহাইড ও কিটোন উভয়ই কমলা-লাল/হলুদ বর্ণ দেয়	2:4 DNP পরীক্ষা
	i. অ্যালডিহাইড \rightarrow চকচকে সিলভার দর্পণ তৈরি করে	টলেন বিকারক
	ii. কিটোন \rightarrow X	
	i. অ্যালডিহাইড \rightarrow Cu_2O এর লাল অধঃক্ষেপ	ফেলিং দ্রবণ
	ii. কিটোন \rightarrow X	
৪. কার্বক্সিলিক মূলক (-COOH)	নীল লিটমাসকে লাল করে	লিটমাস
	বুদ্ধবুদ্ধ আকারে (CO_2) গ্যাস বের হয়	সোডিয়াম বাই কার্বোনেট পরীক্ষা (5% $NaHCO_3$)
৫. গ্রিসারিন	বুদ্ধবুদ্ধ সহ (H_2) গ্যাস বেরি	প্রতিস্থাপন বিক্রিয়া
	দুর্গন্ধযুক্ত শ্বাসরোধক অ্যাক্রোলিন ($CH_2=CH-CHO$) তৈরি	অপসারণ বিক্রিয়া (একোলিন টেস্ট)
৬. ফেনল	হলুদে সাদা অধঃক্ষেপ	Br_2 সহ পরীক্ষা
	বেঙনি বর্ণের দ্রবণ তৈরি	ফেরিক ক্রোরাইড দ্রবণ
	i. ফেনল + $NaNO_2 + H_2SO_4$	লিবারম্যান পরীক্ষা
	\rightarrow সবুজ/নীল-দ্রবণ	
	ii. সবুজ/নীল দ্রবণ+পানি	
	\rightarrow হালকা লাল দ্রবণ	
	iii. লাল দ্রবণ + $NaOH$	
	\rightarrow সবুজ/নীল দ্রবণ	

অন্যান্য লেখকের অতিরিক্ত তথ্যঃ

জৈব রসায়ন (দ্বিতীয় অংশ)

সঞ্জিত কুমার গুহ

◎ কার্যকরীমূলক শনাক্তকরণে IR Spectroscopic শোষণ/নিঃসরণ ব্যাভ :

অবলোহিত রশ্মি (IR) এর শোষণের ফলে কোনোরূপ ইলেকট্রনীয় স্থানান্তর না ঘটলেও সমযোজী বন্ধনে আবদ্ধ পরমাণু বা মূলকের কম্পনীয় উত্তেজনা সৃষ্টি করার মত সামর্থ্য রাখে।

অণুর কম্পনকে সাধারণত দুই ভাগে ভাগ করা হয়। (ক) প্রসারণ (Stretching) ও (খ) বক্রকরণ (Bending)। প্রসারণকে আবার দুটি উপভাগে ভাগ করা হয়। ১. প্রতিসম প্রসারণ ২. অপ্রতিসম প্রসারণ। অপরদিকে বক্রকরণকে চারটি উপভাগে ভাগ

করা হয়- ১. রকিং (Rocking) ২. সিজারিং (Scissoring) ৩. ওয়াগিং (Wagging) ৪. টুইস্টিং (Twisting)।

◎ গ্লিসারিন প্রস্তুতি এবং শনাক্তকারী বিক্রিয়া : ১৭৭৯ সালে বিজ্ঞানী শীলে চর্বিতে ক্ষার যোগে অর্ধ বিশ্লেষিত করে গ্লিসারিন প্রস্তুত করেন।

আধুনিক পদ্ধতি : প্রোপিন হতে বর্তমানে সংশ্লেষণ প্রণালিতে প্রায় ৭০% গ্লিসারিন উৎপাদন করা হয়ে থাকে। 500°C তাপমাত্রায় নিয়ে একে লঘু কষ্টিক সোডার দ্রবণ সহযোগে 150°C তাপমাত্রায় উত্তপ্ত করলে অর্ধবিশ্লেষণ প্রক্রিয়া সম্পন্ন হয় এবং গ্লিসারিন প্রস্তুত হয়।

গ্লিসারিন শনাক্তকরণ :

* KMnO₄ দ্রবণ পরীক্ষা : লঘু H₂SO₄, মিশ্রিত KMnO₄ দ্রবণে গ্লিসারিন যোগ করলে KMnO₄ এর লালচে বেগুনি বর্ণ অদৃশ্য হয়ে যায়।

* বোরাক্স ফেনফথ্যালিন পরীক্ষা : বোরাক্স (Na₂B₄O₇·7H₂O) এর জলীয় দ্রবণে 2-3 ফোঁটা ফেনফথ্যালিন যোগ করলে দ্রবণ গোলাপি বর্ণ ধারণ করে। এ দ্রবণে গ্লিসারিন যোগ করা মাত্র গোলাপি বর্ণ অদৃশ্য হয়ে যায়।

◎ নাইট্রোগ্লিসারিন প্রস্তুতি ও ব্যবহার :

➤ পৃথকীকরণ : গোলতলী ফ্লাক্সে উৎপন্ন নাইট্রোগ্লিসারিনসহ মিশ্রণকে পৃথকীকরণ ফানেলের সাহায্যে নাইট্রোগ্লিসারিনের স্তরকে পৃথক করে নেওয়া হয়। অতঃপর তাকে 5°C তাপমাত্রার নিচে সংরক্ষণ করা হয়।

➤ TNT এর ব্যবহার : TNT একটি অত্যন্ত মারাত্মক বিস্ফোরক ও বিস্ফোঁট উপাদান। ডিনামাইট প্রস্তুতির কাঁচামাল হিসেবে একে ব্যবহার করা হয়। TNT উৎপাদনের ক্ষেত্রে তাপমাত্রা কোনো অবস্থাতেই 60°C এর উপরে নেয়া যাবে না।

◎ ডেটল প্রস্তুতি ও ব্যবহার :

—মূল উপাদান ক্রোরোজাইলেনল।

—ডেটলের অণুতে -OH গ্রুপ থাকায় ৩টি পানির অণুর সাথে হাইড্রোজেন বন্ধন গঠন করে পানিতে খুব স্বল্পমাত্রায় দ্রবীভূত হয় এর মান 330mg L⁻¹।

—পাইন অয়েল একটি ননপোলার দ্রাবক। পাইন অয়েলে মূলত α টারপিনল, তবে এর মধ্যে যথেষ্ট টারপিনও থাকে। দ্রবণে এ দ্রাবক যোগ করে ক্রোরোজাইলেনল আরোও অধিক পরিমাণে দ্রবণের pH মান ১০ এর মধ্যে নিয়ন্ত্রণ করা হয়।

—সাবান ক্যান্সটার অয়েল হতে তৈরী, এর মধ্যে রাইসিনোলিক এসিড থাকে যা দ্রাব্যতা গুণ বৃদ্ধি করে।

◎ পলিমার ও প্লাস্টিসিটি :

—থ্রোটিন, হীরক, ক্রোরোফিল, সিলিকা, নিউক্লিক এসিড ম্যাক্রো অণু কিন্তু পলিমার নয়। খুব কম পরিমাণে জলীয় বাষ্প শোষণ করে খুবই কম আণবিক ভর বিশিষ্ট পলিমারকে টার পলিমার, কম আণবিক ভরবিশিষ্ট পলিমারকে অলিগোমার, উচ্চ আণবিক ভরবিশিষ্ট পলিমারকে উচ্চ পলিমার এবং অতি উচ্চ আণবিক ভরবিশিষ্ট পলিমারকে আলট্রা হাই পলিমার বলা হয়ে থাকে।

➤ পলিমার শ্রেণিবিভাগ : ৩ প্রকার। ক. প্রাকৃতিক পলিমার খ. কৃত্রিম পলিমার গ. অর্ধ কৃত্রিম পলিমার

ক. প্রাকৃতিক পলিমার : যেমন- প্রাকৃতিক রাবার, স্টার্চ, সেলুলোজ ইত্যাদি

খ. কৃত্রিম পলিমার : যেমন- পলিইথিলিন, পলিস্টায়ারিন, পলিভিনাইল ক্লোরাইড, নাইলন, টেরিলিন ইত্যাদি।

গ. অর্ধ কৃত্রিম পলিমার : যেমন-হাইড্রোজেনেটেড প্রাকৃতিক রাবার, হ্যালোজেনেটেড প্রাকৃতিক রাবার, সেলুলোজ অ্যাসিটেট, সেলুলোজ নাইট্রেট ইত্যাদি। পলিমার অণুতে মনোমার এককের গঠন প্রকৃতির উপর ভিত্তি করে একে ২ ভাগে ভাগ করা হয়ে থাকে।

(ক) যুত পলিমার বা হোমো পলিমার (খ) কনডেনসেশন পলিমার বা কো পলিমার।

প্রয়োগের দিক থেকে বিবেচনা করলে পলিমারকে ৩টি শ্রেণিতে ভাগ করা হয়ে থাকে। যথা-

১. রাবার : এ জাতীয় পলিমার অনিয়তাকার ও উচ্চ আণবিক ভর সম্পন্ন হয়। এদের প্রসারণশীলতা ও টান শক্তির মান খুবই উচ্চ এবং এ মান 300 psi হতে 3000 psi পর্যন্ত হয়ে থাকে।

২. প্লাস্টিক : প্লাস্টিক জাতীয় পদার্থগুলো আংশিক কেলাসাকার এবং রাবারের তুলনায় বেশি শক্তিশালী হয়। তবে বেশ কিছু প্লাস্টিক আবার শক্ত দৃঢ় ও অনমনীয়। যেমন-পলিস্টাইরিন, ফেনল-ফরমালডিহাইড রেজিন, ইউরিয়া-ফরমালডিহাইড রেজিন ইত্যাদি। আবার

কিছু প্রাস্টিক আছে যেগুলো নরম, কোমল ও নমনীয়। যেমন-পলিইথিলিন, পলিপ্রোপিলিন বা পলিভিনাইল অ্যাসিটেড ইত্যাদি। প্রাস্টিক জাতীয় পদার্থগুলো রাবারের তুলনায় কম প্রসারণশীল এবং এদের টানশক্তির মান সাধারণত 4000 psi হতে 15000 psi পর্যন্ত হয়ে থাকে।

৩. তন্তু : এদের ক্ষেত্রে এদের দৈর্ঘ্য ও ব্যাসের অনুপাত অন্তত পক্ষে ১০০ হতে হয়। তবে কৃত্রিমভাবে প্রস্তুত তন্তুর ক্ষেত্রে এ মান ৩০০০ পর্যন্ত হতে পারে। এক্ষেত্রে পলিমার অণুগুলো রৈখিক শৃঙ্খলযুক্ত হয়ে থাকে। এদের পলিমার অণুতে বর্তমান হাইড্রোজেন বন্ধন অণুকে আরও সুদৃঢ় করে রাখে। যেমন- তুলা, রেশম, পশম, পাট, টেরিলিন, সিল্ক, নাইলন প্রভৃতি তন্তু জাতীয় পলিমারের উদাহরণ।

০ পলিমারের বৈশিষ্ট্য :

১. পলিমারের ঘনত্ব ধাতব পদার্থের তুলনায় অনেক কম। তাই পলিমারের তৈরী দ্রব্য হালকা হয়।
২. এরা তাপ ও বিদ্যুৎ অপরিবাহী।
৩. সাধারণত পানিতে অদ্রবণীয় কিন্তু জৈব দ্রাবকে দ্রবণীয়।
৪. এরা বর্ণহীন, স্বচ্ছ বা অস্বচ্ছও হতে পারে।
৫. এদের সুনির্দিষ্ট কোনো গলনাঙ্ক বা স্ফুটনাঙ্ক থাকে না।
৬. পলিমারের গলনাঙ্ক ধাতু বা সিরামিকের তুলনায় অনেক কম। পলিমারের গলনাঙ্ক সাধারণত 100° — 300°C এর মধ্যে হয়ে থাকে। স্বল্প তাপশক্তি খরচ করে পন্য উৎপাদন করা যায়।
৭. পলিমার দ্রবণের সান্দ্রতা উচ্চমানের হয়ে থাকে।

● সংযোজন ও ঘনীভবন পলিমারকরণ বিক্রিয়া :

- পলি প্রোপিলিন : পলি প্রোপিলিন হলো সবচেয়ে হালকা অথচ শক্ত পলিমার প্রাস্টিক। কৃত্রিম সূতা, মোটা রশ্মি, কার্পেট, উন্নতমানের কন্টেইনার তৈরীতে এর ব্যাপক ব্যবহার হয়।
- পলি ভিনাইল ক্লোরাইড : ইনজেকশনের সিরিঞ্জ, কৃত্রিম চামড়া, ঘরের মেঝের কার্পেটিং ঘরের সিলিং তৈরীর উপকরণ, রেইনকোট, গ্রামোফোন রেকর্ড তৈরীতে এর ব্যবহার এককথায় অসাধারণ।
- পলিস্ট্যারিন : ফিনাইল ইথিন বা স্ট্যারিন একটি তরল জৈব যৌগ। খাবার পাত্র, প্রাস্টিক কাপ, খেলনা, বিভিন্ন প্রাস্টিক কেবিনেট, প্যাকেজিং সামগ্রী প্রস্তুত করা হয়ে থাকে।
- পলিটেট্রাফ্লোরা ইথেন বা টেলফন : প্রোপিন নাইট্রাইল হতে এক্সাইলিক ফাইবার, অ্যাসিটিলিন (ইথাইন) হতে ভিনাইল অ্যাসিটিলিন পরে ক্লোরোপিন এবং এ থেকে নিউপ্রিন নামক রাবার সবই সংযোজন পলিমার।

● ঘনীভবন পলিমারকরণ বিক্রিয়া :

- ব্যাকেলাইট : ব্যাকেলাইট খুবই শক্ত ও সুদৃঢ় পলিমার। এ থেকে বৈদ্যুতিক সুইচ, চিরুনি, বৈদ্যুতিক যন্ত্রপাতির হাতল, কলমের বডি প্রস্তুত করা হয়ে থাকে। ব্যাকেলাইটের নিম্ন পলিমার নরম বিধায় একে বার্নিশের কাজে ব্যবহার করা হয়।
- মেলামাইন : প্রভাবক TiO_2 এর উপস্থিতিতে ইউরিয়া বা কার্বামাইডকে উত্তপ্ত করলে মেলামাইন উৎপন্ন হয়। মেলামাইন হলো একটি পলি অ্যামাইড ক্রসলিংক থার্মোসেটিং পলিমার। প্রতিদিনের ব্যবহার্য কাপ, প্লেট, বাটি ইত্যাদি ফ্রোকারিজ প্রস্তুত করতে এর ব্যবহার খুবই ব্যাপক। আঙনরোধী কাপড় প্রস্তুতিতে এর ব্যবহার আছে। এ থেকে মেলাডুর প্রস্তুত করা হয়। মেলামাইনের একটি ক্ষতিকর ব্যবহারও আছে। এটি থেকে উৎপন্ন সায়ানো ইউরিক এসিড কিডনিকে নষ্ট করে দেয়।
- মেলাডুর : মেলাডুর হলো মেলামাইন ও মিথান্যাল এর ঘনীভবন পলিমার। মেলামাইন ও মিথান্যালকে উত্তপ্ত করলে সংযোজন বিক্রিয়ার মাধ্যমে প্রাথমিকভাবে মাধ্যমিক যৌগ উৎপন্ন হয়। এ মাধ্যমিক যৌগকে উত্তপ্ত করলে প্রতি দুই অণু হতে এক অণু পানির অপসারণের ফলে মেলামাইনের পলিমার মেলাডুর উৎপন্ন হয়। সসপ্যানের হাতল, বিদ্যুৎ ও তাপহারী বস্তুর উপকরণ প্রস্তুতিতে এর ব্যাপক ব্যবহার পরিলক্ষিত হয়।

● গ্লুকোজ হতে পলিস্যাকারাইড, RNA, DNA পলিএস্টার এসবই ঘনীভবন পলিমারকরণ বিক্রিয়ার মাধ্যমে উৎপন্ন হয়।

ড. গার্জী মোঃ আহসানুল কবীর
বিভি নিয়োগ.কম

০ মিথান্যাল এর পলিমার :

১. পলি(মিথান্যাল) বা প্যারামালডিহাইড : মিথান্যালের জলীয় দ্রবণকে অতি নিম্নচাপে বাষ্পীভূত করলে পলি(মিথান্যাল) বা প্যারামালডিহাইড $(\text{CH}_2\text{O})_n$ গঠিত হয়। এ পলিমার বাজারে ডেলরিন নামে পরিচিত যা শক্ত প্রাস্টিক হিসেবে কাঠ ও ধাতুর বিকল্পরূপে ব্যবহৃত হয়।
২. টাইমিথান্যাল বা মেটাফরমালডিহাইড : মিথান্যালের ৬০-৬৫% জলীয় দ্রবণকে ২% সালফিউরিক এসিডসহ পাতন করলে টাইমিথান্যাল বা ট্রাইঅক্সান পাওয়া যায়। এটি মেটাফরমালডিহাইড নামে পরিচিত।
৩. ইউরিয়া ফরমালডিহাইড রেজিন : ইউরিয়া ও ফরমালডিহাইড (মিথান্যাল) বিক্রিয়ায় যে পলিঅ্যামাইড তৈরি হয় তাকে ইউরিয়া ফরমালডিহাইড বলে। এটি একটি অতি প্রয়োজনীয় প্রাস্টিক। এটি বানিজ্যিক ফরমিকা তৈরীতে ব্যবহার করা হয়।
৪. ফেনল-ফরমালডিহাইড পলিমার : ফার দ্রবণের ফেনল ও ফরমালডিহাইড এর কনডেনসেশন পলিমারকরণ দ্বারা ব্যাকেলাইট নামক প্রাস্টিক উৎপন্ন হয়।

⊙ ইথান্যাল এর পলিমার :

১. ট্রাইইথান্যাল বা প্যারালডিহাইড : সাধারণ তাপমাত্রায় ইথান্যালের মধ্যে দুই/এক ফোটা গাঢ় সালফিউরিক এসিড যোগ করলে ট্রাইইথান্যাল বা প্যারালডিহাইড নামক তরল পলিমার উৎপন্ন হয়।
২. টেট্রাইথান্যাল : $0^{\circ}C$ তাপমাত্রায় ইথান্যাল এর সঙ্গে কয়েক ফোটা গাঢ় H_2SO_4 যোগ করলে টেট্রাইথান্যাল বা মেটালডিহাইড গঠিত হয়।

⊙ অ্যালডিহাইড ও কিটোনের মধ্যে পার্থক্য :

পরীক্ষাসমূহ	অ্যালডিহাইড	কিটোন
১. ২,-৪ ডাইনাইট্রোফিনাইল হাইড্রাজিন দ্রবণ যোগ	২,-৪ ডাইনাইট্রোফিনাইল হাইড্রাজেন এর হলুদ অধঃক্ষেপ পড়ে।	২,৪-ডাইনাইট্রোফিনাইল হাইড্রাজেন এর হলুদ অধঃক্ষেপ পড়ে
২. ফেহলিং দ্রবণসহ তাপ	দ্রবণকে বিজারিত করে কিউপ্রাস অক্সাইডের লাল অধঃক্ষেপ সৃষ্টি করে। $RCHO + 2Cu(OH)_2 + NaOH \rightarrow Cu_2O + RCOONa + H_2O$ (লাল অধঃ)	বিক্রিয়া নেই।
৩. অ্যামোনিয়া যুক্ত (টলেন বিষয়ক) দ্রবণসহ তাপ	দ্রবণকে বিজারিত করে সিলভার দর্পণ উৎপন্ন করে। $RCHO + Ag_2O \rightarrow RCOOH + Ag$ সিলভার দর্পণ।	বিক্রিয়া নেই।

⊙ জৈব এসিড :

অ্যালিফেটিক কার্বক্সিলিক এসিডের উচ্চতর সদস্যগুলো (যেমন : $C_{15}-C_{18}$) প্রানিজ চর্বি (fat) অথবা উদ্ভিদ তৈলের আর্দ্র বিশ্লেষণ থেকে পাওয়া যায় বলে অ্যালিফেটিক কার্বক্সিলিক এসিডকে ফ্যাটি এসিডও (fatty acid) বলে।

কার্বক্সিলিক এসিডকে বিভিন্নভাবে শ্রেণিভুক্ত করা যায়। যথা-

১. গঠন অনুসারে : গঠন অনুসারে কার্বক্সিলিক এসিড দু প্রকার।

-COOH মূলকের সাথে অ্যালিফ্যাটিক (R-) মূলক যুক্ত হয় যে এসিড গঠিত হয় তাকে অ্যালিফ্যাটিক এসিড এবং অ্যারাইল মূলক (Ar-) যুক্ত থাকলে তাকে অ্যারোমেটিক এসিড বলে।

২. -COOH মূলকের সংখ্যানুসারে : -COOH এর সংখ্যা উপর নির্ভর করে জৈব এসিডকে নিম্নলিখিত তিনটি শ্রেণিতে ভাগ করা যায়।

মনোকার্বক্সিলিক এসিড : উদাহরণ-মিথানয়িক (ফরমিক) এসিড

ডাইকার্বক্সিলিক এসিড : উদাহরণ-অক্সালিক এসিড, সাকসিনিক এসিড, টারটারিক এসিড।

পলিকার্বক্সিলিক এসিড : উদাহরণ-সাইট্রিক এসিড, মেলোটিক এসিড।

● জৈব এসিডের ধর্ম :

—এক ক্ষারকীয় জৈব এসিডের প্রথম নয়টি (C_1-C_9) সদস্য বর্ণহীন তরল, উচ্চতর সদস্যগুলো বর্ণহীন কঠিন মোমের মত।

—নিম্নতর সদস্যদের বাঁঝাল গন্ধ থাকলেও উচ্চতর সদস্যগুলো গন্ধহীন।

—কার্বক্সিলিক এসিডের প্রধান বৈশিষ্ট্য হলো এর অম্লধর্ম। জলীয় দ্রবণে এটা পানির অনুকে একটি প্রোটন প্রদান করে হাইড্রোনিয়াম আয়ন ও কার্বক্সিলেট আয়ন তৈরি করে।

—তবে জৈব এসিডসমূহ বেশ দুর্বল অম্ল। অর্থাৎ খুবই কম পরিমাণের আয়নিত হয়। সাধারণ তাপমাত্রায় মোলার ইথানয়িক এসিডের দ্রবণ কেবলমাত্র ০.৫% আয়নিত হয়;। বিয়োজিত ধ্রুবকের সাহায্যে এসিডের শক্তি বা তীব্রতা প্রকাশ করা যায়।

এখানে বিয়োজন ধ্রুবক, K_a এর মান হাইড্রোজেন আয়নের ঘনমাত্রার সাথে সমানুপাতিক। অর্থাৎ, K_a দ্বারা কোন এসিডের শক্তি পরিমাপ করা যায়। এর মান যত বেশি আয়নের ঘনমাত্রা তত বেশি অর্থাৎ তত বেশি শক্তিশালী হবে।

আবেশী প্রভাব :

আবেশীয় প্রভাবের কারণে ইথানয়িক এসিড অপেক্ষা ক্লোরোইথানয়িক এসিড প্রায় ৮০ গুণ অধিক শক্তিশালী এসিড। α -কার্বন পরমাণুতে ইলেকট্রনগ্রাহী প্রতিস্থাপকের সংখ্যা যত বেশি হয় এসিডের অম্লত্বও তত বৃদ্ধি পায়। এ কারণে ইথানয়িক এসিড অপেক্ষা ক্লোরো ইথানয়িক এসিড তা অপেক্ষা ডাইক্লোরো ইথানয়িক এসিড এবং সেটি অপেক্ষা ট্রাইক্লোরো ইথানয়িক এসিড আরও অধিকতর শক্তিশালী এসিড।

ট্রাইক্লোরো ইথানয়িক এসিডে ৩টি Cl পরমাণু থাকায় আয়নিকরণ ততই অধিক হয় যে এর অম্লত্ব শক্তিশালী এসিডে HCl, H_2SO_4 এর সাথে তুলনীয়। ইলেকট্রনাকর্ষী ক্লোরিন পরমাণু C-C, C-O এবং O-H বন্ধনের মধ্যকার ইলেকট্রন আকর্ষণ করায় অক্সিজেন ও হাইড্রোজেন পরমাণুর মধ্যকার বন্ধন দুর্বল হয়ে পড়ে, ফলে H অতি সহজে আয়নিত অবস্থায় পাওয়া যায়। এতে এসিডটি অধিক শক্তিশালী হয়।

⊙ কার্বক্সিলিক এসিডের জাতক প্রধানত চার প্রকার যথা :

ক. এসিড হ্যালাইড

খ. এসিড অ্যামাইড

গ. এস্টার

ঘ. এসিড অ্যানহাইড্রাইড

কার্বক্সিলিক এসিডের- OH মূলক হ্যালাজেন (-X), অ্যামিনো (-NH₂), অ্যালাকসি (-OR) এবং (RCOO-) দ্বারা প্রতিস্থাপন হলে যথাক্রমে এসিড হ্যালাইড, এসিড অ্যামাইড, এস্টার ও এসিড অ্যানহাইড্রাইড গঠিত হয়।

মিথানয়িক (ফরমিক) এসিড একাধারে একটি এসিড এবং অ্যালডিহাইড :

কার্বক্সিলিক এসিড সমূহের মধ্যে একমাত্র ফরমিক এসিড এর অণুতে কার্বক্সিল মূলকের সঙ্গে অ্যালাকসি মূলকের পরিবর্তে হাইড্রোজেন পরমাণু যুক্ত থাকে। তাই এর গঠন অ্যালডিহাইড CHO মূলক বিদ্যমান। আবার ফরমিক এসিডের অণুতে কার্বক্সিল মূলকও রয়েছে। তাই ফরমিক এসিড অ্যালডিহাইড ও এসিড উভয় হিসেবে কাজ করে।

● এস্টার

কার্বক্সিলিক এসিডের হাইড্রক্সি গ্রুপ অ্যালাকসি (-OR) বা অ্যারাইলক্সি (C₆H₅O-) দ্বারা প্রতিস্থাপিত হলে যে যৌগ গঠিত হয় তাকে এস্টার বলে। এস্টার এর সাধারণ সংকেত হচ্ছে, R-CO-OR।

ধর্ম : নিম্নতম অ্যালকোহলের এস্টারগুলো মিষ্টি গন্ধ যুক্ত যা এদের শনাক্তকরণে সহায়তা করে। অধিকাংশ ফল ও ফুল যে গন্ধময় এর প্রধান কারণ হচ্ছে এদের মধ্যে প্রধান উপাদান হিসেবে একটি নির্দিষ্ট এস্টার রয়েছে।

যেমন : পাকা কলা → পেন্টাইল ইথানয়েট, আনারস → ইথাইল বিউটানয়েট (অ্যামাইল অ্যাসিটেট)

কমলা → অকটাইল ইথানয়েট, নাশপাতি → ৩-মিথাইলবিউটাইল ইথানয়েট

● তেল ও চর্বি :

—রাসায়নিকভাবে তেল-চর্বি হলো উচ্চতর ফ্যাটি এসিডের গ্লিসারিল ট্রাই এস্টার বা গ্লিসারাইড। তবে প্রতিটি তেল-চর্বি একাধিক গ্লিসারিল ট্রাইএস্টারের মিশ্রণ।

—যে সকল গ্লিসারাইড মিশ্রণে সম্পূর্ণ ফ্যাটি এসিডের গ্লিসারাইডের পরিমাণ অধিক থাকে তাদের গলনাংক 20 °C এর বেশি। এদেরকে চর্বি বলে।

—যে সকল গ্লিসারাইড মিশ্রণে অসম্পূর্ণতার অনুপাত অধিক থাকে তাদের গলনাংক 20 °C এর নিচে এবং এদেরকে তেল বলে।

—তেলকে নিকেল অনুঘটকের উপস্থিতিতে হাইড্রোজেনিকরণে দ্বারা চর্বিতে পরিণত করা যায়। যেমন: শস্য ও সয়াবিন তেল থেকে এভাবে মার্গারিন নামক চর্বি তৈরি করা হয়। ধারণা করা হয় যে, চর্বির তুলনায় তেল সহজে হজম হয় এবং এতে কোলেস্টেরলের পরিমাণ কম।

⊙ সাবানায়ন : তেল-চর্বির ক্ষারীয় আর্দ্র -বিশ্লেষণ :

উচ্চতর ফ্যাটি এসিডের সোডিয়াম/পটাসিয়াম লবণ সাবান নামে পরিচিত। তেল-চর্বির ক্ষারীয় আর্দ্র বিশ্লেষণ দ্বারা সাবান উৎপাদনের এ প্রক্রিয়াকে সাবানায়ন বা সাবানকরণ বলা হয়। সাবান শিল্পে গ্লিসারিন উপজাত হিসেবে পাওয়া যায়। পানিতে সোডিয়াম সাবান দ্রবীভূত হয়ে ফেনা উৎপাদনের মাধ্যমে ময়লা পরিষ্কার করে। সোডিয়াম সাবান লব্ধিসোপ বা কাপড় কাচা সাবান। কাপড় কাচা সাবানের প্রধান উপাদান সোডিয়াম পামিটেট, স্টিয়ারেট, অলিয়েট প্রভৃতির মিশ্রণ। পটাসিয়াম সাবান পানিতে অধিক দ্রবনীয় হওয়ায় ইহা টয়লেট সাবান, শ্যাম্পু ও শেভিং ক্রীম প্রস্তুতিতে ব্যবহৃত হয়।

⊙⊙ অ্যামিন, R-NH₂ :

● রাসায়নিক বিক্রিয়া :

অ্যামিনসমূহ সামগ্রিকভাবে ছয় প্রকার বিক্রিয়া প্রদর্শন করে। যথা :

১. ক্ষার ধর্ম সম্পর্কিত বিক্রিয়া

২. H অ্যামিনো মূলকের সক্রিয় পরমাণুর প্রতিস্থাপন বিক্রিয়া

৩. নাইট্রাস এসিডের সঙ্গে বিক্রিয়া

৪. কার্বিল অ্যামিন বিক্রিয়া

৫. অ্যামিনো গ্রুপের জারণ (অ্যারোম্যাটিক অ্যামিনের জন্য) বিক্রিয়া।

৬. অ্যারাইল অ্যামিনের বেনজিন চক্র প্রতিস্থাপন শুধু অ্যারোম্যাটিক অ্যামিনের জন্য বিক্রিয়া।

● অ্যামিনের ক্ষারকত্বের কারণ : আমরা জানি, ক্ষারক হচ্ছে প্রোটন গ্রহীতা এবং ইলেকট্রন দাতা। অ্যামিনসমূহের নাইট্রোজেন পরমাণু এসিড থেকে সৃষ্ট প্রোটনকে ইলেকট্রন যুগল প্রদান করে সন্নিবেশ বন্ধন সৃষ্টি করে বলেই অ্যামিনসমূহ ক্ষারক হিসেবে কাজ করে। এ জন্যই NH₃ অপেক্ষা অ্যালকাইল অ্যামিন (যেমন : মিথাইল অ্যামিন) তীব্রতর ক্ষারক। ট্রাইমিথাইল অ্যামিনের ক্ষারক শক্তি হ্রাস পায়। অ্যামোনিয়া অপেক্ষা অ্যানিলিন দুর্বল ক্ষারক।

বিক্রিয়া :

1^o অ্যামিন : অ্যালিফ্যাটিক ও অ্যারোমেটিক প্রাইমারী অ্যামিন HNO₂ এর সাথে বিক্রিয়া করে অ্যালকোহল তৈরি করে। তবে খনিজ এসিডে দ্রবীভূত অ্যারোম্যাটিক প্রাইমারী অ্যামিন HNO₂ এর সঙ্গে নিম্ন তাপমাত্রায় (0-5°C) বিক্রিয়া করে ডায়াজোনিয়াম লবণ গঠন করে।

2^o অ্যামিন : অ্যালিফ্যাটিক ও অ্যারোম্যাটিক উভয় ধরনের সেকেন্ডারী অ্যামিন HNO₂ এর সাথে বিক্রিয়া করে রঙিন তেল জাতীয় নাইট্রোসো

অ্যামিন উৎপন্ন করে।

3⁰ অ্যামিন : অ্যালিফ্যাটিক ও অ্যারোম্যাটিক টারশিয়ারী অ্যামিন HNO_2 এর সঙ্গে বিক্রিয়ায় পানিতে দ্রবনীয় ট্রাইঅ্যালকাইল বা অ্যারাইল ফিনাইল অ্যামোনিয়াম নাইট্রাইট গঠন করে।

কার্বিল অ্যামিন বিক্রিয়া : এ বিক্রিয়া শুধুমাত্র প্রাইমারী অ্যামিন প্রদান করে। অ্যালিফ্যাটিক ও অ্যারোম্যাটিক উভয় শ্রেণির প্রাইমারী অ্যামিনকে কয়েক ফোঁটা CHCl_3 ও অ্যালকোহলীয় KOH এর সাথে $60-70^\circ\text{C}$ উষ্ণতায় উত্তপ্ত করলে তীব্র দুর্গন্ধযুক্ত কার্বিল অ্যামিন বা আইসোসায়ানাইড গঠিত হয়।

● **গ্লিসারিন :**

গ্লিসারিন একটি ট্রাইহাইড্রিক অ্যালকোহল। IUPAC নাম 1,2,3-প্রোপেন ট্রাইঅল।

শিল্পোৎপাদন :

১. তেল ও চর্বি হতে : আর্দ্র বিশ্লেষণ প্রক্রিয়ার সাহায্যে।

২. প্রোপিলিন হতে : সংশ্লেষণ পদ্ধতিতে।

৩. চিনি হতে : ফারমেন্টেশন প্রক্রিয়ায়।

ভৌত ধর্ম : গ্লিসারিন বর্ণহীন, গন্ধহীন ও মিষ্টি স্বাদযুক্ত সিরাপের ন্যায় তরল পদার্থ। এটা পানি ও অ্যালকোহলে দ্রবনীয়, কিন্তু ইথার বা ক্লোরোফরমে অদ্রবনীয়। 290° সেন্টিগ্রেড তাপমাত্রায় এটা কিছুটা বিয়োজন সহকারে ফুটে উঠে। গ্লিসারিন ৪ ধরনের বিক্রিয়া প্রদর্শন করে।

১. H-প্রতিস্থাপন ২. OH-প্রতিস্থাপন ৩. জারণ ৪. নিরুদন

● **ফেনলের রাসায়নিক বিক্রিয়া :**

—বেনজিন চক্রের কার্বনের সাথে হাইড্রক্সিল মূলক সরাসরি যুক্ত হয়ে যে যৌগ গঠিত হয় তাকে ফেনল বলে।

—ফেনল কার্বলিক এসিড নামে পরিচিত।

—ফেনল একটি অম্লধর্মী যৌগ। প্রোটন দাতা, pKa এর মান 10। কিন্তু অ্যালকোহল অম্লীয় নয় বরং নিরপেক্ষ।

ফেনলের রাসায়নিক বিক্রিয়া মূলত সাত প্রকার।

১. -OH মূলকের রাসায়নিক বিক্রিয়া

২. বিজারণ বিক্রিয়া

৩. বেনজিন চক্রে প্রতিস্থাপন বিক্রিয়া

৪. পলিমারকরণ বিক্রিয়া

৫. যুগলায়ন বিক্রিয়া

৬. বিশেষ বিক্রিয়া ৭. জটিল লবণ গঠন

ফেনল কার্বক্সিলিক এসিড অপেক্ষা মৃদু এসিড হওয়ায় জৈব এসিডসমূহের মত এটা কার্বনেট বা বাই কার্বনেট থেকে কার্বন ডাই-অক্সাইড বিমুক্ত করে না। ফেনল 5% NaOH দ্রবণে দ্রবীভূত হয় কিন্তু 5% NaHCO_3 দ্রবণে দ্রবীভূত হয় না এবং CO_2 এর বুদবুদ সৃষ্টি করে না। এ বিক্রিয়া দ্বারা ফেনল ও জৈব এসিডের মধ্যে পার্থক্য নির্ণয় করা হয়।

● ইথার গঠন : এ বিক্রিয়াটি উইলিয়ামসন এর ইথার সংশ্লেষণ পদ্ধতি নামে পরিচিত।

● অ্যানিলিন গঠন : ZnCl_2 , CaCl_2 প্রভৃতি নিরুদকের উপস্থিতিতে ফেনলকে অ্যামোনিয়ার সঙ্গে 300°C উষ্ণতা এবং উচ্চ চাপে উত্তপ্ত করলে অ্যানিলিন উৎপন্ন হয়।

● বেনজিন চক্রে প্রতিস্থাপন বিক্রিয়া :

➤ হ্যালোজিনেশন : হালকা হলুদ অধঃক্ষেপ পড়ে।

➤ নাইট্রেশন : গাঢ় HNO_3 দ্বারা পিকরিক এসিড উৎপন্ন হয়।

● পলিমারকরণ বিক্রিয়া : “ব্যাকেলাইট” প্লাস্টিক গঠন : এসিড বা ক্ষারের উপস্থিতিতে ফেনলের সাথে মিথান্যালের বিক্রিয়ায় ব্যাকেলাইট তৈরি হয়।
ব্যাকেলাইটের ব্যবহার :

—গানের রেকর্ড ও টেলিফোন সেট তৈরী করা যায়।

—বৈদ্যুতিক মালামাল যেমন-প্লাগ, সকেট তৈরীতে ব্যবহৃত হয়।

● যুগলায়ন বা কাপলিং বিক্রিয়া :

হাইড্রক্সি অ্যাজোবেনজিন নামক অ্যাজোরঞ্জক উৎপন্ন হয়। দুটি বেনজিন চক্র ডায়াজোমূলক ($-\text{N}=\text{N}-$) দ্বারা যুগলায়িত হয়।

● বিশেষ বিক্রিয়া :

➤ কোব-বিক্রিয়া : 4-7 বায়ুচাপ ও 125°C তাপমাত্রায় সোডিয়াম ফিনেটের সাথে CO_2 এর বিক্রিয়ায় সোডিয়াম স্যালিসাইলেট গঠিত হয়। উত্তপ্ত স্যালিসাইলেটকে HCl দ্বারা আর্দ্র-বিশ্লেষণ করলে আর্থো-হাইড্রক্সিবেনজয়িক এসিড বা স্যালিসাইলিক এসিড উৎপন্ন হয়। উদ্ভাবকের নামানুসারে এ বিক্রিয়াকে কোব বিক্রিয়া বলে।

➤ রাইমার-টাইম্যান বিক্রিয়া : ফেনল, ক্লোরোফরম এবং জলীয় কঠিক ক্ষার দ্রবণের মিশ্রণকে $60 - 70^\circ\text{C}$ উষ্ণতায় উত্তপ্ত করলে প্রধান উপাদান হিসেবে 2- হাইড্রক্সিবেনজালডিহাইড বা স্যালিসাইল অ্যালডিহাইড উৎপন্ন হয়। এ বিক্রিয়াকে রাইমার-টাইম্যান বিক্রিয়া বলে।

➤ ফেরিক ক্লোরাইড-এর সাথে বিক্রিয়া : বেগুণী বর্ণের ডাই ফেরিক হেক্সাফিনেট তৈরি হয়। এ বিক্রিয়া ফেনলের শনাক্তকরণে ব্যবহৃত হয়।

● নাইট্রোগ্লিসারিন :

প্রস্তুতি : গ্লিসারিন + গাঢ় HNO_3 + গাঢ় H_2SO_4 = নাইট্রোগ্লিসারিন।

● ব্যবহার :

- এটি একটি বর্ণহীন তেল জাতীয় তরল। বিস্ফোরক ডিনামাইট উৎপাদন করার জন্য এটি ব্যবহার করা হয়। ১৮৮৫ সালে নিজাদী নোবেল সর্বপ্রথম ডিনামাইট তৈরী করেন।
- নাইট্রোগ্লিসারিনকে কাঠের ওড়ার উপর অধিশোষিত করে এর সঙ্গে কঠিন Ni_2NiH_2 যোগ করে পেট্রোলে ডিনামাইট প্রস্তুত করা হয়।
- এছাড়া নাইট্রোগ্লিসারিনের সঙ্গে এটি মিশিয়ে রাইফেল, পিস্তল ও শটগানের গুলি তৈরী করা হয়।
- নাইট্রোগ্লিসারিনকে জনিক হার্ট ফেইলিউর বা এসেটট ক্যাপার নিরাময়ে adjunct therapy কাজেও ব্যবহার করা হয়।
- রক্ত সমগলনে সহায়তা করে বলে Angina pectoris (Isechmic heart disease) চিকিৎসায় নাইট্রোগ্লিসারিন ট্যাবলেট, ওয়েন্টমেন্ট, Solution বা স্প্রে হিসেবে ব্যবহার করা হয়।

● টিএনটি : এর গলনাংক 80° সে।

● ব্যবহার :

- এটি পানিতে দ্রবণীয় নয়। তাই এটিকে আর্দ্র আবহাওয়ায় সংরক্ষণ করা যায়।
- TNT বোমা, হাত স্নেড এবং শেল তৈরীতে ব্যবহার করা হয়। বানিজ্যিক বিস্ফোরক দ্রব্য TNT এর সঙ্গে অ্যামোনিয়াম নাইট্রেট (Amatex), Al- পাউডার (Ammonal), Ba (NO_3)₂ (Baratol), প্যারারফিন ওয়াস প্রভৃতি ব্যবহার করা হয়।
- TNT এর বিস্ফোরণ শক্তি হলো 2.8 MJ/kg। TNT এর বিষক্রিয়া বাষ্পক। এটি চর্মে ক্ষত, রক্তক্ষত, শিডার ফাংশন নষ্ট করা, ক্যান্সারের উৎপত্তি ইত্যাদি নানা শারীরিক অসুস্থতার জন্য দায়ী।

● ডেটল :

● প্রস্তুতি/উৎপাদন : বানিজ্যিক ডেটলের প্রধান উপাদান ৪- ফ্লোরো-৩, ৫ ডাই মিথাইল ফেনল বা ফ্লোরো জাইলিন। এ সামগ্রিক সংযুক্তি ফ্লোরোজাইলিন 4.8%, পাইন তৈল, প্রপানল-2, ক্যান্টর অয়েল সোপ এবং পানি।

● ব্যবহার : নীল বর্ণের গৃহস্থালী ক্ষত নিবারক। ডেটল পানিতে অদ্রবণীয়।

● প্যারাসিটামল : 4-হাইড্রক্সি অ্যাসিট্যানিলাইড বা N-(4-হাইড্রক্সিফিনাইল) ইথানামাইডকে প্যারাসিটামল বলে। এটি অ্যাসিট্যামিনোফেনল বা N- অ্যাসিটাইল-p-অ্যামিনোফেনল নামেও পরিচিত।

● ব্যবহার :

—প্যারাসিটামল বিশ্বব্যাপী ব্যাথা নিরামক (analgesic) ও জ্বর উপশমকারী (antipyretic) হিসেবে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। এটি মাথা ব্যাথা এবং সর্দি-ফু উপশমেও কাজ করে।

—আমেরিকার যুক্তরাষ্ট্রে Tylenol, ভারতে Crocin, ব্রিটেনে ও অস্ট্রেলিয়ায় Panadol এবং ফ্রান্সে Doliprane নামে বাজারজাত করা হয়।

● জৈব যৌগের বিশুদ্ধতা নির্ণয় ও শনাক্তকরণে গলনাংক ও স্ফুটনাংকের ভূমিকা :

● কঠিন জৈব যৌগের বিশুদ্ধতার মানদণ্ড : হির গলনাংক, হির প্রতিসরাংক, আপেক্ষিক গুরুত্বের নির্দিষ্ট মান

● তরল জৈব যৌগের বিশুদ্ধতার মানদণ্ড : হির স্ফুটনাংক, ঘনত্বের নির্দিষ্ট মান, হির প্রতিসরাংক

● সাধারণত কঠিন জৈব যৌগের গলনাংক ও তরল জৈব যৌগের স্ফুটনাংক পরীক্ষা করে বিশুদ্ধতা সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হয়।

● গলনাংক :

—প্রত্যেক বিশুদ্ধ কঠিন পদার্থের সুনির্দিষ্ট গলনাংক থাকে। এতে অপদ্রব্য মিশ্রিত থাকলে গলনাংক কমে যায়।

—ইথেনডাইঅয়িক এসিড (অক্সালিক এসিড) এর গলনাংক 101°C ।

—কখনও কখনও একটি নির্দিষ্ট সংযুক্তির দুটি কঠিন জৈব যৌগের মিশ্রণও হির তাপমাত্রায় বিগলিত হয়। এ ধরনের মিশ্রণকে সমগলন মিশ্রণ বা ইউটেকটিক মিশ্রণ বলে।

● স্ফুটনাংক :

—প্রত্যেক বিশুদ্ধ তরল জৈব যৌগের সুনির্দিষ্ট স্ফুটনাংক থাকে। ইথানলের 78.3°C ।

—কখনও একাধিক তরলের নির্দিষ্ট সংযুক্তির কোন মিশ্রণ হির তাপমাত্রায় ফুটে। এ ধরনের মিশ্রণকে সমস্ফুটন মিশ্রণ বা অ্যাজিওট্রপিক মিশ্রণ বলে।

● পলিমার :

গ্রীক ভাষাতেই মার্ক "Makros" মানে বিশাল শব্দ থেকে পলিমার এর এক নাম দেয়া হয় macromolecule বা 'দানবীয় অণু'।

যে প্রক্রিয়ায় পলিমার গঠিত হয় তাকে পলিমারকরণ বা Polymerization বলে।

- **প্লাস্টিসিটি :** সাধারণত একটি পলিমারের দীর্ঘ চেইনের বিভিন্ন অংশের মধ্যে উচ্চ আকর্ষণ বল বিরাজ করে যার কারণে পলিমার চেইনের অংশগুলোর নাড়াচাড়া বন্ধ হয়ে যায়। এ কারণে পলিমার ভঙ্গুর হয়। কিন্তু plasticizer যোগ করলে তা polymer chain segment এর ফাঁকে ফাঁকে বসে আঞ্জ segmental আকর্ষণ হ্রাস করে। তখন তার T_g হ্রাস পায় এবং পলিমার চেইনের mobility বৃদ্ধি পায়। অর্থাৎ প্লাস্টিসিটি বেড়ে যায়। যেমন : আমাদের অতি পরিচিত প্লাস্টিক পলিভিনাইল ক্লোরাইড (PVC) এর সঙ্গে ডাইবিউটাইল থ্যালাড, ডাইঅক্টাইল, সেবাসেট, ট্রাইক্লোসাইল ফসফেট প্রভৃতি প্লাস্টিসাইজার যোগ করলে PVC এর T_g হ্রাস পায় এবং প্লাস্টিসিটি ব্যাপকভাবে বৃদ্ধি পায়। তাই PVC থেকে বিভিন্ন আকৃতির ব্যবহার উপযোগী বস্তু পাইপ, পাত্র, ট্যাংক, যন্ত্রাংশ ইত্যাদি উৎপাদন করা যায়।

● ঘনীভবন পলিমার :

উদাহরণ : পলিএস্টার, পলিঅ্যামাইড, পলিউরেথেন, পলিসিলোক্সেন।

১. পলিঅ্যামাইড : ডাইঅয়িক এসিড ও ডাইঅ্যামিনের বিক্রিয়ায় নাইলন-৬:৬ গঠন করে।

—নাইলন সল্ট হল → হেক্সামিথিলিন ডাই অ্যামোনিয়াম অ্যাডিপেট।

—নাইলন ৬:৬ হল → পলিহেক্সামিথিলিন অ্যাডিপ্যামাইড। এটি তন্তুময় সাংশ্লেষনিক পলিঅ্যামাইড। এর গলনাংক 263⁰C। এটি সিনথেটিক বস্ত্র উৎপাদনের কাঁচামাল।

২. পলিএস্টার : ডাইঅয়িক এসিড ও ডাইঅল = পলিএস্টার।

যেমন : ইথিলিন গ্লাইকল + টেরথ্যালিক এসিড = পলিইথিলিন টেরথ্যাল্যাট। এটি তন্তুময় পলিমার। বস্ত্র তৈরিতে ব্যবহৃত হয়।

- কনডেনসেশন পলিমারের সবচেয়ে বড় ও জীবন সম্পৃক্ত উদাহরণ হল পলিগ্লাইকোসাইড অর্থাৎ স্টার্চ ও সেলুলোজ এবং পলিপেপটাইড অর্থাৎ প্রোটিন।

● **প্রোটিন :** 40 টির অধিক অ্যামাইনো এসিড অণু যুক্ত হয়ে যে পলিপেপটাইড গঠিত হয় তাকে প্রোটিন বলে।

● দৈনন্দিন জীবনে জৈব যৌগের গুরুত্ব :

—ভিনেগার-এ উপস্থিত ইথানয়িক এসিড থেকে যে H⁺ আয়ন পাওয়া যায় তা অণুজীব এর প্রোটিন ও ফ্যাটকে আর্দ্রবিশ্লেষিত করে। ফলে অণুজীব মরে যায় এবং আচার আর পচে না।

—ফল পাকানোর জন্য ক্যালসিয়াম কার্বাইড ব্যবহার করে। বস্তুত ইথিন বা ইথাইনই ফল পাকায়। ক্যালসিয়াম কার্বাইড পানির উপস্থিতিতে ইথাইন উৎপন্ন করে বলে এটি ব্যবহৃত হয়।

—ডায়াবেটিক রোগীর জন্য চিনির বিকল্প হিসেবে ব্যবহৃত স্যাকারিন এবং সরবিটলও জৈব যৌগ।

—গৃহস্থালী : ডিটারজেন্টসমূহ দীর্ঘ শিকলযুক্ত অ্যালকাইল হাইড্রোজেন সালফেট বা অ্যারাইল সোডিয়াম সালফোনেট অথবা অ্যালকাইলেটেড ফেনক্সি বা অ্যামোনিয়াম যৌগ। গৃহস্থালী রং, ভার্নিশ অপসারণের জন্য অ্যালকোহলীয় তরল দ্রাবক যেমন-তারপিনল ব্যবহৃত হয়।

● টুথপেস্টে অ্যাবরাসিভ পদার্থ → ক্যালসিয়াম কার্বনেট।

● লিপস্টিকে ক্যাস্টরওয়েল ও মোম এর সঙ্গে বিভিন্ন রং যেমন : টেট্রাব্রোমো ফ্লোরোসিন থাকে।

● আফটার শেভ লোশনে ইথানল ও মেনথল শ্যাম্পুতে ডিটারজেন্ট যেমন : সোডিয়াম ডোডেকাইল সালফেট, হেয়ার কালার-এ p-ফিনাইলিন ডাই অ্যামিন বা তার জাতক ব্যবহৃত হয়।

বিডি নিয়োগ.কম

Home Practice : 22

✱ ২.১১.৪ অ্যালকোহল, ইথার ও অ্যামিন

১. ওয়াটার গ্যাস এর সংকেত ?
A) $\text{CO}_{(g)} + \text{H}_2_{(g)}$ B) $\text{CO}_{2(g)} + 4\text{H}_2_{(g)}$
C) $\text{CO} + \text{N}_2$ D) কোনটিই নয়
২. রেকটিফাইড স্পিরিট কি ?
A) 40% পানি + 60% ইথানল
B) 95.6% ইথানল + 4.4% পানি
C) 94.6% ইথানল + 5.4% পানি
D) 60% পানি + 40% ইথানল
৩. লুসাস বিকারক ব্যবহার হয় কোন যৌগ শনাক্তকরণে ?
A) ফেনল B) অ্যালকোহল
C) অ্যালডিহাইড D) ফ্যাটি এসিড
৪. ফেনলের শনাক্তকারী বিক্রিয়া নয় কোনটি ?
A) FeCl_3 পরীক্ষা B) Br_2 দ্রবণ
C) লিবারম্যান D) অ্যাক্রোলিন টেস্ট
৫. মনোহাইড্রিক অ্যালকোহল নয় কোনটি ?
A) মিথানল B) গ্লিসারিন
C) প্রোপানল-২ D) ইথানল
৬. পলিহাইড্রিক অ্যালকোহলের ব্যবহার কোনটি ?
A) moisturizing agent
B) চেতনানাশক
C) ঔষুধ শিল্প
D) রান্নার কাজে
৭. ওয়াটার গ্যাস থেকে মিথানল প্রস্তুতিতে কোন প্রভাবক ব্যবহার করা হয় ?
A) ZnS B) Cr_2O_3
C) Cr_2O_7 D) ZnF
৮. রেকটিফাইড স্পিরিটের স্ফুটনাঙ্ক কত ?
A) 78.1°C B) 7.8°C
C) 7.081°C D) 95.6°C
৯. বানিজ্যিক মিথিলেটেড স্পিরিটে কত ভাগ মিথানল থাকে ?
A) 2 B) 5
C) 7 D) 11
১০. উড স্পিরিট এর স্ফুটনাঙ্ক কত ?
A) 98°C B) 60°C
C) 650°C D) 65°C
১১. কোনটির শক্তিমাত্রা শূন্য ?
A) রেকটিফাইড স্পিরিট B) মিথিলেটেড স্পিরিট
C) প্রফ স্পিরিট D) পাওয়ার অ্যালকোহল
১২. অ্যালকোহলের শনাক্তকারী বিক্রিয়া নয় কোনটি ?
A) ধাতব Na B) PCl_5 সহ পরীক্ষা
C) আয়োডোফরম D) H_2 পরীক্ষা

✱ ২.১১.৫ ইথার

১৩. অ্যালকোক্সি অ্যালকেন বলা হয় কোনটিকে ?
A) ইথার B) অ্যালকোহল
C) বেনজিন D) পারঅক্সিযৌগ

১৪. $\text{I}_2 + \text{স্টার্চ} \rightarrow$ কোন বর্ণের যৌগ উৎপন্ন করে ?

- A) বেগুনী B) নীল
C) লাল D) হলুদ

✱ ২.১১.৬ অ্যামিন

১৫. প্রাইমারি অ্যামিন শনাক্তকরণে কোন পরীক্ষা করা হয় ?
A) লুকাস বিকারক B) কার্বিল অ্যামিন
C) ফেহলিং দ্রবণ D) বেয়ার পরীক্ষা
১৬. অ্যামিনের ক্ষারধর্মীতার ক্রম কোনটি ?
A) $\text{R}_3\text{N} > \text{R}_2\text{NH} > \text{RHN}_2$
B) $\text{RHN}_2 > \text{R}_2\text{NH} > \text{R}_3\text{N}$
C) $\text{R}_2\text{NH} > \text{RHN}_2 > \text{R}_3\text{N}$
D) $\text{R}_3\text{N} > \text{RHN}_2 > \text{R}_2\text{NH}$
১৭. কোনটির ক্ষারধর্মীতা বেশি ?
A) অ্যামোনিয়া B) NH_4Cl
C) অ্যালিফেটিক অ্যামিন D) অ্যারোমেটিক অ্যামিন
১৮. অ্যানিলিনের $\text{pK}_b = ?$
A) 4.74 B) 6.4
C) 0.4 D) 10.4
১৯. অ্যামিনসমূহের ক্ষারধর্মীতার ক্রম কোনটি ?
A) $\text{R}_2\text{NH} > \text{RNH}_2 > \text{NH}_3 > \text{R}_3\text{N}$
B) $\text{R}_2\text{NH} > \text{RNH}_2 > \text{R}_3\text{N} > \text{NH}_3$
C) $\text{NH}_3 > \text{R}_3\text{N} > \text{RNH}_2 > \text{R}_2\text{NH}$
D) $\text{NH}_3 > \text{RNH}_2 > \text{R}_3\text{N} > \text{R}_2\text{NH}$
২০. বিষমচারিত্রিক অ্যামিনের উদাহরণ ?
A) মিথাইল অ্যামিন B) অ্যানিলিন
C) পাইরোল D) N-মিথাইল
২১. কার্বিল অ্যামিনের মাধ্যমে কোনটির শনাক্ত করা হয় ?
A) মিথাইল অ্যামিন B) অ্যানিলিন
C) পাইরোল D) N-মিথাইল
২২. ফসজিন গ্যাসের সংকেত কোনটি ?
A) COCl B) CO_2Cl
C) COCl_3 D) COCl_2
২৩. ক্রোরোফরম সংরক্ষণে কোনটি ব্যবহৃত হয় ?
A) ১% স্পিরিট B) ২% ইথানল
C) ৩% স্পিরিট D) ১% ইথানল
২৪. পঁচা মাছে দুর্গন্ধ সৃষ্টি করে কোনটি ?
A) $\text{CH}_3 - \text{CH}_2 - \text{NH}_2$ B) CH_3NH_2
C) CONH_2 D) কার্বিলিক এসিড
২৫. কিনাইল অ্যামিনের ব্যবহার কোনটি ?
A) চেতনানাশক B) চামড়া শিল্পে
C) সালফা ড্রাগ D) চোখের ড্রপ

✱ ২.১১.৭ এলডিহাইড ও কিটোন

২৬. $\text{C}_n\text{H}_{2n}\text{O}$ সংকেতের জন্য কোনটি সম্ভব ?
A) অ্যালডিহাইড B) ইথার
C) কিটোন D) সবগুলো
২৭. নিচের কোন পরীক্ষায় CuO এর লাল বর্ণের অধঃক্ষেপ পড়ে ?
A) আয়োডোফরম B) টলেন বিকারক
C) ফেহলিং দ্রবণ D) কিউপ্রাস ক্রোমাইড

28. অ্যাসিটিলিনের হাইড্রেশনে অ্যালডিহাইড প্রস্তুতিতে নিচের কোনটি প্রয়োজন ?
 A) 20% H₂SO₄ B) 1% H₂SO₄
 C) H₂O D) H₂
29. অ্যালডিহাইডের কার্যকরী মূলক কোনটি ?
 A) -CHO B) -COOH
 C) -OH D) কোনটিই নয়
30. α -H বিহীন অ্যালডিহাইডে কোনটি ঘটে ?
 A) অ্যালডল ঘনীভবন B) ক্যানিজারো
 C) পলিমারকরণ D) কনডেনসেশন
31. CH₃CO- মূলকটি ?
 A) সর্বদা হ্যালোফরম বিক্রিয়া দেয়
 B) হ্যালোফরম বিক্রিয়া দেয় না
 C) হ্যালোফরম বিক্রিয়া দিতেও পারে, নাও পারে
 D) কোনটিই নয়
32. সবচেয়ে বেশি ব্যবহৃত জৈব দ্রাবক কোনটি ?
 A) অ্যাসিটোন B) ফরমালিন
 C) ইথানয়িক এসিড D) অ্যালকোহল
33. অ্যাসিটিলিন থেকে অ্যাসিটোন প্রস্তুতিতে তাপমাত্রা কত ?
 A) 300°C B) 350°C
 C) 250°C D) 20°C
34. 2, 4 DNP এর বর্ণ কী ?
 A) হলুদ B) কমলা
 C) কমলা-লাল D) হলুদ-কমলা
35. ফেহলিং দ্রবণের সংযুক্তিতে রোচিলি লবণ-
 A) 5% NaOH, 5% CH₃COOH
 B) 5% NaOH, 5% CaSO₄
 C) 5% CuSO₄, 5% NH₃
 D) 5% NaOH, 5% CuSO₄
36. অ্যালডিহাইড ও কিটোনের পার্থক্যসূচক পরীক্ষা কোনটি ?
 A) টলেন বিকারক পরীক্ষা B) 2 : 4 DNP পরীক্ষা
 C) কার্বিল অ্যামিন পরীক্ষা D) লিটমাস পরীক্ষা
37. কোনটি রিউমেটিক ফিভার ও প্রসাবের খলি সংক্রান্ত প্রদাহে ঔষধরূপে ব্যবহার হয় ?
 A) ফরমালডিহাইড B) হেপ্সামিন
 C) নাইট্রোগ্লিসারিন D) ইথানল
38. কোন যৌগ অ্যালডল ঘনীভবন বিক্রিয়া দেয় ?
 A) Cl₃C-CHO B) H-CHO
 C) CH₃-CH₂CHO D) C₆H₅CHO
39. অ্যালডল ঘনীভবন বিক্রিয়ার ক্ষেত্রে কোনটি সত্য নয় ?
 A) অস্বাভাবিক α-H যুক্ত অ্যালডিহাইড ও কিটোনে ঘটে
 B) লঘু NaOH এর উপস্থিতিতে ঘটে
 C) নিউক্লিওফিলিক সংযোজন ঘটে
 D) অসামঞ্জস্যতা বিক্রিয়া ঘটে
40. নিচের কোন যৌগ ক্যানিজারো বিক্রিয়া দেয় না ?
 A) CH₃CHO B) C₆H₅-CHO
 C) CH₃CCl₂-CHO D) (CH₃)₃C-CHO

✳ ২.১১.৮ কার্বক্সিলিক এসিড

41. পিপড়ায় কোনটি পাওয়া যায় ?
 A) ফরমিক এসিড B) অ্যাসিটিক এসিড
 C) মিথান্যাল D) ইথাইল অ্যাসিটেট
42. লিনোলিক এসিডের সংকেত কোনটি ?
✳ ৩.৯.৩ জারণ সংখ্যা ও বিশেষ রিডক্স বিক্রিয়া

98. কোন জারণ-বিজারণ বিক্রিয়ায় একই পদার্থ যদি একই সাথে জারিত ও বিজারিত হয়, তাকে কি বিক্রিয়া বলে?

- A) জারণ অর্ধসমীকরণ বিক্রিয়া
B) সামঞ্জস্য বিক্রিয়া
C) অসামঞ্জস্য বিক্রিয়া
D) কোনটিই নয়

✳ ৩.১০ জারণ বিজারণ অর্ধ বিক্রিয়া

99. নিচের কোনটি জারক নয়?

- A) H_2SO_4 B) ধাতুর আস আয়ন
C) ধাতুর ইক আয়ন D) $K_2Cr_2O_7$

100. নিচের কোনটি বিজারক পদার্থ নয়?

- A) $LiAlH_4$ B) $SnCl_2$
C) $Na_2S_2O_3$ D) $HClO_4$

101. নিচের কোনটি বিজারক পদার্থ?

- A) $(COOH)_2$ B) $SnCl_4$
C) $FeCl_3$ D) PbO_2

102. নিচের কোনটি জারক পদার্থ?

- A) CO B) $Na_2S_2O_3$
C) H_2S D) MnO_2

103. নিচের কোন পদার্থটি জারক ও বিজারক উভয় হিসেবে আচরণ করে?

- A) O_2 B) HNO_3
C) NO_3 D) H_2O_2

104. নিচের কোন যৌগটি বিজারক হিসেবে কাজ করতে পারে না?

- A) H_2S B) HNO_3
C) Na D) H_2O_2

105. নিম্নের কোনটি জারক নয়?

- A) MnO_2 B) CO
C) I_2 D) H_2O_2

106. নিচের কোনটি সবচেয়ে শক্তিশালী বিজারক?

- A) Al B) Zn
C) Fe D) Li

✳ ৩.১১ নির্দেশক

107. নির্দেশক মূলত কত প্রকার?

- A) ৫ B) ২
C) ৩ D) ৪

108. নির্দেশক কিসের ন্যায় আচরণ করে?

- A) সবল অম্ল B) সবল ক্ষারক
C) দুর্বল অম্ল ও দুর্বল ক্ষার D) সবগুলো

109. ফেনলফথ্যালিন এর বর্ণ পরিবর্তনের পরিসর কত?

- A) 8.2–9.8 B) 8.0–9.6
C) 7.2–8.8 D) 6.8–8.4

110. লিটমাস এর বর্ণ পরিবর্তনের পরিসর কত?

- A) 8.2–9.8 B) 6.0–8.0
C) 3.1–4.4 D) 6.0–7.6

111. মিথাইল রেড এর বর্ণ পরিবর্তনের পরিসর কত?

- A) 4.2–6.3 B) 3.1–4.4
C) 7.2–8.8 D) 8.2–9.8

112. ফেনল রেড এর বর্ণ পরিবর্তনের পরিসর কত?

- A) 6.8–8.4 B) 4.2–6.3
C) 7.2–8.8 D) 8.2–9.8

113. মিথাইল অরেঞ্জ এর বর্ণ পরিবর্তনের পরিসর কত?

- A) 3.1–4.4 B) 4.2–6.3
C) 6.0–7.6 D) 8.0–9.6

114. কোন নির্দেশকটি অম্লীয় মাধ্যমে লাল বর্ণ ধারণ করে না?

- A) লিটমাস B) মিথাইল অরেঞ্জ
C) থাইমল ব্লু D) ব্রোমোথাইমল ব্লু

115. কোন নির্দেশকটি অম্লীয় মাধ্যমে হলুদ বর্ণ ধারণ করে না?

- A) ক্রিসল রেড B) ব্রোমোক্রিমল গ্রিন
C) ফেনল রেড D) থাইমল থ্যালিন

116. ফেনলফথ্যালিন অম্লীয় মাধ্যমে কোন বর্ণ ধারণ করে?

- A) লাল B) নীল
C) হলুদ D) বর্ণহীন

117. লিটমাস অম্লীয় মাধ্যমে কি বর্ণ ধারণ করে?

- A) লাল B) নীল
C) হলুদ D) বেগুনী

118. অজানা মাত্রার যে দ্রবণকে টাইট্রেশন করা হয় তাকে কি বলে?

- A) টাইট্রেন্ট B) ট্রাইট্রান্ড
C) ডাইট্রেন্ট D) কোনটিই নয়

119. থাইমল ব্লু বর্ণ পরিবর্তনের পরিসর কত?

- A) 8.0–9.6 B) 8.2–9.8
C) 7.2–8.8 D) 6.0–7.6

120. মিথাইল অরেঞ্জ অম্লীয় মাধ্যমে কোন বর্ণ ধারণ করে?

- A) লাল B) হলুদ
C) কমলা D) নীল

121. ফেনলফথ্যালিন ক্ষারীয় মাধ্যমে কোন বর্ণ ধারণ করে?

- A) লালচে বেগুনি B) নীল
C) লাল D) হলুদ

122. Fe_2O_3 এর অম্লত্ব কত?

- A) 2 B) 3
C) 6 D) 5

123. $Al(OH)_3$ এর অম্লত্ব কত?

- A) 2 B) 1
C) 3 D) 6

124. এসিড নীল লিটমাসকে-

- A) লাল করে B) বর্ণহীন করে
C) বেগুনি করে D) সবুজ করে

125. ক্ষারীয় দ্রবণে মিথাইল অরেঞ্জ নির্দেশক যোগ করলে নিম্নের কোন রং দেখা যাবে?

- A) গোলাপী B) লাল
C) বেগুনী D) হলুদ

126. নিম্নের কোনটি pH এ পরিবর্তনের সাথে রং পরিবর্তন করে না?

- A) ফেনল রেড B) নিউট্রাল রেড
C) ব্রোমোসালফথেলিন D) মিথাইল ভায়োলেট

127. মৃদু এসিড তীব্র ক্ষারের টাইট্রেশনের প্রথম বিন্দুর জন্য উপযুক্ত নির্দেশক কোনটি?

- A) মিথাইল রেড B) মিথাইল অরেঞ্জ
C) মিথাইল ব্লু D) ফেনলফথ্যালিন

✳ ৩.১৫ দ্রবণের ঘনমাত্রা নির্ণয়ে বিয়ার-ল্যাম্বার্ট সূত্রের ব্যবহার
128. ঔষধ শিল্পে ট্যাবলেটে কি পরিমাণ ঔষধ রয়েছে তা নির্ণয় করতে কোন সূত্র কাজে লাগানো হয়?

- A) বিয়ার-ল্যাম্বার্ট সূত্র B) নিউটনের সূত্র
C) এডিসনের সূত্র D) গ্যালিলিও সূত্র

129. একট্রিশন গুণক এর CGS এককে একক কোনটি?

- A) Cm B) m
C) Cm^{-1} D) m^{-1}

130. বিজ্ঞানী বিয়ার কত সালে বিয়ারের সূত্র প্রদান করেন?

- A) 1852 B) 1768
C) 1952 D) 1752

131. নির্দিষ্ট ও অপরিচিত আলোর মাত্রার অনুপাত বা ট্রান্সমিটেন্স মাত্রা কি হারে হ্রাস পায়?

- A) জ্যামিতিক হারে B) বীজগাণিতিক হারে
C) গাণিতিক হারে D) কোনটিই নয়

✳ ৩.১৬ পারমাণবিক শোষণ বর্ণালী

132. পারমাণবিক শোষণ বর্ণালি কি বর্ণের রেখা সৃষ্টি করে?

- A) কালো B) লাল
C) নীল D) সবুজ

133. পারমাণবিক শোষণ বর্ণালির ব্যবহার নয় কোনটি?

- A) মৌলিক পদার্থ শনাক্তকরণে
B) ধাতব অপদ্রব্য শনাক্তকরণে
C) এনটমির গবেষণায়
D) টেক্সকোলজি গবেষণায়

134. Na পরমাণুর বেলায় তরঙ্গ দৈর্ঘ্য (λ) এর মান কত?

- A) 5900 nm B) 590 nm
C) 590 Å D) 950 Å

135. অক্সি-অ্যাসিটিলিন মিশ্রণের দহনে কত তাপমাত্রার সৃষ্টি হয়?

- A) 1200°C B) 2500°C
C) 3600°C D) 2200°C

136. পারমাণবিক শোষণ বর্ণালি মাপক এর অংশ নয় কোনটি?

- A) পরীক্ষণীয় মৌল দ্বারা নির্মিত ফাঁপা ক্যাথোড ল্যাম্প
B) নমুনা এটমাইজার সেল
C) দৈত রশ্মি বর্ণালিমাপক
D) সবগুলো

✳ ৩.১৭ UV দৃশ্যমান স্পেকট্রোস্কোপি

137. UV-Vis স্পেকট্রোস্কোপ যন্ত্রটিতে Vis আলো

(Visible) রশ্মিও উৎসরূপে কি ল্যাম্প ব্যবহৃত হয়?

- A) টাইটেনিয়াম ফিলামেন্ট ল্যাম্প
B) টাংস্টেন ফিলামেন্ট ল্যাম্প
C) ডিউটেরিয়াম ল্যাম্প
D) সবগুলো

138. UV-Vis স্পেকট্রোস্কোপের ব্যবহার নয় কোনটি?

- A) নমুনা দ্রবণের ঘনমাত্রা নির্ণয়
B) জৈব যৌগের কার্যকরী মূলক নির্ণয়
C) একান্তর দ্বিবন্ধন নির্ণয়
D) অ্যালিফেটিক যৌগের চক্র উপস্থিত দ্বিবন্ধন সংখ্যা নির্ণয়

✳ ৩.১৮ উচ্চ দক্ষতা সম্পূর্ণ তরল ক্রোমাটোগ্রাফি

139. HPLC এর যান্ত্রিক বিন্যাস মতে কোনটি থাকে না?

- A) স্থির মাধ্যম
B) ডিটেক্টর
C) স্থির মাধ্যমের একাধিক পাম্প
D) নমুনা মিশ্রণের পাত্র

140. HPLC এর অনন্য বৈশিষ্ট্য নয় কোনটি?

- A) পৃথকীকরণে উচ্চতর দক্ষতা
B) কলামের ব্যাস 30-250 mm হয়
C) অতিদ্রুত পৃথকীকরণ
D) নিখুঁত পরিমাণত বিশ্লেষণ

141. HPLC কাদের ক্ষেত্রে খুবই কার্যকর?

- A) অনুঘাতী যৌগ B) উদ্বায়ী যৌগ
C) তরল যৌগ D) কঠিন যৌগ

142. HPLC তে কোন শনাক্তকারী যন্ত্র বেশি ব্যবহৃত হয়?

- A) প্রতিপ্রভা শনাক্তকারী
B) ভর বর্ণালিমাপক
C) NPR বর্ণালিমাপক
D) অতিবেগুনি অ্যামব্যান্স শনাক্তকারী

143. গ্যাস তরল ক্রোমাটোগ্রাফি এক ধরনের পার্টিকুল ক্রোমাটোগ্রাফি, যেখানে চলমান দশাটি কি গ্যাস?

- A) হ্যালোজেন গ্যাস B) অক্সিজেন গ্যাস
C) নিষ্ক্রিয় গ্যাস D) কোনটিই নয়

144. নিচের কোনটির বেলায় সবল মাধ্যমরূপে হিলিয়াম ব্যবহৃত হয়?

- A) GLPC B) TLC
C) HPLC D) CC

145. HPLC এর ক্ষেত্রে সক্রিয় শোষক কলের দৈর্ঘ্য কত?

- A) 30-35mm B) 50-350 mm
C) 30-250mm D) 50-75 mm

✳ ৩.১৯ গ্যাস ক্রোমাটোগ্রাফি

146. গ্যাস ক্রোমাটোগ্রাফিতে সচল মাধ্যম নিচের কোনটি?

- A) O₂ গ্যাস B) নিষ্ক্রিয় হিলিয়াম
C) N₂ গ্যাস D) সক্রিয় হিলিয়াম

147. গ্যাস ক্রোমাটোগ্রাফি আংশিক পাতনের-

- A) কম B) বেশি
C) সমতুল্য D) সমানুপাতিক

148. স্থির দশার প্রকৃতির উপর নির্ভর করে কত ধরনের গ্যাস ক্রোমাটোগ্রাফি প্রচলিত?

- A) ২ B) ৩
C) ৫ D) ৭

149. গ্যাস ক্রোমাটোগ্রাফিতে ব্যবহারযোগ্য বাহক গ্যাস কোনটি?

- A) O₂ B) Cl₂
C) N₂ D) H₂

Home Practice Answer :

1D 2D 3D 4A 5B 6C 7B 8A 9B 10C 11D 12A 13D 14A
15C 16C 17C 18A 19B 20C 21A 22B 23B 24D 25C
26D 27B 28A 29A 30A 31D 32B 33B 34A 35C 36B
37B 38C 39B 40D 41B 42A 43C 44A 45D 46A 47B
48A 49A 50A 51B 52D 53D 54C 55A 56D 57B 58A
59B 60B 61A 62D 63A 64C 65C 66D 67B 68A 69C
70B 71D 72A 73A 74A 75A 76A 77A 78B 79A 80A
81C 82C 83A 84A 85A 86A 87B 88C 89C 90B 91A
92A 93A 94A 95A 96A 97B 98C 99B 100D 101A 102D
103D 104B 105B 106D 107B 108C 109A 110B 111A
112A 113A 114D 115D 116D 117A 118B 119A 120A
121A 122C 123C 124A 125D 126B 127D 128A 129C
130B 131A 132A 133C 134B 135D 136C 137B 138D
139C 140B 141C 142D 143C 144A 145C 146B 147C
148A 149C

Home Exam : 23

- কোন বিক্রিয়াটি জারণ-বিজারণ বিক্রিয়া নয়?
A) $\text{CaCO}_3 \rightarrow \text{CaO} + \text{CO}_2$
B) $\text{CO}_2 + \text{C} \rightarrow 2\text{CO}$
C) $2\text{H}_2\text{O}_2 \rightarrow 2\text{H}_2\text{O} + \text{O}_2$
D) $\text{Fe}_2\text{O}_3 + 3\text{CO} \rightarrow \text{Fe} + 3\text{CO}_2$
- সেকেন্ডারী স্ট্যান্ডার্ড বিকারক কোনটি?
A) $\text{Na}_2\text{C}_2\text{O}_7$ B) NaOH
C) $\text{Na}_2\text{C}_2\text{O}_3$ D) কোনটিই নয়
- মিথাইল রেড ক্ষারীয় মাধ্যমে কি বর্ণ প্রদর্শন করে?
A) লাল B) নীল
C) হলুদ D) বর্ণহীন
- KMnO_4 ও সোডিয়াম অক্সালেট এর বিক্রিয়ায় নিচের কোনটি নির্দেশক হিসেবে ব্যবহৃত হয়?
A) মিথাইল অরেঞ্জ B) লিটমাস
C) কোন নির্দেশকই নেই D) থাইমল ব্লু
- একটি Na পরমাণুর ভর কত?
A) $3.9 \times 10^{-23} \text{g}$ B) $6.2 \times 10^{-23} \text{g}$
C) $5.3 \times 10^{-23} \text{g}$ D) $3.8 \times 10^{-23} \text{g}$
- বিভিন্ন যৌগে সালফারের জারণ অবস্থা কত?
A) +2 B) +4
C) +6 D) সবগুলোই
- 2g NaOH 500mL দ্রবণে দ্রবীভূত থাকলে NaOH এর মোলারিটি কত?
A) 1M B) 2M
C) 0.01M D) 0.5M
- গ্যাস তরল ক্রোমাটোগ্রাফী কলামের তাপমাত্রা কত?
A) 250–500°C B) 300–350°C
C) 150–400°C D) 200–500°C
- তীব্র এসিড-তীব্র ক্ষারের বিক্রিয়ার নির্দেশক নিচের কোনটি?
A) মিথাইল অরেঞ্জ B) মিথাইল রেড
C) ফেনফথ্যালিন D) সবগুলোই
- মৃদু এসিড তীব্র ক্ষারের প্রশমন বিক্রিয়ার উপযুক্ত নির্দেশক কোনটি?
A) মিথাইল রেড B) থাইমল ব্লু
C) ফেনফথ্যালিন D) সবগুলো
- নিচের কোনটিতে S এর জারণ সংখ্যা সবচেয়ে কম?
A) H_2SO_3 B) H_2SO_4
C) H_2S D) NaHSO_4
- $2\text{FeCl}_3 + \text{SnCl}_2 \rightarrow 2\text{FeCl}_2 + \text{SnCl}_4$ এই বিক্রিয়ায় কে বিজারিত হয়েছে?
A) Fe^{3+} B) Sn^{2+}
C) Sn^{4+} D) Fe^{2+}
- 7.1g Cl গ্যাসের মধ্যে কত মোল Cl_2 আছে?
A) 1.5mol B) 2.3mol
C) 0.1mol D) 0.01mol
- STP তে যে কোন গ্যাসের 1L এ কত মোল গ্যাস থাকে?
A) 0.284 B) 0.045
C) 0.45 D) 40.5
- রোগীর রক্তে গ্লুকোজের পরিমাণ 10mmol/L, mg/dl এককে কত হবে?
A) 180 B) 22.4
C) 18 D) 0.18
- মোলারিটিতে 10% Na_2CO_3 দ্রবণের ঘনমাত্রা কত?
A) 0.9M B) 0.6M
C) 1.9M D) 0.3M
- 300mL 0.25M দ্রবণ তৈরি করতে কি পরিমাণ Na_2CO_3 লাগে?
A) 7.95g B) 7.0g
C) 5.40g D) 10.16g
- প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ হচ্ছে-
A) KMnO_4 B) NaOH
C) $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$ D) $\text{Na}_2\text{S}_2\text{O}_3$
- নিচের কোনটি সেকেন্ডারী স্ট্যান্ডার্ড পদার্থ নয়?
A) HCl B) NaOH
C) Na_2CO_3 D) $\text{Na}_2\text{S}_2\text{O}_3$
- কোনটি প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ নয়?
A) $\text{Na}_2\text{C}_2\text{O}_4 \cdot 2\text{H}_2\text{O}$ B) KMnO_4
C) Na_2CO_3 D) $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$
- কোনটি অ্যাভোড্রো সঙ্খ্যার মান?
A) 6.02×10^{23} B) 6.30×10^{-23}
C) 6.203×10^{23} D) 6.032×10^{23}
- নিচের কোনটি ডেসিমোলার দ্রবণ?
A) 0.1M B) 0.5M
C) 0.01M D) 01M
- সবল এসিড দুর্বল ক্ষারের প্রশমন বিন্দুর মান কত?
A) 5.27 B) 8.8
C) 7 D) পাওয়া যায়না
- প্রাইমারী স্ট্যান্ডার্ড দ্রবণের বৈশিষ্ট্য হলো-
A) বাফার ধর্ম আছে B) দ্রুত বাষ্পায়িত হয়
C) ঘনমাত্রা অপরিবর্তিত থাকে D) উপরের কোনটিই নয়
- N_2O_5 যৌগে N এর জারণ মান কত?
A) -3 B) +3
C) 5 D) +5
- নিচের কোনটি জারণ-বিজারণ বিক্রিয়া নয়?
A) $\text{H}_2\text{S} + \text{Cl}_2 \rightarrow 2\text{HCl} + \text{S}$
B) $4\text{HCl} + \text{MnO}_2 \rightarrow \text{Cl}_2 + \text{MnCl}_2 + 2\text{H}_2\text{O}$
C) $\text{CuSO}_4 + 2\text{NH}_4\text{OH} \rightarrow \text{Cu}(\text{OH})_2 + (\text{NH}_4)_2\text{SO}_4$
D) $\text{H}_2\text{O} + \text{Cl}_2 \rightarrow \text{HOCl} + \text{HCl}$
- $2\text{K} + \text{F}_2 \rightarrow 2\text{KF}$ বিক্রিয়ার জারক কোনটি?
A) K B) F^-
C) F_2 D) K^+

28. নিচের কোনটি বিজারক?
A) SnCl_2 B) $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$
C) KMnO_4 D) উপরের সবগুলোই
29. $\text{Na}_2\text{S}_2\text{O}_3$ তে S এর জারণ সংখ্যা কত?
A) 8 B) 2
C) 6 D) 4
30. 44g CO_2 গ্যাসে কত মোল CO_2 গ্যাস আছে?
A) 1mol B) 2mol
C) 0.44mol D) 0.1mol
31. 1L বিশুদ্ধ পানিতে কত মোল পানি আছে?
A) 18 mol B) 55.5mol
C) 35mol D) 1mol
32. 20% NaOH দ্রবণের মোলারিটি কত?
A) 5M B) 2M
C) 3M D) 4M
33. পারমাণবিক বর্ণালীর ব্যবহার কোনটি?
A) Pb ও Cr শনাক্তকরণ
B) ধাতব অপদ্রব্য শনাক্তকরণ
C) বায়োফিজিক্স
D) কার্যকরী মূলক নির্ণয়
34. প্রমাণ অবস্থায় 8.5g NH_3 গ্যাসের আয়তন কত?
A) 17gL B) 22.9L
C) 11.2L D) 94L
35. 0.001M HCl দ্রবণের pH কত?
A) 1 B) 3
C) 2 D) 4
36. গ্রাম এলাকার পরিষ্কার বায়ুতে CO গ্যাসের পরিমাণ কত?
A) 0.005PPM B) 0.05PPMV
C) 50PPMV D) 7.1ppm
37. 5g O_2 গ্যাস তৈরিতে কত গ্রাম KClO_3 প্রয়োজন?
A) 12.77g B) 35-7g
C) 9.77g D) 20g
38. নিচের কোনটি প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ?
A) KMnO_4 B) NaOH
C) $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$ D) $\text{Na}_2\text{S}_2\text{O}_3$
39. নিচের কোনটি জারক নয়?
A) MnO_2 B) CO
C) I_2 D) H_2O_2
40. ক্ষারীয় দ্রবণে মিথাইল অরেঞ্জ যোগ করলে কোন রং দেখা যাবে?
A) গোলাপী B) লাল
C) সবুজ D) কোনটিই নয়
41. pH সম্পর্কে কোনটি সঠিক?
A) pH = 7 দ্রবন নিরপেক্ষ B) pH > 7, দ্রবন ক্ষারীয়
C) pH < 7, দ্রবণ অম্লীয় D) সবগুলো সত্য
42. ফেনল রেডের বর্ণ পরিবর্তনের pH পরিসর কোনটি?
A) 6.8 -8.4 B) 3.8-5.4
C) 3.1-4.4 D) 7.3-8.5
43. অম্লীয় মাধ্যমে নিচের কোন নির্দেশকটি হলুদ?
A) মিথাইল অরেঞ্জ B) ক্রিসল রেড
C) থাইমল থ্যালিন D) ফেনফথ্যালিন
44. তীব্র এসিড মৃদু ক্ষারক টাইট্রেশনে ব্যবহার উপযোগী নির্দেশক কোনটি?
A) মিথাইল অরেঞ্জ B) মিথাইল রেড
C) ক্রিসল রেড D) কোনটিই নয়
45. $\text{K}_2\text{Cr}_2\text{O}_7$ যৌগে Cr এর জারণ সংখ্যা কত?
A) +6 B) -12
C) -6 D) +12
46. 5g ফেরাস সালফেটকে সম্পূর্ণ জারিত করতে কত গ্রাম KMnO_4 লাগবে?
A) 1.04 B) 3.2
C) 5g D) 6.2g
47. Cl_2O_7 যৌগের Cl এর জারণ সংখ্যা কোনটি?
A) -7 B) +9
C) +7 D) -9
48. HClO_4 -এ Cl এর জারণ সংখ্যা কত?
A) +7 B) +6
C) +5 D) +4
49. 0.05M H_2SO_4 দ্রবণের pH কত?
A) 10 B) 1
C) 0.01 D) 3
50. $[\text{Fe}(\text{CN})_6]^{4-}$ এ Fe এর জারণ সংখ্যা কত?
A) +2 B) -2
C) +4 D) -4
51. অম্লীয় মাধ্যমে ফেনফথ্যালিনের বর্ণ কেমন?
A) গোলাপী B) হলুদ
C) বর্ণহীন D) নীল
52. নিচের কোনটি তাপমাত্রার উপর নির্ভরশীল নয়?
A) নরমালিটি B) মোলারিটি
C) মোলালিটি D) ফরমালিটি
53. 1 লিটার দ্রবনে 1 মোল দ্রবীভূত থাকলে ঐ দ্রবনকে বলা হয়-
A) মোলাল দ্রবণ B) নরমাল দ্রবণ
C) মোলার দ্রবণ D) অসমোলার দ্রবণ
54. ১ কেজি দ্রবনে ১ গ্রাম মোল দ্রবীভূত থাকলে তাকে বলা হয়?
A) মোলার দ্রবণ B) নরমাল দ্রবণ
C) অসমোলার দ্রবণ D) মোলাল দ্রবণ
55. নাইট্রিক এসিডের আণবিক ভর কত?
A) 50 B) 63
C) 70 D) 73
56. ১ লিটার মোলার দ্রবণ তৈরি করতে কত গ্রাম Na_2CO_3 লাগবে?
A) 53g B) 106g
C) 54g D) 160g
57. কোনটি বিজারক হিসেবে কাজ করে?
A) KMnO_4 B) HNO_3
C) H_2S D) CO_2

58. S.T.P তে সকল গ্যাসের মোলার আয়তন কত?
 A) 22.8L B) 22.9L
 C) 24.2L D) 22.4L
59. 1mol পানিতে অণুর সংখ্যা কত?
 A) 6.02×10^{-23} টি B) 6.02×10^{23} টি
 C) 6.02×10^{12} টি D) 6.02×10^{11} টি
60. 0.44g CO₂ গ্যাসে কত মোল CO₂ গ্যাস থাকে?
 A) 0.01 B) 0.1
 C) 0.05 D) 1.0
61. গ্লুকোজের 1g মোল কোনটি?
 A) 160 B) 180
 C) 200 D) 240
62. 6.02×10^{23} টি CO₂ অণুর STP তে আয়তন কত?
 A) 22.4L B) 224L
 C) 2.24L D) 224.4L
63. 5g CO₂ গ্যাসের STP তে আয়তন কত?
 A) 2.24L B) 2.54L
 C) 22.4L D) 5.245
64. প্রমাণ অবস্থায় 1.7g NH₃ গ্যাসের আয়তন কত?
 A) 22.4L B) 2.24L
 C) 224L D) 34L
65. দ্রবণের ঘনমাত্রা প্রকাশের জন্য ব্যবহৃত একক নয় কোনটি?
 A) মোলারিটি B) মোলালিটি
 C) মোল ভগ্নাংশ D) অসমোলারিটি
66. ল্যাবরেটরিতে সাধারণত কত ঘনমাত্রার দ্রবণ ব্যবহৃত হয়?
 A) 1M B) 0.5M
 C) 0.1M D) 0.01M
67. PPM অর্থ হলো-
 A) s/g B) g/kg
 C) mol/L D) mg/L
68. প্রতি লিটার দ্রবণে দ্রবের পরিমাণ অর্ধমোল হলে দ্রবণটি হবে-
 A) মোলার B) সেমিমোলার
 C) ডেসিমোলার D) সেন্টিমোলার
69. কোনটি সেন্টিমোলার দ্রবণ?
 A) 0.01M B) 0.05M
 C) 0.001M D) 0.5M
70. 10% Na₂CO₃ দ্রবণের মোলারিটিতে মাত্রা কত?
 A) 9.434M B) 0.9434M
 C) 8.9434M D) 250g
71. রোগীর রক্তে গ্লুকোজের মান 15mol/L, mg/dl এককে পরিমাণ কত হবে?
 A) 1 B) 10
 C) 250 D) 270
72. আয়তনিক বিশ্লেষণে প্রমাণ দ্রবণ রূপে কোনটি ব্যবহার করা যায়?
 A) প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ
 B) সেকেন্ডারী স্ট্যান্ডার্ড পদার্থ
 C) টারশিয়ারী স্ট্যান্ডার্ড পদার্থ
 D) কোয়ারটারনারী স্ট্যান্ডার্ড পদার্থ
73. যে সকল দ্রবণের ঘনমাত্রা সঠিকভাবে জানা যায় তাদের কি বলে?
 A) প্রমাণ দ্রবণ B) মোলাল দ্রবণ
 C) নরমাল দ্রবণ D) কোনটিই নয়
74. প্রশমন বিন্দুতে pH = 7 হয় যখন বিক্রিয়া হয়-
 A) সবল এসিড + সবল ক্ষার
 B) দুর্বল এসিড + দুর্বল ক্ষার
 C) সবল এসিড + দুর্বল ক্ষার
 D) দুর্বল এসিড + সবল ক্ষার
75. HPLC তে সচল মাধ্যম হিসেবে কি ব্যবহৃত হয়?
 A) N₂ গ্যাস B) মিথানল ও পানি
 C) অ্যালুমিনাজেল D) সিলিকাজেল
76. HPLC এর পূর্ণরূপ কোনটি?
 A) High pressure liquid chromatography
 B) High performance liquid chromatography
 C) High power liquid chromatography
 D) High photo liquid chromatography
77. 1PPM = কত?
 A) 1 mol/L B) 1mg/ml
 C) 1ug/L D) 100ug/L
78. A = ECl মতে নিচের কোনটি সঠিক?
 A) A= শোষণাঙ্ক B) E= ঘনমাত্রা
 C) l= সেলের পুরুত্ব D) C= শোষণ
79. নিচের কোনটি লুইস অম্ল?
 A) AlCl₃ B) NH₃
 C) H₂O D) CH₃OH
80. নিচের কোনটির বেলায় সচল মাধ্যমরূপে হিলিয়াম কাজ করে?
 A) TLC B) HPLC
 C) GLPC D) CC
81. নিচের কোনটি প্রমাণ দ্রবণ?
 A) 1 M Na₂CO₃ B) 1g H₂SO₄
 C) 1ml H₂SO₄ D) 1mol H₂SO₄
82. অণীয় পটাশিয়াম পারম্যাঙ্গানেটের বিক্রিয়াকালে কেন্দ্রীয় পরমাণু কতটি e-গ্রহণ করে?
 A) 2 B) 3
 C) 4 D) 5
83. S₄O₆²⁻ আয়নটিতে S এর জারণ মান হলো-
 A) +2 B) +2.5
 C) 3.5+ D) +6
84. CuSO₄ + KI → Cu₂I₂ + I₂ + K₂SO₄ বিক্রিয়ায় বিজারক কোনটি?
 A) Cu²⁺ B) I₂
 C) K⁺ D) I⁻

85. নিচের কোনটিতে কার্বনের যোজনী ও জারণ সংখ্যার মান সমান?
 A) C_2H_6 B) $CHCl_3$
 C) CH_2Cl_2 D) CCl_4
86. 49g $KClO_3$ থেকে কত গ্রাম O_2 তৈরি হবে?
 A) 20g B) 19g
 C) 19.2g D) 21g
87. অতি সাধারণভাবে ব্যবহৃত অম্ল-ক্ষারক নির্দেশক কোনটি?
 A) ফেনফথ্যালিন B) চা
 C) মিথাইল রেড D) কালোজাম
88. ক্ষারীয় মাধ্যমে কোনটির বর্ণ লালচে বেগুনী হয়?
 A) ফেনফথ্যালিন B) থাইমল থ্যালিন
 C) ফেনল রেড D) লিটমাস
89. নিচের কোনটি বিজারক হিসাবে কাজ করে না?
 A) H_2S B) HNO_3
 C) Na D) H_2O_2
90. অসামঞ্জস্য বিক্রিয়ায় কোনটি ঘটে?
 A) জারণ ঘটে
 B) বিজারণ ঘটে
 C) জারণ সংখ্যা অপরিবর্তিত থাকবে
 D) জারণ-বিজারণ উভয়ই থাকবে
91. ফসফোনিক এসিডে P এর জারণ সংখ্যা কত?
 A) +1 B) +5
 C) +3 D) +4
92. পারমাণবিক শোষণ বর্ণালীর ব্যবহার নেই কোথায়?
 A) ফার্মাকোলজি B) সাইকোলজি
 C) বায়োফিজিক্স D) টক্সিকোলজি
93. নিচের কোনটি বিয়ার ল্যান্ডার্ট সূত্র নামে পরিচিত?
 A) $I = aEc$ B) $C = \epsilon AI$
 C) $A = \epsilon CI$ D) ϵACI
94. নিচের কোনটি বিজারক হিসাবে কাজ করে?
 A) $KMnO_4$ B) CO_2
 C) H_2S D) Conc. HNO_3
95. নিচের কোনটি স্পেক্ট্রোমিটারের অংশ নয়?
 A) আলোক উৎস B) ডাইক্রোমেটর
 C) ডিটেক্টর D) কম্পিউটার
96. যে প্রণালি রাসায়নিক বিক্রিয়ায় বিমুক্ত আয়োডিনকে টাইট্রেশন করা হয় তাকে কি বলে?
 A) আয়োডোমিতি B) আয়োডিমিতি
 C) টিংচার আয়োডিন D) আয়োডো ডাইশেন
97. দ্রবনের শতকরা ঘনামাত্রাকে কতটি শ্রেণিতে ভাগ করা যায়?
 A) 1 B) 2
 C) 3 D) 4
98. গ্যাস ফ্রোম্যাটেগ্রাফী কিসের সমতুল্য?
 A) টাইট্রেশন B) পাতন
 C) আংশিক পাতন D) বাষ্প পাতন
99. ১ কেজি দ্রবনে 1g মোল দ্রবীভূত থাকলে তাকে বলে-
 A) মোলারিটি B) নরমালিটি
 C) মোলালিটি D) মোল ভগ্নাংশ
100. H_2SO_4 এর অম্লত্ব কত?
 A) 2 B) 3
 C) 4 D) 5

পরিমাণগত রসায়ন :

৩.১ রাসায়নিক গণনা ও গ্যাসের মোলার আয়তন	5,13,14,21,30,31,55,58,59,60,62,63,64,34,61
৩.১.৩ আয়নিক সমীকরণ	12,56
৩.২ রাসায়নিক সমীকরণ থেকে উৎপাদ গ্যাসের আয়তন নির্ণয়	37
৩.৫ দ্রবনের মোলার ঘনমাত্রা বা মোলারিটি	2,7,18,19,20,17,24,38,54,73,81,22,68,66,65,53
৩.৬ মোলারিটিকে শতকরা ও পিপিএম এককে রূপান্তর	36
৩.৬.১ দ্রবনের মোলারিটি ও শতকরা হারের পারস্পরিক রূপান্তর	32,67,70,99,15
৩.৬.২ দ্রবনের মোলারিটিকে পিপিএম এককে রূপান্তর	5,16,71,77,67
৩.৮ এসিড-ক্ষার প্রশমন বিক্রিয়া ও প্রশমন বিন্দু	9,10,23,41,44,74,49,35,100
৩.৯ জারণ-বিজারণ বিক্রিয়া	1,11,28,39
৩.৯.১ জারণ-সংখ্যা ও রিডক্স বিক্রিয়া	29,45,47,48,50,57,83,85,89,91,94
৩.৯.৩ জারণ-সংখ্যা ও বিশেষ রিডক্স বিক্রিয়া	6,90
৩.১০ জারণ-বিজারণ অর্ধ-বিক্রিয়া	82,84
৩.১১ নির্দেশক	3,40,42,43,51,57,88,4
৩.১৩ টাইট্রেশন দ্বারা অজানা ঘনমাত্রা দ্রবনে এসিড/ক্ষার পরিমাণ নির্ণয়	97
৩.১৪.১ আয়োডিনযুক্ত জারণ-বিজারণ টাইট্রেশন; আয়োডিমিতি ও আয়োডোমিতি	46,96
৩.১৫ দ্রবনের ঘনমাত্রা নির্ণয় বিয়ার-ল্যাংগার্ট সূত্রের ব্যবহার	78,93
৩.১৬ পারমাণবিক শোষণ বর্ণালী	33,92
৩.১৭ UV-দৃশ্যমান স্পেকট্রোস্কোপি	95
৩.১৮ উচ্চ দক্ষতা সম্পন্ন তরল ক্রোমাটোগ্রাফি	74,75,76,80
৩.১৯ গ্যাস-ক্রোমাটোগ্রাফি	8,98

Home Exam Answer :

1A 2B 3C 4C 5A 6D 7A 8A 9D 10C 11C 12A 13C 14B 15A 16A 17A 18C 19C 20B 21A 22A 23A 24C 25D 26C
 27C 28A 29B 30A 31B 32A 33A 34C 35B 36B 37A 38C 39B 40D 41D 42A 43B 44B 45A 46A 47C 48A 49B 50A
 51C 52C 53C 54D 55B 56B 57C 58D 59B 60A 61B 62A 63B 64B 65D 66C 67D 68B 69A 70B 71D 72A 73A 74A
 75B 76B 77A 78C 79A 80C 81A 82D 83B 84D 85D 86C 87A 88A 89B 90D 91C 92B 93C 94C 95B 96B 97C 98C
 99C 100A

বিডিনিয়োগ.কম

চাল যদি পেতে চাও
TEXT BOOK
হাতে নাও!

CHEMISTRY 24

সহায়ক নোট

TOPIC

তড়িৎ রসায়ন

Concept & Creation : Dr. Jony

মেডিকেল এবং
ডাসিটি
সম্মিলিত ভর্তি প্রস্তুতি

বিডি নিয়োগ.কম

সংস্করণ

২০২০

২০২১

২০২২

২০২৩

২০১৯ সালের মেডিকেল ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুকদের

চাল পেতে সবচেয়ে কার্যকরী পদক্ষেপ

মেডিকেল ভর্তি পরীক্ষায় বিগত বছরগুলোতে প্রতিটি প্রশ্নই এইচ.এস.সির মূল বই (Text Book) থেকে হয়েছে। তাই ভর্তি পরীক্ষায় প্রত্যাশিত সাফল্য পেতে হলে একজন শিক্ষার্থীকে অবশ্যই জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞানের মূল বই ভালভাবে বুঝে পড়তে হবে। এর পাশাপাশি ইংরেজী ও সাধারণ জ্ঞান নিয়মিত অনুশীলন করতে হবে।

এই প্রেক্ষাপটে মেডিকোর পরিকল্পনা

গুরু থেকেই প্রতিটি বিষয়ের মূল বইকে প্রাধান্য দিয়ে মেডিকেল ভর্তি পরীক্ষার জন্য শিক্ষার্থীদেরকে সঠিকভাবে তিন ধাপে প্রস্তুত করা হবে।

১

মেডিকোর ক্লাস (মূল বই ভিত্তিক)

[বই দাগানো, টপিক বিস্তারিত বুঝিয়ে পড়ানো, মনে রাখার ভিন্নধর্মী টেকনিক বলে দেয়া, মৌখিক পরীক্ষা]

২

শিক্ষার্থী বাসায় পড়বে

[লেকচার অনুযায়ী মূল বই ভাল করে পড়তে হবে। এরপর সহায়ক নোট থেকে অন্যান্য লেখকের অতিরিক্ত তথ্য পড়তে হবে। একটি অধ্যায়ের প্রতিটি টপিক শেষ করে সহায়ক নোটের হোম প্র্যাকটিস অংশ থেকে প্রশ্নের সমাধান করবে। এরপর সহায়ক নোট থেকে বিভিন্ন লেখকের বইয়ের অনুশীলনীর প্রশ্ন সমাধান করবে। কমপ্লিট হয়ে গেলে ৩০ মিনিট সময় নিয়ে ঐ লেকচারের উপর ১০০ নাচারের হোম এক্সাম দিতে হবে। সবশেষে মেডিকোর বই থেকে সাধারণ জ্ঞান ও ইংরেজী অংশ পড়বে।

৩

মেডিকোর প্রতিটি পরীক্ষায় অংশগ্রহণ

মেডিকোর 'সহায়ক নোট' এর উদ্দেশ্য

ক্লাস টিচারের লেকচারের পর এই 'সহায়ক নোট' বিভিন্নভাবে শিক্ষার্থীর প্রস্তুতি সুদৃঢ় করবে।

- ✓ এই নোটে বিভিন্ন অধ্যায়ের গুরুত্বপূর্ণ অংশ উল্লেখ করা হয়েছে যা দেখে ভালভাবে রিভিশন দেয়া সম্ভব।
- ✓ যেহেতু বিভিন্ন বিষয়ের একাধিক লেখকের সবগুলো বই পড়া কঠিন ও সময় সাপেক্ষ, তাই এই নোটে অধ্যয়নভিত্তিক অন্যান্য লেখকের অতিরিক্ত তথ্য সমন্বয় করা হয়েছে।
- ✓ বিভিন্ন বইয়ের তথ্যের মধ্যে ভিন্নতা থাকলে সেগুলো ছক করে দেয়া আছে, যাতে মনে রাখা সহজ হয়।
- ✓ একটি অধ্যায় ভালভাবে পড়া শেষ করে বাসায় অনুশীলনের জন্য নমুনা প্রশ্ন [Home Practice & Home Exam] রয়েছে।

□

মূল বইয়ের পাশাপাশি প্রতিটি বিষয়ের অধ্যয়নভিত্তিক 'সহায়ক নোট' একজন শিক্ষার্থীর চাল পাওয়া আরও সহজতর করবে।

Instruction

তড়িৎ রসায়ন

☑ যেভাবে পড়বে ▶

ভর্তি পরীক্ষায় অবশ্যই এই অধ্যায় থেকে প্রশ্ন থাকবে। মেডিকোর লেকচার অনুযায়ী হাজারী স্যারের বই শেষ করতে হবে। এরপর সম্ভিত স্যারের বইয়ের অতিরিক্ত তথ্য।

☑ বিভিন্ন লেখকের বই থেকে গুরুত্বপূর্ণ টপিক ▶

◇ হাজারী স্যারের বই থেকে :

গ্রেড-১ : সংগা, উদাহরণ, পার্থক্য(৪.১), বিভিন্ন একক(৪.২, ৪.২.১, ৪.২.৩), সারণি ৪.১, তড়িৎ বিশ্লেষণে ব্যবহৃত পদ ও একক(৪.৩.১) ফ্যারাডের ১ম সূত্র-তড়িৎ রাসায়নিক তুল্যাংকের মান(৪.৪), ফ্যারাডের সূত্রের প্রযোজ্যতা-সীমাবদ্ধতা(৪.৪.১), গ্যালভানিক কোষের কোষ বিভবের মান(৪.৯), অর্ধকোষের প্রকারভেদ(৪.১১), গ্যালভানিক কোষ-তড়িৎ বিশ্লেষণ কোষের পার্থক্য(৪.১৪.২), লেড-স্টোরেজ ও লিথিয়াম ব্যাটারির সুবিধা-অসুবিধা(৪.১৬), লিথিয়াম ব্যাটারির সুবিধা-অসুবিধা(৪.১৬.১), ফুয়েল সেল ও প্রকারভেদ(৪.১৭), হাইড্রোজেন ফুয়েল সেলের সুবিধা(৪.১৮.২), সারণি ৪.৫

গ্রেড-২ : ফ্যারাডের সূত্রের তাৎপর্য(৪.৪.৩), শিল্পক্ষেত্রে তড়িৎ বিশ্লেষণের ব্যবহার(৪.৪), তড়িৎ রাসায়নিক কোষের প্রকারভেদ-উদাহরণ(৪.১৪)

◇ সম্ভিত স্যারের বই থেকে :

গ্রেড-১ : তড়িৎ পরিবাহীর প্রকারভেদ ও উদাহরণ(৪.১), ধাতব পরিবহনের বৈশিষ্ট্য-তড়িৎ বিশ্লেষণ পরিবহনের বৈশিষ্ট্য-পার্থক্য(৪.১), ছক(৪.২), ফ্যারাডের সূত্রের প্রযোজ্যতা ও সীমাবদ্ধতা(৪.৫), সংগা ও একক(৪.৬), পার্থক্যের ছক(৪.১৬.৩), লেড-স্টোরেজ ও লিথিয়াম ব্যাটারির সুবিধা-অসুবিধা(৪.১৮), ফুয়েল সেলের প্রকারভেদ(৪.১৯.২)

গ্রেড-২ : বিভিন্ন আয়নের তড়িৎের পরিমাণের তালিকা(৪.৩.১) ফ্যারাডের সূত্রের তাৎপর্য(৪.৫), ছক(৪.৮), ছক(৪.১০), সেকেন্ডারি নির্দেশক তড়িৎদ্বারের উদাহরণ(৪.১৩), হাইড্রোজেন ফুয়েল সেলের সুবিধা(৪.২২)

◇ কবির স্যারের বই থেকে :

গ্রেড-১ : তড়িৎ অপরিবাহীর উদাহরণ(৪.১), সারণি ৪.১, সংগা(৪.২.২), ফ্যারাডের সূত্রের প্রযোজ্যতা ও সীমাবদ্ধতা(৪.৪.১)

গ্রেড-২ : তড়িৎ বিশ্লেষণের প্রয়োগ(৪.৪.৪)

মনে রাখবে রসায়নের জন্য :

***হাজারী স্যারের বই ভালভাবে শেষ করা বেশি জরুরী

***গ্রেড-১ এর টপিকগুলো সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। উপরের গ্রেডিং সম্পূর্ণ অধ্যয়ন রিভিশন দেওয়ার একটি নির্দেশনা মাত্র। যে কেউ চাইলে তার নিজের ইচ্ছামত পড়তে পারে।

অন্যান্য লেখকের বইয়ের তথ্য :

সঞ্জিত কুমার গুহ

© তড়িৎ পরিবাহী ও এর প্রকারভেদ : তড়িৎ পরিবহনের মাত্রা ও তড়িৎ পরিবহন ক্ষমতার ওপর ভিত্তি করে পরিবাহীকে তিনটি ভাগে ভাগ করা যায়। যথা:

১. সুপরিবাহী ২. কুপরিবাহী ৩. অপরিবাহী

১. সুপরিবাহী : এর জাতীয় মাধ্যমের ভিতর দিয়ে খুব সহজেই ইলেকট্রন পরিবাহিত হয়ে থাকে। যেমন : তামা, অ্যালুমিনিয়াম, লোহা, দস্তাসহ সকল ধাতু, এসিড মিশ্রিত পানি, ক্ষার দ্রবণ, লবণের দ্রবণ ইত্যাদি।
২. কুপরিবাহী : এ জাতীয় মাধ্যমে ইলেকট্রনের প্রবাহ ঘটে তবে খুবই স্বল্প মাত্রায়। যেমন : গ্রাফাইট।
৩. অপরিবাহী : এ জাতীয় মাধ্যমের মধ্য দিয়ে ইলেকট্রন আদৌ চলাচল করতে পারে না। যেমন : কাচ, রাবার, পেট্রোল, চিনি ইত্যাদি।
৪. তবে তড়িৎ পরিবহনের পদ্ধতি তথা পরিবহনের কৌশলের ওপর ভিত্তি করে তড়িৎ পরিবাহীকে দুই ভাগে ভাগ করা যায়।
যেমন : (ক) ধাতব পরিবাহী বা ইলেকট্রনীয় পরিবাহী (খ) তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বা ইলেকট্রোলাইটিক পরিবাহী।

© ধাতব পরিবহনের বৈশিষ্ট্য :

১. এটি একটি ভৌত পরিবর্তন পদ্ধতি।
২. এ ধরনের তড়িৎ পরিবহন ধাতু বা ধাতুর সংকরের মধ্য দিয়ে ঘটে।
৩. কোনো রাসায়নিক বিক্রিয়া ঘটে না।
৪. ইলেকট্রন অত্যন্ত ক্ষুদ্র কণা ও হালকা বলে খুব দ্রুত মাধ্যমে চলাচল করতে পারে। ফলে এ জাতীয় পরিবাহীর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ ক্ষমতা সবচেয়ে বেশি।
৫. এসব পরিবাহীর ক্ষেত্রে ওহমের সূত্র প্রযোজ্য।
৬. তাপমাত্রা বৃদ্ধির সাথে তড়িৎ পরিবহন ক্ষমতার হ্রাস ঘটে।

© তড়িৎ বিশ্লেষ্য পরিবাহীর বৈশিষ্ট্য :

১. এসিড, ক্ষারক ও লবণ জাতীয় পদার্থসমূহ গলিত অবস্থায় অথবা উপযুক্ত দ্রাবকে দ্রবীভূত অবস্থায় উৎপন্ন আয়নের সাহায্যে তড়িৎ পরিবহন করে।
২. তড়িৎ প্রবাহকালে অ্যানোড তড়িৎদ্বারে জারণ ও ক্যাথোড তড়িৎদ্বারে বিজারণ ঘটে। অর্থাৎ তড়িৎ পরিবহনের ফলে পদার্থের রাসায়নিক পরিবর্তন ঘটে।
৩. আয়নের চলাচলের মাধ্যমে তড়িৎ পরিবাহিত হয় বলে এ পদ্ধতিতে তড়িৎ পরিবহনের সাথে সাথে পদার্থের স্থানান্তর ঘটে থাকে।
৪. উত্তপ্ত অবস্থায় পরিবাহীতে তড়িৎ পরিবহনের ক্ষমতা বৃদ্ধি পায়।
৫. এ জাতীয় পরিবাহীর ক্ষেত্রে ফ্যারাডের সূত্র প্রযোজ্য।
৬. একই আয়ন প্রভাবের ফলে তড়িৎ বিশ্লেষ্যের তড়িৎ বিয়োজন মাত্রা হ্রাস পায়। ফলে তড়িৎ পরিবাহিতা হ্রাস পায়।

© তড়িৎ বিশ্লেষণের ক্ষেত্রে প্রভাব সৃষ্টিকারী নিয়ামকসমূহ : তড়িৎ বিশ্লেষণের ক্ষেত্রে বিশেষ কতগুলো নিয়ামক আছে যা তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়াকে প্রভাবিত করে। নিয়ামকগুলো হলো- ১. দ্রবণের ঘনমাত্রা ২. তড়িৎ দ্বারের প্রকৃতি ৩. তাপমাত্রা।

© তড়িৎ প্রবাহ ও তড়িৎ পরিমাপের ক্ষেত্রে কতগুলো গুরুত্বপূর্ণ ব্যবহারিক পদ :

১. তড়িৎবিশ্লেষ্যের রোধ : কোনো তড়িৎবিশ্লেষ্যের মধ্যে দিয়ে আয়নগুলো প্রবাহিত হওয়ার সময় অর্থাৎ তড়িৎ প্রবাহের সময় তরল তড়িৎবিশ্লেষ্য মাধ্যম আয়নগুলোর গতির বিরুদ্ধে যে আধার সৃষ্টি করে তাকে তড়িৎবিশ্লেষ্যের রোধ বলা হয়। তড়িৎবিশ্লেষ্য পরিবাহীর রোধের একক ওহম।
২. তড়িৎবিশ্লেষ্যের আপেক্ষিক রোধ : যদি কোনো তড়িৎবিশ্লেষ্যের মধ্যে দুটি তড়িৎদ্বার এক একক দূরে থাকে এবং তড়িৎবিশ্লেষ্যের মধ্যে ডুবিয়ে রাখা প্রতিটি তড়িৎদ্বারের ক্ষেত্রফল এক একক হয় তবে একটি নির্দিষ্ট তাপমাত্রায় উক্ত তড়িৎবিশ্লেষ্যের রোধকে আপেক্ষিক রোধ বলা হয়। CGS ও SI উভয় পদ্ধতিতে আপেক্ষিক রোধের একক ওহম।
৩. তড়িৎবিশ্লেষ্যের পরিবাহিতা : কোনো তড়িৎবিশ্লেষ্যের রোধের ব্যস্তানুপাতিক কে ঐ তড়িৎবিশ্লেষ্যের পরিবাহিতা বলা হয়।

তড়িৎবিশ্লেষ্যের রোধ R এবং পরিবাহিতা C হলে, $C = \frac{1}{R}$

পরিবাহিতার একক = $\frac{1}{\text{রোধের একক}}$

CGS পদ্ধতিতে পরিবাহিতার একক হলো ওহম⁻¹ বা ohm⁻¹। আধুনিককালে একে mho দ্বারা প্রকাশ করা হয়। SI পদ্ধতিতে পরিবাহিতার একক হলো সিমেনস। একে S দ্বারা প্রকাশ করা হয়।

$S = 1 \text{ ohm}^{-1} = 1 \text{ mho}$

৪. তড়িৎবিশ্লেষ্যের আপেক্ষিক পরিবাহিতা: কোনো তড়িৎবিশ্লেষ্যের 1 ঘনসেন্টিমিটার আয়তনের পরিবাহিতাকে ঐ তড়িৎবিশ্লেষ্যের আপেক্ষিক পরিবাহিতা বলা হয়। CGS পদ্ধতিতে আপেক্ষিক পরিবাহিতার একক ওহম⁻¹ সেমি¹ বা, ohm⁻¹ cm⁻¹। SI পদ্ধতিতে আপেক্ষিক পরিবাহিতার একক সিমেনস মিটার⁻¹ বা Sm⁻¹।

৫. রাসায়নিক তুল্যাঙ্ক : কোনো তড়িৎবিশ্লেষ্যের মধ্য দিয়ে 1F বা 96500C তড়িৎ প্রবাহিত করার ফলে তড়িৎদ্বারে সঞ্চিত অথবা তড়িৎদ্বার হতে দ্রবণে দ্রবীভূত উপাদান মৌলের পরিমাণই ঐ মৌলের রাসায়নিক তুল্যাঙ্ক। মৌলের যোজনী, মোল ও রাসায়নিক তুল্যাঙ্ক সম্পর্কযুক্ত। রাসায়নিক

তুল্যাঙ্ক, $E = \frac{1.0 \text{ মোল মৌল}}{\text{মৌলের যোজনী}}$

⊙ অবশ্যই মনে রাখবে :

প্রমাণ বিজারণ বিভব সংশ্লিষ্ট উপাদান পদার্থ অথবা পদার্থের আয়নের সহগের ওপর নির্ভরশীল নয়। কোনো বিজারক পদার্থের বিজারণ বিভব যত বেশি হবে, তার বিজারণ ক্ষমতা তত কম হবে। উদাহরণস্বরূপ, Li মৌলটির বিভবের মান সবচেয়ে কম বলে, Li এর বিজারণ ক্ষমতা সবচেয়ে বেশি। বিপরীতভাবে F মৌলটির বিজারণ বিভবের মান সবচেয়ে বেশি বলে, F এর বিজারণ ক্ষমতা সবচেয়ে কম। অর্থাৎ F সবচেয়ে দুর্বল বিজারক। এ কারণে উচ্চ বিজারণ বিভব সম্পন্ন কোনো জারক, নিম্ন বিজারক বিভব সম্পন্ন কোনো বিজারক উপাদানকে জারিত করে থাকে। রূপার তৈরি অলংকার বায়ুর H_2S এর সাথে বেশিদিন থাকলে কালো হয়ে যায়। রূপার ওপর কালো বর্ণের Ag_2S এর আন্তরের সৃষ্টি হয়।

⊙ কতগুলো ধাতুর গ্রাম পারমাণবিক ভর ও ঘনত্বের মান দেওয়া হলো :

ধাতুর নাম	প্রতীক	গ্রাম পারমাণবিক ভর ($g\ mol^{-1}$)	ঘনত্ব ($g\ cm^{-3}$)
অ্যালুমিনিয়াম	Al	26.982	2.70
আয়রন	Fe	55.845	7.87
নিকেল	Ni	58.693	8.903
কপার	Cu	63.546	8.96
জিঙ্ক	Zn	65.38	7.13
সিলভার	Ag	107.87	10.5
গোল্ড	Au	196.97	19.32

মনে রাখবে : বেশ কিছু নিয়ামক তড়িৎদ্বার বিভবের মানকে নিয়ন্ত্রণ করে থাকে। (i) তাপমাত্রা, (ii) ধাতু বা অধাতব তড়িৎদ্বার ও দ্রবণে ঐ ধাতু বা অধাতব আয়নের প্রকৃতির উপর, (iii) দ্রবণে ঐ ধাতব আয়ন বা অধাতব আয়নের ঘনমাত্রার উপর।

⊙ লবণ সেতু : দুটি ভিন্ন অর্ধকোষের সংযোগের ক্ষেত্রে তাদের মধ্যে ইউ (U) আকৃতির কাচের নলের মধ্য KCl , KNO_3 , NH_4NO_3 বা Na_2SO_4 এর 0.1M ঘনমাত্রার দ্রবণ নিয়ে এতে সামান্য পরিমাণ অ্যাগার-অ্যাগার মিশ্রিত করে উত্তপ্ত করার পর দ্রবণটিকে U আকৃতির কাচের নলের মধ্যে ঢেলে দিয়ে শীতল হতে দিলেই দ্রবণটি জেলির মতো জমে যায়।

⊙ নির্দেশক তড়িৎদ্বার :

(ক) প্রাইমারি নির্দেশক তড়িৎদ্বার (খ) সেকেন্ডারি নির্দেশক তড়িৎদ্বার।

(ক) প্রাইমারি নির্দেশক তড়িৎদ্বার : প্রাইমারি নির্দেশক তড়িৎদ্বার হিসেবে হাইড্রোজেন তড়িৎদ্বারকে ব্যবহার করা হয়।

(খ) সেকেন্ডারি নির্দেশক তড়িৎদ্বার : ক্যালোমেল তড়িৎদ্বার, কুইন-হাইড্রোজেন তড়িৎদ্বার, সিলভার-সিলভার ক্লোরাইড তড়িৎদ্বার, গ্রাস তড়িৎদ্বার ইত্যাদি।

• ক্যালোমেল তড়িৎদ্বার : প্রত্যেক ক্ষেত্রে মারকারি (Hg), মারকিউরাস ক্লোরাইড (Hg_2Cl_2) দ্বারা সম্পৃক্ত KCl দ্রবণ সমন্বয়ে গঠিত।

⊙ লেড স্টোরেজ ব্যাটারির সুবিধাসমূহ :

1. প্রাথমিক অবস্থাতেই এটি উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ প্রবাহ প্রদান করে থাকে।
2. এটির নির্মাণ ব্যয় খুব সামান্য এবং স্থানীয়ভাবে প্রস্তুত করা যায়।
3. ব্যাটারি নির্মাণে প্রয়োজনীয় উপকরণ খুবই সহজলভ্য।
4. এটিকে পুনরায় রিচার্জ করা যায়।
5. এ জাতীয় ব্যাটারির অভ্যন্তরীণ রোধ কম।
6. মটর ইঞ্জিনের স্টার্ট দেওয়া ক্ষেত্রে যথেষ্ট উপযোগী। এক্ষেত্রে বেশি শক্তির প্রয়োজন হলে কয়েকটি ব্যাটারিকে সারিবদ্ধভাবে এক সাথে যুক্ত করলে অধিক শক্তি পাওয়া যায়।
7. ইলেকট্রোলাইট যোগ না করলে দীর্ঘ সময় যাবৎ একে সংরক্ষণ করা যায়। ইলেকট্রোলাইট যোগ করে নিম্ন ও উচ্চ তাপমাত্রায় এটি কার্যক্ষম থাকে। এর কার্যকরী দক্ষতা প্রায় 70%।
8. এর উৎকর্ষতা যথেষ্ট ভালো এবং ওভারচার্জিং এর ফলে তেমন কোনো ক্ষতি হয় না।
9. সাময়িকভাবে অল্প কিছুক্ষণের জন্য বিদ্যুৎ বিভ্রাট ঘটলে এ ব্যাটারি সীমিত পরিসরে বিদ্যুৎ সরবরাহ করে থাকে।
10. এর মূল উপাদানসমূহকে রিসাইকেল করা যায়।

⊙ লেড স্টোরেজ ব্যাটারির অসুবিধাসমূহ :

1. লেড স্টোরেজ ব্যাটারির ওজন অস্বাভাবিকভাবে বেশি।
2. খুবই ধীরগতিতে চার্জিত হয়।
3. এ ব্যাটারির কর্মদক্ষতা মাত্রা 70%।
4. তড়িৎ বিশ্লেষ্য যোগ করার সাথে সাথেই ব্যাটারি চার্জিত হয় এবং এটি ক্ষয় হতে থাকে।
5. এটি অতিরিক্ত তাপের সৃষ্টি করে থাকে।
6. এ ব্যাটারির রক্ষণাবেক্ষণ খরচ আছে।
7. উপযুক্ত রক্ষণাবেক্ষণ ও অব্যবস্থাপনার কারণে ব্যাটারির তড়িৎ বিশ্লেষ্য ও লেড ধাতু মারাত্মকভাবে পরিবেশের দূষণ ঘটায়।

৮. লেড স্টোরেজ ব্যাটারির ইলেকট্রোলাইটের সংযুক্তি $64\% \text{H}_2\text{O} + 36\% \text{H}_2\text{SO}_4$ এবং ঘনত্ব $1.2-1.3 \text{ g mL}^{-1}$ এ সংযুক্তি সর্বদা ঠিক রাখার প্রয়োজন পড়ে।

৯. অন্যসব ব্যাটারির মতো অপেক্ষাকৃত ছোট আকারের ব্যাটারি তৈরি করা সম্ভব নয়।

১০. রিচার্জিং এর সময় H_2 গ্যাসের উৎপন্ন হওয়ার সম্ভাবনা থেকে যায় H_2 একটি দাহ্য গ্যাস।

● **লিথিয়াম আয়ন ব্যাটারির সুবিধা :**

১. উচ্চ শক্তির ঘনত্ব যা উচ্চ ধারণ ক্ষমতাসম্পন্ন বিভব সৃষ্টি করে থাকে।
২. প্রাথমিক অবস্থায় দীর্ঘ সময় কোনো চার্জের প্রয়োজন পড়ে না। নিয়মিতভাবে চার্জ দিলেই চলে।
৩. অব্যবহৃত অবস্থায় খুবই দীর্ঘকাল ধরে চার্জ হারায়।
৪. কোনোরূপ অতিরিক্ত রক্ষণাবেক্ষণ খরচের প্রয়োজন পড়ে না।
৫. বিশেষ ধরনের বৈশিষ্ট্যপূর্ণ ব্যাটারি যার সাহায্যে উচ্চ শক্তির বিদ্যুৎ উৎপাদন করা অতি সহজ।

● **লিথিয়াম আয়ন ব্যাটারির অসুবিধাসমূহ :**

১. এ ব্যাটারির কারেন্ট ও ভোল্টেজকে নিরাপদ সীমার মধ্যে রাখতে সুরক্ষা সার্কিটের প্রয়োজন হয়।
২. ব্যাটারি ব্যবহার না করলেও এর আয়ুষ্কাল ধীরে ধীরে হ্রাস পায়।
৩. উৎপাদন খরচ লেড স্টোরেজ ব্যাটারির তুলনায় প্রায় 40% অধিক।
৪. তড়িৎদ্বার ও তড়িৎ বিশ্লেষের স্বতন্ত্রকর্ত পরিবর্তন ঘটে।
৫. বিপুল পরিমাণ ব্যাটারির আমদানির ক্ষেত্রে পরিবহনে সরকারি বাধা বা নিষেধাজ্ঞা থাকে।

● **ফুয়েল সেলের তড়িৎদ্বারের ক্ষেত্রে সবচেয়ে মৌলিক প্রয়োজনীয় দিক :**

১. এ সেলের তড়িৎদ্বারে অবশ্যই উচ্চ মানের ও দীর্ঘস্থায়ী হতে হবে। এক্ষেত্রে টাইটেনিয়াম ধাতুকে ব্যবহার করা হয়ে থাকে এর মধ্যে 0.1% Pd সংযুক্ত থাকে এবং এ ধাতুর উপর Pt-এর পাতলা আবরণ দেওয়া থাকে, যা কিনা প্রভাবক হিসেবে কাজ করে।
২. এ সেলের তড়িৎদ্বারের উচ্চ ধরনের তড়িৎ রাসায়নিক সক্রিয়তা থাকতে হবে। যা কিনা নিম্ন পোলারাইজেশনে উচ্চ বিদ্যুৎ ঘনত্ব প্রদান করতে পারে।

● **অপরপক্ষে ইলেকট্রোলাইটের ক্ষেত্রে প্রয়োজনীয় দিক হলো—**

১. ইলেকট্রোলাইট অবশ্যই উচ্চ আয়নিক পরিবাহিতা এবং স্থায়িত্ব থাকতে হবে।
২. সবসময়ই জ্বালানির ক্ষেত্রে এর সংযুক্তি অবশ্যই অপরিবর্তনীয় থাকবে যখন এর জ্বালানি, অক্সিজেন ও বিক্রিয়ায় উৎপাদের সাথে আন্তঃক্রিয়া ঘটে।
৩. ইলেকট্রোলাইট ও ইলেকট্রোডের কোনো রূপ ক্ষয় ঘটবে না।
৪. ইলেকট্রোলাইটের মধ্যে আয়ন বিনিময়কারী পর্দা থাকতে হবে। এটি সাধারণত পলিস্যারিন সালফোনিক এসিডের তৈরি।

● **ফুয়েল সেলের তড়িৎবিশ্লেষ্য ও জ্বালানির উপর ভিত্তি করে নিম্নলিখিতভাবে ভাগ করা হয়।**

১. ক্ষারীয় ফুয়েল সেল।
২. বিগলিত কার্বনেট ফুয়েল সেল।
৩. ফসফোরিক এসিড ফুয়েল সেল।
৪. কঠিন অক্সাইড ফুয়েল সেল।
৫. মিথানল ফুয়েল সেল।
৬. হাইড্রোক্যার্বন ফুয়েল সেল।

● **ফুয়েল সেলের প্রকারভেদ :**

ফুয়েল সেলে উৎপন্ন তাপমাত্রার পরিসর ও জ্বালানির উপর ভিত্তি করে একে চারভাগে ভাগ করা হয়ে থাকে।

১. নিম্ন তাপমাত্রার ($25-100^\circ\text{C}$) ফুয়েল সেল। যেমন, (i) হাইড্রোজেন-অক্সিজেন ফুয়েল সেল।
২. মধ্যম তাপমাত্রার ($100-500^\circ\text{C}$) ফুয়েল সেল। যেমন, (i) হাইড্রোজেন-অক্সিজেন ফুয়েল সেল, (ii) প্রাকৃতিক গ্যাস-অক্সিজেন ফুয়েল সেল।
৩. উচ্চ তাপমাত্রার ($500-1000^\circ\text{C}$) ফুয়েল সেল। (i) গ্যাসীয় হাইড্রোক্যার্বন-কার্বন মনোক্সাইড, (ii) মিথানল-অক্সিজেন।
৪. অতি উচ্চ তাপমাত্রার ($100-2000^\circ\text{C}$) ফুয়েল সেল। (i) অ্যালকোহল-অক্সিজেন, (ii) বাষ্পীয় দশায় গ্যাসোলিন-অক্সিজেন, (iii) বিউটেন-অক্সিজেন ইত্যাদি।

১. নিম্ন তাপমাত্রার ফুয়েল সেল : হাইড্রোজেন-অক্সিজেন ফুয়েল সেল। হাইড্রোজেন-অক্সিজেন ফুয়েল সেল আবিষ্কৃত ফুয়েল সেলগুলোর মধ্যে প্রথম সেল। এ সেলের নাম থেকেই স্পষ্ট হয় এর জ্বালানি হাইড্রোজেন ও অক্সিজেন। এ সেলের ধনাত্মক তড়িৎদ্বার তৈরি করা হয় গ্রাফাইটের সাহায্যে, তবে এর উপর Ni ধাতুর আন্তরণ থাকে। আর ঋণাত্মক তড়িৎদ্বার তৈরি করা একই গ্রাফাইটের সাহায্যে তবে এর আন্তরণ করা হয় Ni ও NiO দ্বারা। এক্ষেত্রে Ni ও NiO প্রভাবক ভূমিকা পালন করে থাকে। এ উভয় তড়িৎদ্বারকে তড়িৎ বিশ্লেষ্য KOH দ্রবণের মধ্যে ডুবিয়ে রাখা হয়। হাইড্রোজেন গ্যাসকে 50atm চাপে ঋণাত্মক তড়িৎদ্বারে চালনা করা হয়। এ H_2 গ্রাফাইটের সংস্পর্শে এসে ভেঙ্গে যায় এবং দ্রবণের OH^- এর সাথে যুক্ত হয়ে H_2O উৎপন্ন করে থাকে।

২. মধ্যম তাপমাত্রার ফুয়েল সেল : এ জাতীয় ফুয়েল সেলের ক্ষেত্রেও ঋণাত্মক তড়িৎদ্বারে H_2 ও ধনাত্মক তড়িৎদ্বারে O_2 গ্যাস ব্যবহার করা হয়। তবে তড়িৎদ্বার দুটি গ্রাফাইটের পরিবর্তে টাইটেনিয়াম ধাতু দ্বারা নির্মিত হয় এবং এর মধ্যে প্রায় 0.1% Pd ধাতু যুক্ত থাকে।

৩. উচ্চ তাপমাত্রার ফুয়েল সেল : তড়িৎবিশ্লেষ্য হিসেবে KOH এর পরিবর্তে H_2SO_4 কে ব্যবহার করা হয়ে থাকে। প্রোপেন গ্যাস অথবা মিথানল বাষ্পকে ঋণাত্মক তড়িৎদ্বারে 5-10 atm চাপে প্রবেশ করানো হয়।

৪. অতি উচ্চ তাপমাত্রার ফুয়েল সেল : এ জাতীয় ফুয়েল সেলে প্রাকৃতিক গ্যাসকে জলীয় বাষ্পের সাথে মিশ্রিত করে Ni প্রভাবকের উপস্থিতিতে $500-750^\circ\text{C}$ তাপমাত্রায় চালনা করে CO , H_2 , CO_2 উৎপন্ন করা হয়।

© হাইড্রোজেন ফুয়েল সেলের ক্ষেত্রে বেশ কিছু সুবিধা আছে। যেমন-

- এটি একটি অত্যন্ত পরিবেশ বান্ধব কার্যকরী ফুয়েল সেল। এর উপজাত বিতন্ড পানি পরিবেশের কোনরূপ ক্ষতি করে না।
- এটি নবায়নযোগ্য জ্বালানির উৎস।
- হাইড্রোজেন ফুয়েল সেলের দক্ষতা প্রায় 98% পর্যন্ত হতে পারে, যেখানে সাধারণ ইঞ্জিনের দক্ষতা সর্বোচ্চ হয় 40%।
- এ ক্ষেত্রে কোনোরূপ পরিবেশ দূষণ ঘটায় না। কারণ এক্ষেত্রে উৎপন্ন পদার্থ পানি।
- এটি খুবই হালকা।
- উৎপন্ন বিদ্যুতের ঘনত্ব অনেক বেশি।
- এক্ষেত্রে কোনোরূপ শব্দ দূষণ ও তাপীয় দূষণ ঘটে না।
- যান্ত্রিক সুবিধার কারণে মহাশূন্যখানে ব্যবহার করা হয়।
- কোনো প্রকার অসুবিধা সৃষ্টি না করে পৃথক একক সেলসমূহকে সংযুক্ত করে উচ্চ ভোল্টেজ অর্জন করা সম্ভব।

© pH নির্ণয়ের জন্য তড়িচ্চালক বল পদ্ধতি চার প্রকার : 1. হাইড্রোজেন তড়িৎদ্বার 2. কুইনহাইড্রোন তড়িৎদ্বার
3. কাচ তড়িৎদ্বার 4. অক্সিজেন তড়িৎদ্বার

ড. গাজী মোঃ আহসানুল কবীর, ড. মোঃ রবিউল ইসলাম

● তড়িৎ অপরিবাহী : যেসব বস্তু ভেতর দিয়ে তড়িৎ প্রবাহিত হতে পারে না তাদের তড়িৎ অপরিবাহী বলে। সাধারণত সমযোজী বা অপোলার পদার্থসমূহই তড়িৎ পরিবহনে অক্ষম। যেমন— কাঠ, কাঁচ, হীরক, প্রাস্টিক, সিরামিক, রাবার, চিনি, গন্ধক, পেট্রোল, তারপিন তেল ইত্যাদি তড়িৎ অপরিবাহী। তবে কখনও কখনও কোন বস্তুকে বিদ্যুতের হাত থেকে রক্ষা করার জন্য তড়িৎ অপরিবাহী পদার্থকে ব্যবহার করা হয়। এক্ষেত্রে তড়িৎ অপরিবাহী পদার্থকে ইনসুলেটর বলে।

এক নজরে বিভিন্ন ধরনের তড়িৎবিশ্লেষ্য পরিবাহী

তড়িৎ অবিশ্লেষ্য পরিবাহী	মৃদু তড়িৎবিশ্লেষ্য	তীব্র তড়িৎবিশ্লেষ্য
জৈব তরল বা দ্রবণ ↓ পানি	দুর্বল এসিড ও ক্ষার ↓ ইথানয়িক এসিড (CH ₃ COOH) সালফিউরাস এসিড (H ₂ SO ₃) কার্বনিক এসিড (H ₂ CO ₃) অ্যামোনিয়া দ্রবণ (aq) চুনের পানি Ca(OH) ₂	তীব্র এসিড, ক্ষার এবং লবণের দ্রবণ বা গলিত রূপ ↓
ইথানল(CH ₃ CH ₂ OH) কার্বন টেট্রাক্লোরাইড (CCl ₄) ক্লোরোফর্ম (CHCl ₃) সুগার দ্রবণ (C ₁₂ H ₂₂ O ₁₁) গলিত সালফার, কাঠ, রাবার	RCOOH NH ₄ OH H ₂ S	NaCl (গলিত) NaCl (জলীয়) HCl (জলীয়) H ₂ SO ₄ (জলীয়) HNO ₃ (জলীয়) NaOH (জলীয়) KOH (জলীয়) CuSO ₄ (জলীয়)

বিভিন্ন তড়িৎ বিশ্লেষ্য পদার্থের তড়িৎ বিশ্লেষণে প্রাপ্ত উৎপাদ :

তড়িৎবিশ্লেষ্য	ক্যাথোড উৎপাদ	অ্যানোড উৎপাদ
NaCl (গলিত)	Na	Cl ₂
PbCl ₂ (গলিত)	Pb	Cl ₂
NaCl (aq)	H ₂	Cl ₂
KI (aq)	H ₂	I ₂
MgBr ₂ (aq)	H ₂	Br ₂
H ₂ SO ₄ (aq)	H ₂	O ₂
KNO ₃ (aq)	H ₂	O ₂
NaOH (aq)	H ₂	O ₂
CuSO ₄ (aq)	Cu	O ₂

● তড়িৎবিশ্লেষণ প্রক্রিয়ার প্রয়োগ (Applications of electrolysis) :

- পারদের ক্যাথোড কোষে সোডিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণ থেকে তড়িৎবিশ্লেষণ পদ্ধতিতে সোডিয়াম হাইড্রোক্সাইডের উৎপাদন।
- গলিত সোডিয়াম ক্লোরাইডের লবণ থেকে তড়িৎ বিশ্লেষণ পদ্ধতিতে ধাতুর নিষ্কাশন (ডাউনের পদ্ধতি)।
- জলীয় সোডিয়াম ক্লোরাইডের দ্রবণকে তড়িৎ বিশ্লেষণ করে সোডিয়াম ক্লোরেট ও Na₂CO₃ প্রস্তুতি।
- বক্সাইট থেকে তড়িৎ বিশ্লেষণের সাহায্যে অ্যালুমিনিয়াম নিষ্কাশন।

- অ্যালুমিনিয়ামের অ্যানোডিক জারণ ও অ্যালুমিনিয়াম ধাতুর রক্ষণকরণ।
- অপরিশোধিত তামাকে অ্যানোড হিসেবে ব্যবহার করে তামা বিশুদ্ধকরণ।
- তড়িৎপ্রলেপন বিশেষ করে ক্রোমিয়াম বা নিকেল প্রলেপ প্রয়োগ।
- ম্যাগনেশিয়াম ও ক্যালসিয়াম নিষ্কাশন।

● **অপরিশোধিত ধাতুর (তামার) বিশুদ্ধকরণ :**

আকরিক থেকে নিষ্কাশিত অবিশুদ্ধ কপারের নাম ব্লিস্টার কপার। এতে 97-98% কপার এবং অপদ্রব্য হিসেবে Zn, Fe, Ag, Au, Pt প্রভৃতি ধাতু থাকে।
অভিজাত ধাতু যেমন : সোনা, প্রাটিনাম ইত্যাদি দ্রবণে দ্রবীভূত হয় না। এ প্রক্রিয়ায় ক্যাথোডে 99.95% বিশুদ্ধ তামা পাওয়া যায়।

● **তড়িৎ প্রলেপন (Electroplating) :**

লৌহ বা কপারের তৈরী বস্তুর উপরে নিকেল বা ক্রোমিয়াম ধাতুর প্রলেপন দিতে তার লবণের দ্রবণে ধাতুটির একটি তৈরী দণ্ডকে নিমজ্জিত করে ব্যাটারীর অ্যানোডের সঙ্গে সংযোগ দেওয়া হয়।
অ্যানোডাইজ করা অনেক তৈজস পত্র যেমন : জগ, গ্রাস, চামচ এবং চেউটিন ইত্যাদি বিভিন্ন ক্ষয়রোধী ধাতু দ্বারা প্রলেপিত।

ঋণাত্মক আয়ন	বিক্রিয়া	জারণ প্রবণতার ক্রম
NO ₃ ⁻	NO ₃ ⁻ → NO ₂ + $\frac{1}{2}$ O ₂ + e ⁻	— জারণ প্রবণতা বৃদ্ধি —
SO ₄ ²⁻	SO ₄ ²⁻ → SO ₂ + O ₂ + 2e ⁻	
Cl ⁻	Cl ⁻ → $\frac{1}{2}$ Cl ₂ + e ⁻	
I ⁻	I ⁻ → $\frac{1}{2}$ I ₂ + e ⁻	
OH ⁻	2OH ⁻ → H ₂ O + $\frac{1}{2}$ O ₂ + 2e ⁻	

● ধাতুর ক্ষয় যান্ত্রিক ও রাসায়নিক দু'ভাবেই হতে পারে। যান্ত্রিক পদ্ধতিতে ধাতুর যে ক্ষয় হয় তাকে এরোসান এবং ধাতুর সঙ্গে পরিবেশে উপস্থিত বস্তুসমূহের রাসায়নিক বিক্রিয়ার সাহায্যে ধাতুর ক্ষয় বা করোসান ঘটে থাকে।

● **গ্যালভানিক কোষ বা ভোল্টার কোষ :**

এ কোষে রাসায়নিক বিক্রিয়ার ফলে ইলেকট্রন উৎপন্ন হয়। যদিও ইলেকট্রন প্রবাহের ফলেই তড়িৎ প্রবাহ সৃষ্টি হয়, তবুও যে দিকে ইলেকট্রন প্রবাহিত হয়, তড়িৎ প্রবাহ ঠিক তার বিপরীত দিকে ঘটে। অর্থাৎ রাসায়নিক শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়।

● **লেড স্টোরেজ সেল :**

— দুটি তড়িৎদ্বারই লেডের তৈরি। উভয় তড়িৎদ্বার সালফিউরিক এসিডের দ্রবণে ডুবানো থাকে।

— তড়িৎ চালক বল (emf) প্রায় 2.0 ভোল্ট। গাড়িতে ব্যবহৃত ব্যাটারিতে এ ধরনের 6 টি কোষ সারিবদ্ধভাবে সংযোজন করে 12 ভোল্ট ব্যাটারি তৈরী করা হয়।

— H₂SO₄ এর আপেক্ষিক গুরুত্ব 1.2 থাকতে হয়। ব্যাটারীতে বিশুদ্ধ পানি যোগ করে H₂SO₄ দ্রবণের ঘনত্ব 1.2 এ ঠিক রাখতে হয়।

● **লেড স্টোরেজ সেল এবং লিথিয়াম আয়ন ব্যাটারির তুলনা :**

সুবিধা :

1. উভয় কোষ রিচার্জেবল হলেও লিথিয়াম আয়ন ব্যাটারির পুনঃসঞ্চয় দক্ষতা বেশি। এ কারণে বাণিজ্যিকভাবে লেড স্টোরেজ সেলের বিকল্প হিসেবে এর ব্যবহার বাড়ছে।
2. লেড স্টোরেজ সেল এর তড়িৎদ্বার হিসেবে ভারি লেড প্রোটের পরিবর্তে LIB তে হালকা Li/C অ্যানোড এবং লিথিয়াম আয়নের ফসফেট ক্যাথোড ব্যবহৃত হয়। এছাড়া লেড স্টোরেজ সেল-এ H₂SO₄ তড়িৎবিশ্লেষের পরিবর্তে LIB-তে অনেক কম ঝুঁকিপূর্ণ জৈব দ্রাবকে Li-যোগ ব্যবহার করা হয়।
3. ভারী লেড স্টোরেজ সেল এর তুলনায় হালকা LIB অনেক সহজে বহন করা যায়।
4. লিথিয়াম আয়ন ব্যাটারিতে তাপমাত্রা সেপার, ভোল্টেজ কন্ট্রোলার, রেগুলেটর সার্কিট, ভোল্টেজ ট্যাপ, ব্যাটারির চার্জ মনিটর ইত্যাদি সুবিধাজনক উপাদানসমূহ যুক্ত থাকায় লেড স্টোরেজ সেল অপেক্ষা LIB এর ব্যবহার উপযোগিতা অনেক বেশি।
5. বিভিন্ন ব্যবহার ক্ষেত্রের জন্য বাণিজ্যিকভাবে বিভিন্ন ধরনের সুবিধাজনক LIB বাজারজাত করা হয়েছে। যেমন- ল্যাপটপের জন্য ছোট সিলিন্ডার আকৃতির, আবার সেলফোন এর ব্যবহার উপযোগী ফ্ল্যাট pouch, যানবাহনের জন্য প্রাস্টিক কেস-এ Prismatic cell বাজারজাত করা হয়েছে। লেড স্টোরেজ সেল এর এমন ক্ষেত্র উপযোগী সুবিধাজনক কোন format নেই।
6. লিথিয়াম আয়ন ব্যাটারিতে অ্যানোড ও ক্যাথোড গঠনে নানা ধরনের রাসায়নিক উপাদান ব্যবহারের সুযোগ আছে বলে এদের ভোল্টেজ রেঞ্জও যথেষ্ট বিস্তৃত।
7. লেড বা ক্যাডমিয়াম বিষক্রিয়ায়ুক্ত হলেও LIB এর কোন উপাদান বিষক্রিয়ায়ুক্ত নয় বলে LIB অনেক পরিবেশবান্ধব।
8. ন্যানো টেকনোলোজির মাধ্যমে গ্রাফাইট অ্যানোডের পরিবর্তে ইলেকট্রোপ্রোটেক্ট টিন অ্যানোড ব্যবহার করে LIB এর কার্যদক্ষতা তিনগুণ বৃদ্ধি করা সম্ভব হয়েছে।
9. লেড স্টোরেজ সেল এর অভ্যন্তরীণ রেজিস্ট্যান্স খুবই নিম্ন। তাই এ সেল থেকে গুরুত্বই উচ্চ তড়িৎশক্তি পাওয়া যায়। ফলে মোটর গাড়িতে এ সেল ব্যবহৃত হলে মোটর গাড়ির ইঞ্জিন সহজে স্টার্ট নেয়।

অসুবিধা : লিথিয়াম আয়ন ব্যাটারির বেশ কিছু অসুবিধাও রয়েছে। যেমন-

১. LIB তে ব্যবহৃত তড়িৎবিশেষ্য পদার্থ জৈব দ্রবক যা এক প্রকার দাহ্য পদার্থ। ফলে উচ্চ চাপে ব্যাটারির ভেতর থাকা অবস্থায় কখনও কখনও এটিতে বিপদের ঝুঁকি থাকতে পারে। দুর্ঘটনার কিছু রিপোর্টও আছে।
২. বিতড়ক লিথিয়াম উচ্চ ক্রিয়াশীল। পানির উপস্থিতিতে তীব্র বিক্রিয়ায় LiOH এবং H₂ গ্যাস তৈরি করতে পারে যা বিপদজনক।
৩. Ni-Cd রিচার্জেবল ব্যাটারির তুলনায় LIB এর দাম বেশি।

৩. হাইড্রোজেন ফুয়েল সেল এর সুবিধা :

১. জ্বালানী সরবরাহ অক্ষুণ্ণ রাখলে এ ধরনের ফুয়েল সেল থেকে অবিরামভাবে তড়িৎপ্রবাহ পাওয়া যায়।
২. পানি উৎপন্ন হয় বলে মহাশূন্যে নভোচারীদের পানীয় জলের চাহিদাও এ থেকে মেটানো যায়।
৩. যানবাহনে বিকল্প শক্তির উৎস হিসেবেও এ সেল ব্যবহার করা যেতে পারে।
৪. এ ফুয়েল সেল বেশ উচ্চ দক্ষতাবিশিষ্ট। এ সেল-এ ব্যবহৃত জ্বালানীর প্রায় ৭০% রাসায়নিক শক্তি তড়িৎশক্তিতে রূপান্তরিত হয়। অথচ একটি আধুনিক 'পাওয়ার প্ল্যান্ট' এ রাসায়নিক শক্তির সর্বোচ্চ ৪৫% তড়িৎশক্তিতে রূপান্তর করা যায়।
৫. এ ফুয়েল সেল দূষণমুক্ত ও পরিবেশবান্ধব। যেখানে প্রতি 1000 KW-h বিদ্যুৎ উৎপাদনের জন্য সাধারণ জ্বালানীভিত্তিক পাওয়ার প্ল্যান্টে 25 পাউন্ড দূষক নির্গত হয় সেক্ষেত্রে H₂ এর উৎস হিসেবে প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে ফুয়েল সেল পাওয়ার প্ল্যান্টে মাত্র 1.0 আউন্স দূষক নির্গত হয়।
৬. একটি ফুয়েল সেল এর বিভব 1.23v হলেও একাধিক ফুয়েল সেলকে সিরিজ-এ সংযোগ করে উচ্চ বিভব পাওয়া যেতে পারে যার নাম Fuel cell Stacks.
৭. হাইড্রোজেন ফুয়েল সেল হালকা এবং এর পৃথক কোন যন্ত্রাংশ সংযোজনের প্রয়োজন নেই বলে এটি সহজে একস্থান থেকে অন্যস্থানে বহন করা যায়।



বিডি নিয়োগ.কম

অন্যান্য লেখকের অনুশীলনীর MCQ:

মাহবুব হাসান লিংকন, ড. মো: আব্দুল করিম, মো: নুরুল ইসলাম

- মুদ্র ইলেকট্রোলাইট কোনটি?
 - HNO₃
 - NaOH
 - HCl
 - NH₄OH*
 - জিংক সালফেট দ্রবণে 1.0 C চার্জ প্রবাহিত করলে অ্যানোডে দ্রবীভূত জিংক এর পরিমাণ কত?
 - 32.7 g
 - 34.7 g
 - 0.000338 g*
 - 0.0000338 g
 - নিচের কোন তড়িৎদ্বারটির উপাদান সবচেয়ে সহজে ইলেকট্রন ত্যাগ করতে পারে?
 - Zn*
 - Hg
 - Cl
 - Br
 - নিচের কোনটি তড়িৎ বিশ্লেষণ পদার্থ?
 - CCl₄
 - C₁₂H₂₂O₁₁
 - H₂O(H⁺)*
 - C₂H₅OH
 - নিচের কোনটি লঘু H₂SO₄ হতে হাইড্রোজেন বিমুক্ত করতে পারে?
 - Pb*
 - Hg
 - Cu
 - Ag
 - নিচের কোনটি সবার আগে চার্জমুক্ত হবে?
 - K⁺
 - Ag⁺
 - Cu⁺
 - Au³⁺*
 - Zn এবং Cu এর প্রমাণ বিজারণ বিভব যথাক্রমে -0.76V এবং +0.34V। Cu + Zn²⁺ ⇌ Zn বিক্রিয়ায় E⁰cell এর মান কত?
 - 0.101 V
 - 1.01 V
 - +0.101 V
 - +1.1 V*
 - সমভরে নিচের কোনটির চার্জ ধরে রাখার ক্ষমতা বেশি?
 - Li
 - Na
 - K
 - Rb*
 - এসিড মিশ্রিত পর্যাপ্ত পানির ভেতর দিয়ে 2F বিদ্যুৎ চালনা করলে কত গ্রাম হাইড্রোজেন গ্যাস ক্যাথোডে বিমুক্ত হবে?
 - 0.5g
 - 1g
 - 2g*
 - 4g
 - Al এর তড়িৎ রাসায়নিক তুল্যাক্ষ কত?
 - 9.3×10⁻⁵gc⁻¹ *
 - 9.3×10⁻⁴gc⁻¹
 - 9.3×10⁻²gc⁻¹
 - 9.3×10⁻²gc⁻¹
 - বিগলিত NaCl, MgCl₂, AlCl₃ এবং SnCl₄ এর ভেতর দিয়ে IF তড়িৎ চালনা করলে ক্যাথোডে নিচের কোন ধাতুর অধিক মোলসংখ্যা জমা হবে?
 - Na *
 - Mg
 - Al
 - Sn
 - CuSO₄ জলীয় দ্রবণে 10 মিনিট ধরে 0.5A তড়িৎ চালনা করলে ক্যাথোডে কয় পরমাণু কপার জমা হবে?
 - 9.35×10²⁰টি*
 - 9.35×10²¹টি
 - 9.35×10²²টি
 - 9.35×10²³টি
 - লিথিয়াম ব্যাটারি চার্জের সময় কোবাল্ট এর জারণমান +৩ হতে কত হয়?
 - +1
 - +2
 - +4*
 - +6
 - কোন ধাতবযুগলের সমন্বয়ে গঠিত কোষে সর্বাধিক তড়িৎ পাওয়া যাবে?
 - Zn এবং Cu
 - Zn এবং Ag
 - Zn এবং Al
 - Ag এবং Al*
 - এক মোল বিগলিত Al₂O₃ এর ভেতর দিয়ে কত ফ্যারাডে তড়িৎ চালনা করলে সম্পূর্ণরূপে ধাতব পদার্থ ক্যাথোডে সঞ্চিত হবে?
 - 1F
 - 3F
 - 4F
 - 6F*
 - নিচের কোনটি জলীয় দ্রবণের তড়িৎ পরিবাহিতা সবচেয়ে বেশি?
 - AgF(aq)
 - AgCl(aq)
 - AgBr(aq)
 - AgI*
- ড. সরোজ কান্তি সিংহ হাজারী ও অধ্যাপক হারাধন নাগ
- নিচের কোন তড়িৎদ্বার জারণ প্রক্রিয়া বোঝায়?
 - Zn²⁺/Zn
 - Zn/Zn²⁺*
 - Cu²⁺/Cu
 - H⁺/H₂, Pt
 - নিচের কোন তড়িৎদ্বার বিজারণ-প্রক্রিয়া বোঝায়?
 - Fe/Fe²⁺
 - Cu²⁺/Cu*
 - Zn/Zn²⁺
 - Pt.H₂/H⁺
 - A, B, C, D ধাতুসমূহের প্রমাণ বিজারণ বিভব হলো যথাক্রমে -3.05V, -1.66V, 0.40V ও 0.80V। এদের কোনটি অধিক সর্বল বিজারক হবে?
 - A *
 - B
 - C
 - D
 - Pt, H₂/H⁺ অর্ধকোষটি কী প্রকারের অর্ধকোষ হবে?
 - অধাতব অর্ধকোষ
 - গ্যাস অর্ধকোষ *
 - জারণ অর্ধকোষ
 - জারণ-বিজারণ অর্ধকোষ
- ড. মোঃ মনিমুল হক, ড. মোহাম্মদ আবু ইউসুফ, আনিকা অনি
- নিচের কোন ক্ষেত্রে বিদ্যুৎ ইলেকট্রন চলাচলে মাধ্যমে প্রবাহিত হয়?
 - গ্রাফাইট
 - গলিত লবণ
 - অক্সালিক এসিডের জলীয় দ্রবণ
 - A ও B*
 - তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়ায় জারণ বিক্রিয়া কোথায় ঘটে?
 - জলীয় দ্রবণে
 - ক্যাথোডে
 - অ্যানোডে *
 - অক্সিডেডে যে কোন স্থানে ঘটতে পারে
 - তড়িৎ পরিবাহিতার আধুনিক সূত্রের প্রবর্তক কে?
 - থোমাস
 - ফ্যারাডে
 - লেগসিয়াস
 - আরহেনিয়াস*
 - বিদ্যুৎ এর একক কোনটি?
 - কুলম্ব
 - অ্যাম্পায়ার
 - ভোল্ট
 - ফ্যারাডে*

প্রফেসর ড. মোহাম্মদ জয়নাল আবেদীন, প্রফেসর সায়েন উদ্দীন আহমেদ, প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান, মো. আব্দুল মান্নান

1. তড়িৎ পরিবাহী পদার্থকে কয়টি ভাগে ভাগ করা যায়?
A) ২টি* B) ৩টি
C) ৪টি D) ৫টি
2. নিচের কোনটি পরিবাহী পদার্থ?
A) তামা* B) কাঠ
C) রাবার D) কাচ

অলিউল্লাহ মো. আজমতগীর, ড. মো. ইকবাল হোসেন

1. 1M Na₂SO₄ এর তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে নিচের কোনটি উৎপন্ন হবে?
A) O₂ B) H₂*
C) H₂SO₃ D) S₂O₈²⁻
2. নিচের কোনটি জারক ও বিজারক উভয় ধর্ম প্রদর্শন করতে সক্ষম?
A) H⁺ B) Na⁺
C) Sn²⁺* D) MnO₄⁻
3. একটি তড়িৎ রাসায়নিক কোষ চালনায় লবণ সেতুর ভূমিকা কোনটি?
A) আর্দ্রবিশ্লেষণ সংঘটন করা
B) অ-স্বতঃস্ফূর্ত বিক্রিয়া ঘটানো
C) কোষের মধ্যে আয়ন চলাচলের সুযোগ সৃষ্টি করা*
D) ক্যাথোড থেকে অ্যানোডে ইলেকট্রন স্থানান্তর করা

স্বপন কুমার মিস্ত্রী

1. সোডিয়াম ক্লোরাইডের (NaCl) এর জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণে কী উৎপন্ন হয়?
A) Na ক্যাথোডে এবং Cl₂ অ্যানোডে*
B) H₂ ক্যাথোডে এবং Cl₂ অ্যানোডে
C) H₂ ক্যাথোডে এবং O₂ অ্যানোডে
D) Na ক্যাথোডে এবং O₂ অ্যানোডে
2. এক কুলম্ব আধান কতটি ইলেকট্রন বহন করে?
A) 6.02×10²¹ B) 6.24×10¹⁸*
C) 6.21×10¹⁵ D) 6.02×10¹⁰

সঞ্জিত কুমার গুহ

1. যে তড়িৎদ্বার দিয়ে ইলেকট্রন দ্রবণে প্রবেশ করে তাকে কী বলা হয়?
A) অ্যানোড B) ক্যাথোড*
C) ধনাত্মক তড়িৎদ্বার D) পরিবাহী তড়িৎদ্বার
2. ফ্যারাডের সূত্র প্রযোজ্য হয় না—
A) দ্রবণের ঘনমাত্রা বিভিন্ন হলে
B) দ্রবণের তাপমাত্রা বৃদ্ধি পেলে
C) একই মৌলের বিভিন্ন আয়নিক অবস্থা দ্রবণের ক্ষেত্রে
D) একই সাথে একাধিক জারণ-বিজারণ ঘটলে*

ড. জয়নুল আবেদীন সিদ্দিকী, মোহাম্মদ তোফায়েল আহাম্মদ,
ড. মোহাম্মদ রেয়াজুল, ড. এস এম আফজল হোসেন

1. নিচের কোনটি তড়িৎ পরিবাহী?
A) কঠিন NaCl B) সালফার
C) Fe₂O₃ দ্রবণ D) ডিজেল

2. লবণ সেতুতে নিচের কোনটি ব্যবহার করা যাবে?
A) কঠিন NaCl B) ঘন NaCl এর দ্রবণ
C) HNO₃ দ্রবণ D) ঘন H₂SO₄ এর দ্রবণ*
ড. মোঃ মহসীন হোসেন, সুবীর চৌধুরী, জ্যোতির্ময় মুখার্জী
1. ইলেকট্রনীয় পরিবাহী কোনটি?
A) FeSO₄ B) NaCl
C) CuSO₄ D) Pt*
2. ফ্যারাডের প্রথম সূত্রের গাণিতিক প্রকাশ নিচের কোনটি?
A) W α I B) W α Q *
C) W α Z D) W α ZI

প্রফেসর ড. সুভাষ চন্দ্র পাল, বি.এম. মহীবুর রহমান,
বিমলেন্দু ভৌমিক, সৈয়দ আনোয়ার হোসেন

1. গলিত CaCl₂ হতে 60g Ca জমা করতে 5 amp বিদ্যুৎ কত ঘণ্টা চালনা করতে হবে?
A) 27 B) 8.3
C) 11 D) 16*
2. 1.0g Al পেতে হলে কত ফ্যারাডে বিদ্যুৎ লাগে?
A) 1.0 B) 1.5
C) 3.0 D) 0.111*

বিডি নিয়োগ.কম

Home Practice-24

✧ ৪.১ তড়িৎ পরিবাহী ও এর প্রকারভেদ

১. তড়িৎ পরিবাহীকে কত শ্রেণিতে ভাগ করা হয়?
A) ২ B) ৩
C) ৪ D) ৫
২. তড়িৎ অপরিবাহীর অপর নাম কি?
A) কন্ডাক্টর B) ইনসুলেটর
C) সেমিকন্ডাক্টর D) কোনটিই নয়
৩. সন্ধি তাপমাত্রার সাথে সম্পর্কিত কোনটি?
A) তড়িৎ অপরিবাহী B) অর্ধপরিবাহী
C) সুপার কন্ডাক্টর D) ইলেকট্রনীয় পরিবাহী
৪. কপার কি ধরনের পরিবাহী?
A) তড়িৎ সুপরিবাহী B) অর্ধপরিবাহী
C) তড়িৎ অপরিবাহী D) সুপার কন্ডাক্টর
৫. অর্ধপরিবাহীর উদাহরণ কোনটি?
A) সিলিকন B) কপার
C) জিংক D) আয়রন
৬. সিলিকন (Si) ও জার্মেনিয়াম (Ge) হলো-
A) সেমিকন্ডাক্টর B) সুপার কন্ডাক্টর
C) কন্ডাক্টর D) তড়িৎ অপরিবাহী
৭. Nb₃Ge এর সন্ধি তাপমাত্রা (Tc) হলো-
A) 23.2K B) 90K
C) 22.3K D) 24K
৮. তড়িৎ বিশ্লেষ্য কতটি শ্রেণিতে বিভক্ত?
A) ২ B) ৩
C) ৪ D) ৫
৯. দুর্বল তড়িৎ বিশ্লেষ্য জলীয় দ্রবণে কত % আয়নিত হয়?
A) 1-10% B) 70-100%
C) 10-20% D) 1-15%
১০. চিনির দ্রবণ হলো-
A) তড়িৎ অবিশ্লেষ্য B) সবল তড়িৎ বিশ্লেষ্য
C) দুর্বল তড়িৎ বিশ্লেষ্য D) কোনটিই নয়
১১. অ্যালকোহল হলো-
A) তড়িৎ বিশ্লেষ্য B) ইলেকট্রনীয় পরিবাহী
C) তড়িৎ অবিশ্লেষ্য D) সুপার কন্ডাক্টর
১২. নিচের কোনটি তরল ধাতু হলেও তড়িৎ পরিবাহী?
A) পারদ B) আয়রন
C) তামা D) পানি
১৩. নিচের কোনটি সত্য?
A) গ্রাফাইটে সঞ্চারণশীল e⁻ থাকে
B) কঠিন আয়নিক যৌগ তড়িৎ পরিবাহী
C) NaCl এর জলীয় দ্রবন 50-60% আয়নিত হয়
D) তড়িৎ বিশ্লেষ্য দুই প্রকার

✧ ৪.১.১ ধাতব বা ইলেকট্রনীয় পরিবাহী ও তড়িৎ বিশ্লেষ্য পরিবাহীর মধ্যে পার্থক্য

১৪. তাপমাত্রা বৃদ্ধির সাথে ধাতব পরিবাহীর পরিবহন ক্ষমতা-
A) বৃদ্ধি পায় B) হ্রাস পায়
C) অপরিবর্তিত থাকে D) কোনটিই নয়
১৫. ধাতব পরিবাহীর ক্ষেত্রে কোন সূত্র প্রযোজ্য-
A) ফ্যারাডের সূত্র B) চার্লসের সূত্র
C) বোরের সূত্র D) কুলম্বের সূত্র

✧ ৪.২ তড়িৎ বিশ্লেষ্যের পরিবাহিতার

১৬. SI পদ্ধতিতে পরিবাহিতার একক কি?
A) সিমনস B) অ্যাম্পিয়ার
C) ওহম⁻¹ D) কুলম্ব

✧ ৪.২.১ তড়িৎ বিশ্লেষ্যের পরিবাহিতার প্রকারভেদ

১৭. তড়িৎ বিশ্লেষ্যের পরিবাহিতা কত প্রকার?
A) ২ B) ৩
C) ৪ D) ৫
১৮. CGS পদ্ধতিতে তুল্য পরিবাহিতার একক কোনটি?
A) Ohm⁻¹.Cm²(g.eqv)⁻¹
B) Sm⁻¹. (g.eqv)⁻¹
C) Ohm⁻¹.Cm²mol⁻¹
D) Ohm⁻¹.(g.eqv)⁻¹
১৯. SI পদ্ধতিতে তুল্য পরিবাহিতার একক কী?
A) Sm²(g.eqv)⁻¹ B) ohm⁻¹s⁻¹
C) ohm⁻¹cm²mol⁻¹ D) ohm⁻¹cm²

✧ ৪.২.৩ পরিবাহিতা নির্ণয়ে ব্যবহৃত পরিবাহিতা কোষ ও কোষ

২০. SI এককে কোষ ধ্রুবকের একক কোনটি?
A) m⁻² B) Cm⁻¹
C) m⁻¹ D) Cm⁻²

✧ ৪.৩ বিভিন্ন দ্রবণের পরিবাহিতার পার্থক্য

২১. KCl হলো-
A) দুর্বল তড়িৎ বিশ্লেষ্য B) তড়িৎ অবিশ্লেষ্য
C) সবল তড়িৎ বিশ্লেষ্য D) কোনটিই নয়
২২. H₂SO₄ হলো-
A) দুর্বল তড়িৎ বিশ্লেষ্য B) তড়িৎ অবিশ্লেষ্য
C) সবল তড়িৎ বিশ্লেষ্য D) কোনটিই নয়
২৩. সবল তড়িৎ বিশ্লেষ্য নয় কোনটি?
A) NaCl দ্রবণ B) KCl দ্রবণ
C) HCl দ্রবণ D) HF দ্রবণ
২৪. সবল তড়িৎ বিশ্লেষ্য নয় কোনটি?
A) HClO₄ এসিড B) NaOH ক্ষার দ্রবণ
C) KOH ক্ষার দ্রবণ D) বিশুদ্ধ পানি
২৫. দুর্বল তড়িৎ বিশ্লেষ্য নয় কোনটি?
A) CH₃COOH দ্রবণ B) H₂SO₄
C) HF দ্রবণ D) H₃PO₄ দ্রবণ
২৬. নিম্নের কোনটি তড়িৎ অবিশ্লেষ্য?
A) C₁₂H₂₂O₁₁ B) HF দ্রবণ
C) H₂SO₄ D) HCl

✱ 8.৩.১ তড়িৎ বিশ্লেষণে ব্যবহৃত পদ ও তাদের একক

27. তড়িৎ প্রবাহের একক কি?

- A) কুলম্ব B) অ্যাম্পিয়ার
C) ভোল্ট D) ওহম

28. তড়িৎ পরিমাণের ক্ষুদ্রতম একক কোনটি?

- A) ভোল্ট B) অ্যাম্পিয়ার
C) সিমেন্স D) কুলম্ব

29. 1 ফ্যারাডে সমান কত?

- A) 965000C B) 95600C
C) 96500C D) 97, 600C

